রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ২৯, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূসক আইন ও বিধি শাখা ]

নথি নং ১২(৮) মূসক নীতি ও বাজেট/২০১০(অংশ-৪)/৫৩০ তারিখঃ ২৮-০৮-২০১২ খ্রিঃ

## মূল্য সংযোজন কর আইন, ১৯৯১

(১৯৯১ সনের ২২ নং আইন)

[ ৩০ জুন, ২০১২ পর্যন্ত হালনাগাদকৃত ]

**পণ্য ও সেবার ওপর মূল্য সংযোজন কর আরোপের বিধানকরণকল্পে প্রণীত আইন।**

যেহেতু মূল্য সংযোজন কর আরোপ করার উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:



মূল্য ঃ টাকা ৭০.০০

১। সংক্ষিপ্ত শিরোনামা [১][*] ও প্রবর্তন।—(১) এই আইন মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ নামে অভিহিত হইবে।

(২) এই আইনের—

(ক) ধারা ১৫, ১৬, ১৭, ১৮, ২০, ২১, ২২ এবং ৭২ ২রা জুন, ১৯৯১ ইং মোতাবেক ১৮ই জ্যৈষ্ঠ, ১৩৯৮ বাং তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) উপরে উল্লিখিত ধারাসমূহ ব্যতীত অন্যান্য ধারাসমূহ ১লা জুলাই, ১৯৯১ইং মোতাবেক ১৬ই আষাঢ়, ১৩৯৮ বাং তারিখে বলবৎ হইবে।

২। সংজ্ঞা।— [২][বিষয় বা প্রসংগের] পরিপন্থী কিছু না থাকিলে, এই আইনে—

(ক) **"অব্যাহতিপ্রাপ্ত"** অর্থ এই আইনের অধীন মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্য ও সেবা;

(খ) **"উৎপাদ কর"** (output tax) অর্থ এই আইনের অধীন আরোপিত মূল্য সংযোজন কর; [৩][*]

[৪][(গ) **"উপকরণ"** (input) অর্থ,

(অ) শ্রম, ভূমি, ইমারত, অফিস যন্ত্রপাতি ও যানবাহন ব্যতিরেকে, সকল প্রকার কাঁচামাল, [৫][ল্যাবরেটরি রিএজেন্ট, ল্যাবরেটরি ইকুইপমেন্ট, ল্যাবরেটরি এক্সেসরিজ] [৬][যে কোন গ্যাস, জ্বালানী হিসাবে ব্যবহৃত যে কোন পদার্থ, মোড়ক সামগ্রী], সেবা এবং যন্ত্রপাতি ও যন্ত্রাংশ;

(আ) ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে, বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্য];

[৭][(ঘ) **"উপকরণ কর"** (input tax) অর্থে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক আমদানিকৃত বা তৎকর্তৃক অন্য কোন নিবন্ধিত ব্যক্তির নিকট হইতে ক্রীত উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর এবং আমদানিকৃত উপকরণের উপর আমদানি পর্যায়ে [৮][অগ্রিম আদায়কৃত] মূল্য সংযোজন করও ইহার অন্তর্ভুক্ত হইবে;]

[৯][(ঘঘ) বিলুপ্ত]

[১০][(ঘঘঘ) **"কর"** অর্থ সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার ক্ষেত্রে প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক এবং ধারা ১৩-তে বর্ণিত ক্ষেত্রসমূহে উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, আমদানী শুল্ক, আবগারী শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও করও (আগাম আয়কর ব্যতীত) ইহার অন্তর্ভুক্ত হইবে;]

(ঙ) **"কর মেয়াদ"** অর্থ এক মাসের মেয়াদ অথবা সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে নির্ধারণ করিতে পারে এইরূপ কোন মেয়াদ;

(চ) **"করযোগ্য পণ্য"** অর্থ প্রথম তফসিলের অন্তর্ভুক্ত নহে এইরূপ কোন পণ্য;

---

[১] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) দ্বারা উপান্ত টীকার ",প্রয়োগ" কমা ও শব্দ বিলুপ্ত।

[২] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (২) এর দফা (ক) দ্বারা "বিষয় এবং প্রসঙ্গের" শব্দগুলির পরিবর্তে "বিষয় বা প্রসঙ্গের" শব্দগুলি প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (২) এর দফা (খ) দ্বারা "বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক" শব্দগুলি ও কমাগুলি বিলুপ্ত।

[৪] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১) এর দফা (ক) দ্বারা দফা (গ) পরিবর্তে নূতন দফা (গ) প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১ এর দফা (ক) দ্বারা "কাঁচামাল," শব্দ এবং কমার পর "ল্যাবরেটরি রিএজেন্ট, ল্যাবরেটরি ইকুইপমেন্ট, ল্যাবরেটরি এক্সেসরিজ" শব্দগুলি এবং কমাগুলি সন্নিবেশিত।

[৬] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (২) এর দফা (ক) দ্বারা "মোড়ক সামগ্রী" শব্দগুলির পরিবর্তে "যে কোন গ্যাস, জ্বালানী হিসাবে ব্যবহৃত যে কোন পদার্থ, মোড়ক সামগ্রী" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১ এর দফা (খ) দ্বারা দফা (ঘ) এর পরিবর্তে নূতন দফা (ঘ) প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬২ এর দফা (ক) দ্বারা "উৎসে কর্তিত" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৯] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৫ এর দফা (ক) দ্বারা বিলুপ্ত।

[১০] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৬ এর দফা (ক) দ্বারা নূতন দফা (ঘঘঘ) সন্নিবেশিত।

[১][(ছ) "করযোগ্য সেবা" অর্থ দ্বিতীয় তফসিলে অন্তর্ভুক্ত নহে এইরূপ কোন সেবা;]

(জ) [২]["কমিশনার"] অর্থ ধারা ২০ এর অধীন নিযুক্ত কোন [৩]["কমিশনার"], মূল্য সংযোজন কর;

(ঝ) "চলতি হিসাব" অর্থ নিবন্ধিত ব্যক্তি কর্তৃক নির্ধারিত [৪][ফরমে] [৫][কমিশনের] সহিত রক্ষিত হিসাব যাহাতে তাহার ক্রয়, বিক্রয়, ট্রেজারী জমা, প্রদেয় এবং রেয়াতযোগ্য মূল্য সংযোজন কর এবং প্রযোজ্য ক্ষেত্রে, অন্যান্য করের বিবরণী লিপিবদ্ধ থাকিবে;

[৬][(ঞ) "চালানপত্র" অর্থ ধারা ৩২ এর অধীন প্রদত্ত চালানপত্র;]

[৭][(ঞঞ) বিলুপ্ত]

[৮][(ঞঞঞ) "চীফ কমিশনার" অর্থ ধারা ২০ এর অধীন নিযুক্ত কোনো "চীফ কমিশনার, মূল্য সংযোজন কর" যিনি এই আইন দ্বারা কমিশনারকে প্রদত্ত অনুরূপ দায়িত্ব পালন ও ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।]

(ট) "টার্ণওভার" অর্থ কোন ব্যক্তি কর্তৃক কোন নির্দিষ্ট সময়ে তাহার দ্বারা প্রস্তুতকৃত বা উৎপাদিত করযোগ্য পণ্যের সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান হইতে প্রাপ্য বা প্রাপ্ত সমুদয় অর্থ;

(ঠ) "তফসিল" অর্থ এই আইনের সহিত সংযুক্ত কোন তফসিল;

(ড) "দলিলপত্র" অর্থ কাগজ বা অন্য কোন পদার্থের উপর অক্ষর, অংক, সংকেত বা চিহ্নের সাহায্যে প্রকাশিত বা বর্ণিত কোন বিষয় এবং যে কোন ধরণের ইলেক্ট্রনিক উপাত্ত, কম্পিউটার কার্যক্রম, কম্পিউটার ফিতা (tape), কম্পিউটার ডিস্ক বা যে কোন ধরণের উপাত্ত ধারক মাধ্যম ইহার অন্তর্ভুক্ত হইবে;

[৯][(ডড) বিলুপ্ত]

(ঢ) "দাখিলপত্র" অর্থ এই আইনের ধারা ৩৫ এর অধীন প্রদেয় দাখিলপত্র;

[১০][(ণ) "নির্ধারিত তারিখ" অর্থ

(অ) মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধের ক্ষেত্রে, ধারা ৬ এর অধীন কর পরিশোধের সময়; এবং

(আ) দাখিলপত্র (return) পেশকরণের ক্ষেত্রে, বিধি দ্বারা নির্ধারিত দাখিলপত্র পেশকরণের সময়।;]

[১১][[১২][(ণণ) "পণ"] অর্থ পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত অথবা প্রাপ্য সমুদয় অর্থ অথবা অর্থের মাধ্যমে পরিমাপযোগ্য মূল্য;]

(ত) "পণ্য" অর্থ শেয়ার, ষ্টক, মুদ্রা, জামানত (security) ও আদায়যোগ্য দাবী ব্যতীত সকল প্রকার অস্থাবর সম্পত্তি;

(থ) "প্রস্তুতকারক" বা "উৎপাদক" বলিতে নিম্নোক্ত কোন কার্যে নিয়োজিত ব্যক্তিও অন্তর্ভুক্ত হইবেন, যথা:

(অ) কোন পদার্থ এককভাবে অথবা অন্য কোন পদার্থ, সরঞ্জাম (materials) বা উৎপাদনের অংশবিশেষ (components) এর সহিত সংযোগ বা সম্মেলনের দ্বারা প্রক্রিয়াকরণের মাধ্যমে অন্য কোন সুনির্দিষ্ট পদার্থ বা পণ্যে রূপান্তরকরণ বা উহাকে এইরূপে পরিবর্তিত, রূপান্তরিত বা পুনরাকৃতি প্রদানকরণ যাহাতে উক্ত পদার্থ ভিন্নভাবে বা সুনির্দিষ্টভাবে ব্যবহারের উপযোগী হয়;

(আ) পণ্যের প্রস্তুতি সম্পন্ন করার জন্য কোন আনুষংগিক বা সহায়ক প্রক্রিয়া;

(ই) মুদ্রণ, প্রকাশনা, শিলালিপি বা মিনাকরণ প্রক্রিয়া;

(ঈ) সংযোজন, মিশ্রণ, কর্তন, তরলীকরণ, বোতলজাতকরণ, মোড়কাবদ্ধকরণ বা পুনঃমোড়কাবদ্ধকরণ;

---

[১] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৫ এর দফা (ক) দ্বারা দফা (ছ) এর পরিবর্তে নূতন দফা (ছ) প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১) দ্বারা "কালেক্টর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১) দ্বারা "কালেক্টর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১) দ্বারা "ফর্মে" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৫ এর দফা (খ) দ্বারা "কালেক্টরের" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত। ('কমিশনের' শব্দটি সংশোধন করে 'কমিশনারের' করতে হবে।

[৬] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৫ এর দফা (গ) দ্বারা দফা (ঞ) এর পরিবর্তে নূতন দফা (ঞ) প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৫ এর দফা (খ) দ্বারা বিলুপ্ত।

[৮] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬২ এর দফা (খ) দ্বারা নূতন দফা "(ঞঞঞ)" অন্তর্ভুক্ত।

[৯] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৫ এর দফা (ক) দ্বারা বিলুপ্ত।

[১০] অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩১ এর উপ-ধারা (১) দ্বারা দফা (ণ) এর পরিবর্তে নূতন দফা (ণ) প্রতিস্থাপিত।

[১১] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৫ এর দফা (ঘ) দ্বারা নূতন দফা (ণণ) সন্নিবেশিত।

[১২] অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭১ এর দফা (খ) দ্বারা দফা "(ণণ)" দফা "(ণণ)" পুনঃসংখ্যায়িত এবং "পণ" বর্ণগুলির পরিবর্তে "পণ" শব্দটি প্রতিস্থাপিত।

(ঊ) কোন প্রস্তুতকারক বা উৎপাদকের দেউলিয়াত্বের ক্ষেত্রে কোন স্বত্ব-নিয়োগী বা অছি, অবসায়ক, নির্বাহক বা তত্ত্বাবধায়কের কার্য এবং এইরূপ কোন ব্যক্তির কার্য যিনি আস্থাভাজনের যোগ্যতায় তাহার পরিসম্পত্তের নিষ্পত্তি করেন;

[১][(ঙ) অর্থের বিনিময়ে নিজস্ব প্লান্ট, মেশিনারী বা যন্ত্রপাতি দ্বারা অন্য কোন ব্যক্তির মালিকানাধীন কাঁচামাল বা উপকরণ ব্যবহার করিয়া কোন পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনকরণ;]

[২][(থথ) **"বাণিজ্যিক আমদানিকারক"** বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে, যিনি তৎকর্তৃক প্রথম তফসিলে উল্লিখিত পণ্য ব্যতীত অন্য যে কোন পণ্য আমদানীপূর্বক পণ্যের কোনরূপ আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য বা গুণগত পরিবর্তন না করিয়া [৩][পণের বিনিময়ে] অন্য কোন ব্যক্তির নিকট বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করেন;

(থথথ) **"বাণিজ্যিক দলিল"** অর্থ কোন ব্যক্তির বাণিজ্যিক লেনদেন বা তাঁহার ব্যবসায়ের আর্থিক অবস্থাজ্ঞাপক কোন লেনদেন লিপিবদ্ধ করিবার জন্য উক্ত ব্যক্তি কর্তৃক রক্ষিত সংশ্লিষ্ট হিসাবরক্ষণ বহি বা নথিপত্র বা কাগজপত্র যথা, ডেবিট ভাউচার, ক্রেডিট ভাউচার, ক্যাশ মেমো, দৈনিক ক্রয়-বিক্রয় হিসাব, ক্যাশ বহি, প্রাথমিক বা জাবেদা বহি, ব্যাংক একাউন্ট ও তৎসংশ্লিষ্ট হিসাব বা নথিপত্র, রেওয়ামিল, খতিয়ান, আর্থিক বিবরণী ও বিশ্লেষণীসমূহ, লাভ-লোকসান হিসাব, লাভ-লোকসান সমন্বয় হিসাব, ব্যাংক হিসাব সমন্বয় ও স্থিতিপত্র এবং নিরীক্ষা প্রতিবেদনসহ সংশ্লিষ্ট যে কোন দলিল;

(থথথথ) **"ব্যবসায়ী"** বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে যিনি তৎকর্তৃক আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের কোনরূপ আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য বা গুণগত পরিবর্তন না করিয়া [৪][পণের বিনিময়ে] অন্য কোন ব্যক্তির নিকট বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করেন।]

[৫][(থথথথথ) **"বিভাগীয় কর্মকর্তা"** অর্থ মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা এবং বিভাগীয় কর্মকর্তার যে কোন কার্য সম্পাদনের জন্য দায়িত্বপ্রাপ্ত মূল্য সংযোজন কর বৃহৎ করদাতা ইউনিট-এর সহকারী কমিশনার পদের নিম্নে নহেন এমন পদমর্যাদার কোন কর্মকর্তা;]

(দ) **"বিধি"** অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

[৬][(দদ) বিলুপ্ত]

[৭][(দদদ) **"বিল অব এন্ট্রি"** অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর section 2(c) তে সংজ্ঞায়িত "bill of entry";

(দদদদ) **"বিল অব এক্সপোর্ট"** অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর section 2(d) তে সংজ্ঞায়িত "bill of export"।]

(ধ) **"বোর্ড"** অর্থ National Board of Revenue Order, 1972 (P.O No. 76 of 1972) এর অধীন গঠিত National Board of Revenue;

[৮][(ধধ) **"বৃহৎ করদাতা ইউনিট** (Large Taxpayer Unit বা LTU)" অর্থ ধারা ৮ঘ এর অধীন গঠিত বৃহৎ করদাতা ইউনিট;]

[৯][(ন) **"ব্যক্তি"** অর্থে কোনো ব্যক্তি, নিগমিত হউক বা না হউক, কোন কোম্পানী বা সমিতি, অংশীদারী কারবার, ফার্ম, সংবিধিবদ্ধ বা অন্যবিধ সংস্থা বা প্রতিষ্ঠান বা উহাদের প্রতিনিধিও ইহার অন্তর্ভুক্ত হইবে;]

(প) **"মূল্য সংযোজন কর কর্মকর্তা"** অর্থ এই আইনের ধারা ২০ এর অধীন নিযুক্ত কোন কর্মকর্তা;

(ফ) **"শূন্য করারোপযোগ্য পণ্য বা সেবা"** অর্থ রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য কোনো পণ্য বা সেবা বা ধারা ৩ এর উপ-ধারা (২) এ উল্লিখিত কোন খাদ্য বা অন্য কোন সামগ্রী যাহার উপর মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক আরোপিত হইবে না এবং যাহার প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণসমূহের উপর প্রদত্ত সকল কর ও শুল্ক ([১০][আগাম আয়কর এবং রপ্তানি পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে ব্যবহৃত, সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এতদুদ্দেশ্যে নির্ধারিত, কোন উপকরণের উপর প্রদত্ত সম্পূরক শুল্ক] ব্যতীত) ফেরত প্রদেয় হইবে;

---

[১] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (২) এর দফা (ঘ) দ্বারা নূতন উপ-দফা (ঙ) সংযোজিত।

[২] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৫ এর দফা (খ) দ্বারা দফা (থথ) এর পরিবর্তে নূতন দফা (থথ), (থথথ) এবং (থথথথ) প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৬ এর দফা (খ) দ্বারা "পণ্যের বিনিময়ে" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৬ এর দফা (গ) দ্বারা "পণ্যের বিনিময়ে" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৬ এর দফা (ঘ) দ্বারা নূতন দফা (থথথথথ) সন্নিবেশিত।

[৬] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৫ এর দফা (গ) দ্বারা বিলুপ্ত।

[৭] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৫ এর দফা (ঙ) দ্বারা নূতন দফা (দদদ) ও (দদদদ) সন্নিবেশিত।

[৮] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৫ এর দফা (গ) দ্বারা নূতন দফা (ধধ) সন্নিবেশিত।

[৯] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১ এর দফা (ঙ) দ্বারা দফা (ন) এর পরিবর্তে নূতন দফা (ন) প্রতিস্থাপিত।

[১০] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (২) এর দফা (ঙ) দ্বারা " আগাম আয়কর" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[১][(ফফ) বিলুপ্ত]

(ব) **"সংশ্লিষ্ট কর্মকর্তা"** অর্থ এইরূপ কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা যিনি এই আইনের অধীন কতিপয় দায়িত্ব পালনের জন্য বোর্ডের নিকট হইতে বোর্ড কর্তৃক জারীকৃত সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন;

[২][(ভ) **"সর্বমোট প্রাপ্তি"** অর্থ করযোগ্য সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবার বিনিময়ে মূল্য সংযোজন কর [৩][*] ব্যতীত কমিশন বা চার্জসহ প্রাপ্য বা প্রাপ্ত সমুদয় অর্থ;]

[৪][(ম) "সরবরাহ" অর্থে ধারা ১৫ ও ১৭ এর অধীনে নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য কোন ব্যক্তি কর্তৃক বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য বা প্রদত্ত বা আমদানিকৃত সেবা বা আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের বা সেবার ক্ষেত্রে পণের বিনিময়ে বিক্রয়, হস্তান্তর বা পণের বিনিময়ে অন্য কোন উপায়ে উক্তরূপ পণ্যের বা সেবার নিষ্পত্তিকরণ; এবং নিম্নবর্ণিত কার্যাবলীও ইহার অন্তর্ভুক্ত হইবে–

(অ) ব্যবসায় কার্য পরিচালনাকালে অর্জিত, প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের বা সেবার ব্যক্তিগত, ব্যবসায় সংক্রান্ত বা ব্যবসায় বহির্ভূত কার্যে ব্যবহার;

(আ) কোন ব্যক্তির ঋণ পরিশোধের নিমিত্তে কোন পণ্যের বা সেবার নিলাম বা বিলিবন্দেজ;

(ই) কোন ব্যক্তির নিবন্ধন বাতিলের অব্যবহিত পূর্বে তৎকর্তৃক কোন করযোগ্য পণ্যের বা সেবার দখল;

(ঈ) পণ্যের প্রস্তুত বা উৎপাদন বা ব্যবসায়স্থল হইতে পণ্য খালাস বা অপসারণ;

(উ) সরকার কর্তৃক, প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত অন্য কোন প্রকার লেনদেন;]

[৫][(মম) **"সম্মাননাপত্র"** অর্থ ধারা ৩৬ক এর অধীন কমিশনার কর্তৃক ইস্যুকৃত মূল্য সংযোজন কর সম্মাননাপত্র;]

[৬][(য) **"স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়"** অর্থ [৭][রাজস্ব কর্মকর্তা], মূল্য সংযোজন কর-এর কার্যালয়, মূল্য সংযোজন কর বৃহৎ করদাতা ইউনিট-এর আওতাধীন [৭][রাজস্ব কর্মকর্তা]-এর অধীনে ন্যস্ত যেকোনো শাখা এবং বোর্ড কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত অন্যকোনো কার্যালয়;]

[৮][৯][(র) "স্পেশাল জজ" অর্থ "Criminal Law Amendment Act, 1958 (Act No. XL of 1958) এর section 3 এর sub-section (1) এর অধীন নিযুক্ত Special Judge;]

(ল) **"রপ্তানি"** অর্থ বাংলাদেশের অভ্যন্তর হইতে বাংলাদেশের অধিক্ষেত্রাধীন সমুদ্র অঞ্চলসহ উহার ভৌগোলিক সীমা রেখার বাহিরে কোনো পণ্য বা সেবা সরবারাহ; এবং

[১০][(শ) "রপ্তানিকৃত বলিয়া গণ্য" বলিয়া অর্থে নিম্নবর্ণিত পণ্য বা সেবা অন্তর্ভুক্ত হইবে, যথাঃ-

(অ) বাংলাদেশের অভ্যন্তরে ভোগ বা সরবরাহের জন্য অভিপ্রেত নয় এইরূপ পণ্য বা সেবা উৎপাদনে, ব্যবস্থাপনায়, পরিবহনে বা বিপণনে প্রয়োজনীয় কাঁচামাল, যন্ত্রপাতি, অবকাঠামো বা অন্য কোন বস্তু যা বিদেশী মুদ্রায় বিনিয়োগ বা সরাসরি বিদেশ হইতে প্রত্যাবাসিত বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহ করা হয় এবং পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন বা উপকরণ হিসেবে ব্যবহৃত হয় অন্য যে কোন সেবা; এবং

(আ) কোন আন্তর্জাতিক চুক্তি বা সমঝোতা স্মারকের আওতায় কর আরোপ না করার সুনির্দিষ্ট শর্তে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে সরবরাহকৃত পণ্য বা সেবা।]]]

[১১][**২ক। আইনের প্রাধান্য।**—আপাততঃ বলবৎ অন্য কোন আইন, বিধি, প্রবিধান, চুক্তি বা আইনের ক্ষমতাসম্পন্ন অন্য কোন দলিলে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।]

---

[১] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৫ এর দফা (ঘ) দ্বারা বিলুপ্ত।

[২] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৫ এর দফা (ঙ) দ্বারা দফা (ভ) এর পরিবর্তে নূতন দফা (ভ) প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩১ এর উপ-ধারা (২) দ্বারা "বা আগাম আয়কর" শব্দগুলি বিলুপ্ত।

[৪] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১ এর দফা (গ) দ্বারা দফা (ম) এর পরিবর্তে নূতন দফা (ম) প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬২ এর দফা (গ) দ্বারা নূতন দফা (মম) সন্নিবেশিত।

[৬] অর্থ অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১০ নং অধ্যাদেশ/২০০৯ সনের ৯ নং আইন) এর ধারা ৫৮ এর দফা (ক) দ্বারা দফা (য) এর পরিবর্তে নূতন দফা (য) প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১ এর দফা (ঘ) দ্বারা দুইবার উল্লিখিত "সুপারিনটেনডেন্ট" শব্দগুলির পরিবর্তে "রাজস্ব কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৬ এর দফা (চ) ও (ছ) দ্বারা দফা (র) বিলুপ্ত এবং বিলুপ্ত দফা (র) এর পর দুটি নূতন দফা যথাক্রমে "(ল)" এবং "(ব)" সংযোজিত।

[৯] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১ এর দফা (চ) দ্বারা দফা (র) এর পরিবর্তে নূতন দফা (র) সন্নিবেশিত।

[১০] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১ এর দফা (ছ) দ্বারা দফা (ব) এর পরিবর্তে নূতন দফা (শ) প্রতিস্থাপিত।

[১১] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬৩ দ্বারা নূতন ধারা ২ক সন্নিবেশিত।

৩। **মূল্য সংযোজন কর আরোপ।**—(১) প্রথম তফসিলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত বাংলাদেশে আমদানিকৃত সকল পণ্য এবং উক্ত তফসিলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যের সরবরাহের উপর এবং [১][দ্বিতীয় তফসিলে উল্লিখিত সেবাসমূহ ব্যতীত] [২][বাংলাদেশে আমদানিকৃত বা] [৩][বাংলাদেশে প্রদত্ত] সকল সেবার উপর ধারা ৫ এ বর্ণিত মূল্যের ভিত্তিতে পনের শতাংশ হারে মূল্য সংযোজন কর ধার্য ও প্রদেয় হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত পণ্য বা সেবার উপর শূন্য হারে কর আরোপিত হইবে; যথা:

(ক) বাংলাদেশ হইতে রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য কোন পণ্য বা সেবা;

[৪][(কক) বিলুপ্ত

(খ) Customs Act, 1969 (IV of 1969), অতঃপর Customs Act বলিয়া উল্লিখিত, এর section 24 মোতাবেক বাংলাদেশ হইতে বিদেশগামী কোন যানবাহনে বাংলাদেশের বাহিরে ভোগের জন্য সরবরাহকৃত খাদ্য ও অন্যান্য সামগ্রী;

তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত পণ্যের বা সেবার ক্ষেত্রে এই উপ-ধারা প্রযোজ্য হইবে না, যথা ঃ-

(অ) বাংলাদেশে পুনঃ আমদানিকৃত বা পুনঃ আমদানির জন্য অভিপ্রেত কোন পণ্য বা সেবা;

(আ) Customs Act এর section 131 মোতাবেক রপ্তানির জন্য উপস্থাপন করা হইয়াছে, কিন্তু রপ্তানি চালান (bill of export) দাখিলের ৩০ দিন বা কমিশনার কর্তৃক এতদুদ্দেশ্যে বর্ধিত সময়ের মধ্যে রপ্তানি হয় নাই, এইরূপ কোন পণ্য বা সেবা।]

[৫][(৩) মূল্য সংযোজন কর প্রদান করিবেন,—

(ক) আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে, আমদানি পর্যায়ে আমদানিকারক;

(খ) বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের ক্ষেত্রে, প্রস্তুতকরণ বা উৎপাদন পর্যায়ে সরবরাহকারী;

(গ) সেবা প্রদানের ক্ষেত্রে, সেবা প্রদানকারী; এবং

[৬][(ঘ) বাংলাদেশের ভৌগোলিক সীমারেখার বাহির হইতে সেবা সরবরাহের ক্ষেত্রে, সেবা গ্রহণকারী; এবং

(ঙ) অন্যান্য ক্ষেত্রে, [৭][সরবরাহকারী ও সেবাগ্রহণকারী]।]]

[৮][(৩ক) বিলুপ্ত]

[৯][(৪) এই ধারার অধীন মূল্য সংযোজন কর ধার্য ও প্রদানের উদ্দেশ্যে কোন আমদানিকৃত বা সরবরাহকৃত পণ্যের শ্রেণীবিন্যাস (Classification) এর ক্ষেত্রে Customs Act এর অধীন উক্ত পণ্যের শ্রেণীবিন্যাস প্রযোজ্য হইবে।]

[১০][(৫) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, জনস্বার্থে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা-

(ক) যে কোন করযোগ্য পণ্য বা পণ্য শ্রেণীকে করযোগ্য সেবা এবং যে কোন করযোগ্য সেবাকে করযোগ্য পণ্য হিসেবে ঘোষণা করিতে পারিবে; এবং

(খ) করযোগ্য যে কোন সেবার, পরিধি নির্ধারণের লক্ষ্যে, ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।]

৪। **করহার প্রয়োগ।**— (১) করযোগ্য পণ্যের সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন করের হার হইবে, উক্ত পণ্য বা সেবার উপর ধারা ৬ এর উপ-ধারা (২) বা ক্ষেত্রমত, উপ-ধারা (৩) এ উল্লিখিত সময়ে যে হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হয় সেই হার।

[১১][(২) করযোগ্য পণ্য আমদানির ক্ষেত্রে, মূল্য সংযোজন করের হার হইবে Customs Act, 1969 (IV of 1969) এর section 30 এর অধীন নির্ধারিত তারিখে যেই হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হয় সেই হার।]

---

[১] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৬ এর দফা (ক) দ্বারা "দ্বিতীয় তফসিলে উল্লিখিত" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৫৯ দ্বারা সন্নিবেশিত।

[৩] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৩) দ্বারা "দ্বিতীয় তফসিলে উল্লিখিত" শব্দগুলির পর "বাংলাদেশে প্রদত্ত" শব্দগুলি সন্নিবেশিত।

[৪] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭২ এর দফা (ক) এর উপ-দফা (অ) ও (আ) দ্বারা যথাক্রমে দফা (কক) বিলুপ্ত ও দফা (খ) এর পরিবর্তে নূতন দফা (খ) প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (২) দ্বারা উপ-ধারা (৩) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৩) প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭২ এর দফা (খ) দ্বারা উপ-ধারা (৩) এর দফা (ঘ) এর পরিবর্তে নূতন দফা যথাক্রমে দফা (ঘ) এবং (ঙ) প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬৪ দ্বারা "সরবরাহকারী" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭২ দ্বারা উপ-ধারা (৩ক) বিলুপ্ত।

[৯] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (৩) দ্বারা নূতন উপ-ধারা (৪) সংযোজিত।

[১০] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৬ এর দফা (গ) দ্বারা নূতন উপ-ধারা (৫) সংযোজিত।

[১১] অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩২ দ্বারা উপ-ধারা (২) এর পরিবর্তে নূতন উপ-ধারা (২) প্রতিস্থাপিত।

[১][(৩) করযোগ্য সেবা আমদানির ক্ষেত্রে, মূল্য সংযোজন করের হার হইবে, উক্ত সেবার মূল্য পরিশোধের সময়ে প্রযোজ্য মূল্য সংযোজন করের হার।]

**৫। মূল্য সংযোজন কর ধার্যের জন্য মূল্য নিরূপণ।**—(১) পণ্য আমদানির ক্ষেত্রে যেই মূল্যের উপর মূল্য সংযোজন কর প্রদেয় হইবে তাহা নিরূপণ করা হইবে Customs Act এর Section 25 [২][অথবা section 25A] এর অধীন আমদানি শুল্ক আরোপনীয় মূল্যের সহিত আমদানি শুল্ক এবং সম্পূরক শুল্কসহ অন্যান্য শুল্ক ও কর (যদি কিছু থাকে), আগাম আয়কর ব্যতীত, যোগ করিয়া।

(২) উপ-ধারা (৩) এর বিধান সাপেক্ষে, পণ্য সরবরাহের ক্ষেত্রে যেই মূল্যের উপর মূল্য সংযোজন কর প্রদেয় হইবে তাহা হইবে, উক্ত পণ্যের [৩][প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ী] কর্তৃক ক্রেতার নিকট হইতে প্রাপ্য পণ, যাহাতে [৪][প্রস্তুতকারক বা উৎপাদক] বা [৫][ব্যবসায়ী] কর্তৃক ক্রয়কৃত উপকরণ মূল্য, যাবতীয় ব্যয় ও তৎকর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে, প্রদত্ত কমিশন, চার্জ, ফি ও সম্পূরক শুল্কসহ সকল শুল্ক ও কর (মূল্য সংযোজন কর ব্যতীত) এবং মুনাফা অন্তর্ভুক্ত থাকিবে[৬]ঃ

[৭][*]][৮][:

[৯][১০][*] শর্ত থাকে যে, কোন ব্যবসায়ী কর্তৃক নির্দিষ্ট পণ্য বা পণ্য শ্রেণীর সরবরাহের ক্ষেত্রে বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপনের দ্বারা মূল্য সংযোজন করের ভিত্তি নিরূপণের উদ্দেশ্যে উক্ত পণ্য বা পণ্য শ্রেণীর মূল্য সংযোজনের হার এবং পরিমাণ নির্দিষ্ট করিতে পারিবে।]]

[১১][(২ক) কোন নিবন্ধিত উৎপাদক কর্তৃক চুক্তির ভিত্তিতে অন্য কোন নিবন্ধিত উৎপাদকের ব্র্যান্ডযুক্ত পণ্য উৎপাদনের ক্ষেত্রে, বোর্ড, বিধি দ্বারা উক্ত পণ্যের মূল্য নিরূপণের পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।]

[১২][(২খ) কোন উৎপাদনকারী বা আমদানিকারক পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটে মুদ্রিত আকারে অভিন্ন মূল্যে পণ্য সরবরাহ করিতে চাহিলে উৎপাদনকারী কর্তৃক উৎপাদন পর্যায়ে এবং আমদানিকারক কর্তৃক সরবরাহ পর্যায়ে, বোর্ডের পূর্বানুমোদনক্রমে এবং সমুদয় কর পরিশোধ সাপেক্ষে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, উহা সরবরাহ করিতে পারিবে।]

[১৩][(২গ) উপ-ধারা (২) এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার কোন পণ্য বা সেবার মূল্য স্থিতিশীল রাখার অভিপ্রায়ে সরকারি কোন দপ্তর বা অপর কোন সংস্থার মাধ্যমে উক্ত পণ্য বা সেবার একক মূল্য নির্ধারণ করিলে উক্ত নির্ধারিত মূল্য হইতে পশ্চাদগণনার মাধ্যমে (back calculation) উৎপাদন বা সেবা প্রদান স্তরে প্রদেয় সমুদয় মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক আদায়যোগ্য হইবে।]

(৩) যে পণ্যের ক্ষেত্রে খুচরা মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর আরোপিত হইবে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তাহা স্থির করিতে পারিবে এবং মূল্য সংযোজন কর আরোপের ক্ষেত্রে উক্ত পণ্যের খুচরা মূল্য হইবে উহার প্রস্তুতকারক বা উৎপাদক কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তার অনুমোদনক্রমে, নির্ধারিত সেই মূল্য যাহাতে সকল প্রকার ব্যয়, কমিশন, চার্জ, শুল্ক ও কর অন্তর্ভুক্ত থাকিবে এবং উক্ত পণ্যে বিশেষ ছাপ (brand) বা চিহ্ন যুক্ত করিয়া উহা যেই মূল্যে (যাহা উক্ত পণ্যের গায়ে বা উহার প্রতিটি মোড়ক, থলিয়া বা কোষে সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত করা হয়) সাধারণ ভোক্তাদের নিকট বিক্রয় হইবে।

---

[১] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৩ দ্বারা ধারা ৪ এর উপ-ধারা (২) এর পর নূতন উপ-ধারা (৩) সংযোজিত।

[২] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (২) দ্বারা "অথবা section 25A" শব্দগুলি, সংখ্যাটি ও অক্ষরটি সন্নিবেশিত।

[৩] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৩) এর দফা (ক) দ্বারা "প্রস্তুতকারক বা উৎপাদক" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৩) এর দফা (খ) দ্বারা "প্রস্তুতকারক বা উৎপাদকের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৭ দ্বারা "ব্যবসায়ীর যাবতীয় ব্যয় ও তৎকর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে, প্রদত্ত কমিশন, চার্জ ও সম্পূরক শুল্কসহ সকল শুল্ক ও কর (মূল্য সংযোজন কর ব্যতীত) অন্তর্ভুক্ত থাকিবে" শব্দগুলি, কমাগুলি ও বন্ধনীর পরিবর্তে প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৩) এর দফা (গ) দ্বারা দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত এবং তৎপর নূতন শর্তাংশ সংযোজিত।

[৭] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৪ দ্বারা ধারা ৫ এর উপ-ধারা (২) এর প্রথম শর্তাংশ বিলুপ্ত।

[৮] অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (২) দ্বারা সংযোজিত।

[৯] অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭৩ দ্বারা উপ-ধারা (২) এর দ্বিতীয় শর্তাংশের পরিবর্তে নূতন দ্বিতীয় শর্তাংশ প্রতিস্থাপিত।

[১০] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৪ দ্বারা ধারা ৫ এর উপ-ধারা (২) এর দ্বিতীয় শর্তাংশে উল্লিখিত "আরও" শব্দ বিলুপ্ত।

[১১] অর্থ অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১০ নং অধ্যাদেশ/২০০৯ সনের ৯ নং আইন) এর ধারা ৫৯ দ্বারা উপ-ধারা (২ক) এর পরিবর্তে নূতন উপ-ধারা (২ক) প্রতিস্থাপিত।

[১২] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৬ দ্বারা নূতন উপ-ধারা (২খ) সন্নিবেশিত।

[১৩] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৮ এর দফা (ক) দ্বারা নূতন উপ-ধারা (২গ) সন্নিবেশিত।

(৪) সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ধার্য করা হইবে সর্বমোট প্রাপ্তির উপর:

[১][তবে শর্ত থাকে যে, কোন নির্দিষ্ট সেবার ক্ষেত্রে বোর্ড, আদেশ দ্বারা, প্রকৃত মূল্য সংযোজনের অথবা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে মূল্য সংযোজন কর ধার্য করিতে পারিবে।] [২]ঃ

আরও শর্ত থাকে যে, সেবা প্রদানকারী বিনামূল্যে সেবা প্রদান করিলেও সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত সেবার উপর ন্যূনতম মূল্য সংযোজন কর ধার্য করিতে পারিবে।]

[৩][(৪ক) কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের ক্ষেত্রে, কোন নির্দিষ্ট কর মেয়াদে উক্ত ব্যবসায়ীর সরবরাহ বাবদ প্রাপ্ত বা প্রাপ্ত বলিয়া বিবেচিত মোট মূল্য, যাহা বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিরূপিত হইবে, এর ভিত্তিতে মূল্য সংযোজন কর আরোপ করা যাইবে।]

(৫) যেই পণ্যের ক্ষেত্রে বাণিজ্য বাটা (trade discount) প্রদান করা হয় সেই পণ্যের ক্ষেত্রে, মূল্য সংযোজন কর আরোপযোগ্য হইবে বাণিজ্য বাটা প্রদানের পর যেই মূল্যে উহা সরবরাহ করা হয় সেই মূল্যের উপর:

তবে শর্ত থাকে যে, বাণিজ্য বাটা প্রদানের পর যেই মূল্যে উক্ত পণ্য সরবরাহ করা হয় উহা চালানপত্রে উল্লেখ করিতে হইবে এবং প্রদত্ত বাণিজ্য বাটার পরিমাণ সাধারণ ব্যবসায় রীতির সহিত সঙ্গতিপূর্ণ হইতে হইবে।

[৪][৫][(৬) বিলুপ্ত]

(৭) এই ধারায় যাহা কিছুই থাকুক না কেন, যদি বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনা ও যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক সন্তুষ্ট হয় যে কোন করযোগ্য পণ্য বা সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর, বা ক্ষেত্রমতে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ধার্য করার নিমিত্তে উহার ট্যারিফ মূল্য নির্ধারণ করা সমীচীন তাহা হইলে বোর্ড সরকারী গেজেটে জারিকৃত আদেশ দ্বারা উক্ত করযোগ্য পণ্য বা সেবার ট্যারিফ মূল্য নির্ধারণ করিতে পারিবে।]

**৬। পরিশোধের সময় ও পদ্ধতি।**— (১) আমদানিকৃত পণ্যের উপর মূল্য সংযোজন কর Customs Act এবং উহার অধীন প্রণীত বিধি মোতাবেক আমদানি শুল্কের মতো এইরূপ একই পদ্ধতি ও সময়ে প্রদত্ত হইবে যেন উহা উক্ত Act-এর অধীন একটি আমদানি শুল্ক; এবং উক্ত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক সংক্রান্ত কোন বিষয় নিয়ন্ত্রণের জন্য এই আইনের অধীন প্রদত্ত বা জারীকৃত বিধিমালা, আদেশসমূহ বা নির্দেশাবলী, যদি থাকে, সাপেক্ষে উক্ত Act এবং তদধীনে জারীকৃত বা প্রদত্ত বিধিমালা, আদেশসমূহ বা নির্দেশাবলী, যতদূর সম্ভব, মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্কের প্রতি এইরূপে প্রযোজ্য হইবে যেইরূপে উহা আমদানি শুল্কের প্রতি প্রযোজ্য হয়।

(২) কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি কর্তৃক ব্যবসায় কার্য পরিচালনা বা সম্প্রসারণের লক্ষ্যে [৬][প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য বা আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের] উপর মূল্য সংযোজন কর প্রদেয় হইবে নিম্নবর্ণিত কার্যাবলীর মধ্যে যাহা সর্বাগ্রে ঘটে, উহা সংঘটিত হওয়ার সময়ে—

(ক) যখন পণ্য অর্পণ (delivery) বা সরবরাহ করা হয়;

(খ) যখন পণ্য সরবরাহ সংক্রান্ত চালানপত্র প্রদান করা হয়;

(গ) যখন কোন পণ্য ব্যক্তিগতভাবে ব্যবহার করা হয় বা অন্যের ব্যবহারের জন্য প্রদান করা হয়;

(ঘ) যখন আংশিক বা পূর্ণ মূল্য পাওয়া যায়।

(৩) কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি কর্তৃক ব্যবসায় পরিচালনা বা সম্প্রসারণকালে প্রদত্ত সেবার উপর মূল্য সংযোজন কর প্রদেয় হইবে নিম্নবর্ণিত কার্যাবলির মধ্যে যাহা সর্বাগ্রে ঘটে, উহা সংঘটিত হওয়ার সময়ে-

(ক) যখন সেবা প্রদান করা হয়;

(খ) যখন সেবা প্রদান সংশ্লিষ্ট চালানপত্র প্রদান করা হয়;

(গ) যখন আংশিক বা পূর্ণ মূল্য পাওয়া যায় [৭][;

(ঘ) বাংলাদেশের ভৌগোলিক সীমানার বাহির হইতে বাংলাদেশে সেবার সরবরাহ গ্রহণ করা হইলে যখন আংশিক বা পূর্ণ মূল্য পরিশোধ করা হয়।]

---

[১] অর্থ আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১১ নং আইন) এর ধারা ৯ এর উপ-ধারা (২) এর দফা (ক) দ্বারা উপ-ধারা (৪) এর শর্তাংশের পরিবর্তে নূতন শর্তাংশ প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৮ এর দফা (খ) দ্বারা "দাড়ি" চিহ্ন এর পরিবর্তে "কোলন" চিহ্ন প্রতিস্থাপিত এবং তৎপর নূতন শর্ত সংযোজিত।

[৩] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৫) দ্বারা নূতন উপ-ধারা (৪ক) সংযোজিত।

[৪] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (৪) দ্বারা নূতন উপ-ধারা (৬) ও (৭) সন্নিবেশিত।

[৫] অর্থ আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১১ নং আইন) এর ধারা ৯ এর উপ-ধারা (২) এর দফা (খ) দ্বারা বিলুপ্ত।

[৬] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪) এর দফা (ক) দ্বারা "প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৫ এর দফা (ক) দ্বারা উপ-ধারা (৩) এর দফা (গ) এর শেষ প্রান্তস্থিত দাড়ি চিহ্নের পরিবর্তে সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত এবং নূতন দফা (ঘ) সংযোজিত।

[১][(৪) এই ধারায় যাহা কিছুই থাকুক না কেন, বোর্ড, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, যে কোন পণ্য, পণ্যশ্রেণী বা সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক পরিশোধের সময় ও পদ্ধতি নির্ধারণসহ, অগ্রিম পরিশোধের [২][বা উৎসে কর্তনের] বিধান করিতে পারিবে।]

[৩][(৪ক) উপ-ধারা (৪) এ যাহা কিছুই থাকুক না কেন বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত প্রজ্ঞাপনে নির্ধারণকৃত তারিখ হইতে যে কোন পণ্য বা পণ্য শ্রেণীর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক আদায়ের উদ্দেশ্যে নির্দিষ্টকৃত মূল্যমানের নিরাপত্তামূলক ব্যবস্থা সম্বলিত বিশেষ আকার ও ডিজাইনের স্ট্যাম্প (Stamp) বা ব্যান্ডরোল (Banderol) বা বিশেষ চিহ্ন বা ছাপ উক্ত পণ্যের মোড়ক বা ধারক বা পাত্রের গায়ে ব্যবহার করার নির্দেশ প্রদান করিতে পারিবে; এবং এইরূপ স্ট্যাম্প বা ব্যান্ডরোল বা বিশেষ চিহ্ন বা ছাপ এর ব্যবহার, বিতরণ, সংরক্ষণ, তদারকি, পর্যবেক্ষণ, হিসাব সংরক্ষণ ও মোড়কজাতকরণ বিষয়ে সংশ্লিষ্ট সকল পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(ব্যাখ্যাঃ এই উপ-ধারায় [৪][স্ট্যাম্প বা ব্যান্ডরোল] অর্থে বোর্ড কর্তৃক নির্দিষ্ট রং, ডিজাইন, পরিমাপ ও নিরাপত্তামূলক ব্যবস্থা সম্বলিত দলিল (Security Instrument)-কে বুঝাইবে।)

[৫][৬][(৪কক) এই ধারার অন্যান্য বিধানাবলী সত্ত্বেও, কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদেয় মূল্য সংযোজন কর বোর্ড কর্তৃক, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, সেবা গ্রহণকারী বা, ক্ষেত্রমত, সেবার মূল্য বা কমিশন পরিশোধকারী কর্তৃক সেবার মূল্য বা কমিশন পরিশোধকালে উৎসে আদায় বা কর্তনপূর্বক সরকারী ট্রেজারীতে জমা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বৈদেশিক সাহায্যপুষ্ট কোন প্রকল্পের আওতায় কোন সেবা গ্রহণকারী কর্তৃক প্রদেয় মূল্য সংযোজন কর যদি সেবা গ্রহণকারী বা, ক্ষেত্রমত, সেবার মূল্য বা কমিশন পরিশোধকারী ব্যক্তি সেবার মূল্য বা কমিশন পরিশোধকালে বোর্ড কর্তৃক, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উৎসে আদায় বা কর্তনপূর্বক সরকারী ট্রেজারীতে জমা করেন এবং উক্ত সেবা সরবরাহকারী ব্যক্তি কর্তৃক উক্ত সমুদয় সেবার অংশবিশেষ সরবরাহের কোন সাব-কন্ট্রাক্টর, এজেন্ট বা অন্য কোন সেবা সরবরাহকারী ব্যক্তিকে নিয়োগ করেন, সেইক্ষেত্রে উক্ত সেবা সরবরাহকারীর সাব-কন্ট্রাক্টর, এজেন্ট বা নিয়োগকৃত অন্য কোন সেবা সরবরাহকারী ব্যক্তির নিকট হইতে, উক্ত সেবার উপর প্রাথমিক পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর আদায় বা কর্তন এবং সরকারী ট্রেজারীতে জমা প্রদানের দালিলিক প্রমাণাদি উপস্থাপন সাপেক্ষে পুনরায় উৎসে মূল্য সংযোজন কর আদায় করা যাইবে না।

(৪ককক) বোর্ড, আদেশ দ্বারা সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, এনজিও, ব্যাংক, বীমা প্রতিষ্ঠান বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী, শিক্ষা প্রতিষ্ঠান এবং ক্ষেত্রমত, অন্য কোন দপ্তর বা প্রতিষ্ঠান কর্তৃক সেবা গ্রহণের ক্ষেত্রে সেবাগ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর আদায়, কর্তন ও সরকারি ট্রেজারীতে জমা প্রদানের উদ্দেশ্যে সেবার কোড উল্লেখসহ সেবাপ্রদানকারীর তালিকা নির্ধারণ করিতে পারিবে।

(৪খ) উপ-ধারা (৪কক) এর অধীন উৎসে মূল্য সংযোজন কর আদায় বা কর্তনকারী ব্যক্তি সংশ্লিষ্ট সেবা সরবরাহকারী ব্যক্তিকে অনুরূপ আদায় বা কর্তন সম্পর্কে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন, যাহাতে নিম্নবর্ণিত তথ্যাদি অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ–

(অ) মূল্য সংযোজন করদাতার নিবন্ধন সংখ্যা;
(আ) প্রদত্ত সেবা বাবদ পরিশোধিত মোট সেবা মূল্য বা কমিশন;
(ই) মূল্য সংযোজন কর নিরূপনযোগ্য সেবা মূল্য বা কমিশন;
(ঈ) আদায় বা কর্তনকৃত মূল্য সংযোজন কর এর পরিমাণ; এবং
(উ) প্রয়োজনীয় অন্য কোন তথ্য।]

[৭][(৪গ) বিলুপ্ত]

---

[১] অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) দ্বারা উপ-ধারা (৪) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৪) প্রতিস্থাপিত।
[২] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৫ এর দফা (ক) দ্বারা উপ ধারা (৪) এ "অগ্রিম পরিশোধের" শব্দগুলির পর "বা উৎসে কর্তনের" শব্দগুলি সন্নিবেশিত।
[৩] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৮ এর দফা (ক) দ্বারা উপ-ধারা (৪ক) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৪ক) ও (৪কক) প্রতিস্থাপিত।
[৪] অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭৪ দ্বারা "ব্যান্ডরোল" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।
[৫] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৫ এর দফা (গ) ও (ঘ) দ্বারা উপ-ধারা (৪কক), (৪খ), (৪গ) এবং উপ-ধারা (৫) এর পরিবর্তে নূতন উপ-ধারা যথাক্রমে (৪কক), (৪খ), (৪গ), (৪ঘ), (৪ঙ),(৪চ) এবং উপ-ধারা (৫) প্রতিস্থাপিত।
[৬] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬৫ এর দফা (ক) দ্বারা উপ-ধারা (৪কক) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৪কক) প্রতিস্থাপিত, দফা (গ) দ্বারা নূতন উপ-ধারা (৪ককক) সন্নিবেশিত এবং দফা (খ) দ্বারা উপ-ধারা (৪খ) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৪খ) প্রতিস্থাপিত।
[৭] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬০ দ্বারা ধারা ৬ এর উপ-ধারা (৪গ) বিলুপ্ত।

[১][(৪ঘ) আইনের ধারা ৫ এর উপ-ধারা (৪) এর বিধান অনুযায়ী উৎসে কর্তনকারী সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারিত হারের ভিত্তিতে প্রদেয় মূল্য সংযোজন কর সেবা সরবরাহকারীর নিকট হইতে সেবা গ্রহণের ক্ষেত্রে উৎসে কর্তন করিবে।]

(৪ঙ) উৎসে কর্তনকারী এবং পণ্য বা সেবা সরবরাহকারী, মূল্য সংযোজন করের উৎসে কর্তনযোগ্য পরিমাণের জন্য, যৌথভাবে দায়বদ্ধ থাকিবেন।

(৪চ) পণ্য বা সেবার সরবরাহকারী কর্তৃক সরবরাহের বিপরীতে প্রদেয় মূল্য সংযোজন কর আংশিক উৎসে কর্তনের ফলে সরবরাহকারী অবশিষ্ট মূল্য সংযোজন কর প্রদানের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি পাইবেন না।

[২][(৪ছ) উপ-ধারা (৪কক) অনুযায়ী উৎসে মূল্য সংযোজন কর আদায়, কর্তন এবং জমা প্রদানের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও যদি উক্ত উপ-ধারার অধীন সেবার মূল্য বা কমিশন পরিশোধকারী ব্যক্তি মূল্য সংযোজন কর আদায়, কর্তন ও জমা প্রদানে ব্যর্থ হন তাহা হইলে,

(অ) উক্ত মূল্য সংযোজন কর, সেবার মূল্য বা কমিশন উক্ত ব্যক্তির নিকট হইতে মাসিক দুই শতাংশ হারে, সুদসহ, আদায়যোগ্য হইবে এবং উহা এইরূপে আদায় করা হইবে যেন তিনি উপ-ধারা (৪কক) এর অধীন একজন নিবন্ধিত ব্যক্তি;

(আ) উপ-ধারা (৪কক) এর অধীন উৎসে আদায়কৃত, কর্তিত ও জমাকৃত মূল্য সংযোজন কর, এই আইনের বিধানাবলী অনুযায়ী সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র বলবৎ থাকা সাপেক্ষে, ধারা ৩৫ এ উল্লিখিত দাখিলপত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক পরিশোধিত কর হিসেবে উল্লেখ করা যাইবে।]

(৫) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিম্নবর্ণিত ক্ষেত্রে কর প্রদান করিতে হইবে, যথা:-

(ক) আমদানি পর্যায়ে, আমদানি শুল্কের সাথে;

(খ) উৎপাদন পর্যায়ে এবং ক্ষেত্রমত, ব্যবসায়ী পর্যায়ে, চলতি হিসাব ও দাখিলপত্রের মাধ্যমে; এবং

(গ) অন্যান্য পণ্য ও সেবা সরবরাহের ক্ষেত্রে দাখিলপত্রের মাধ্যমে।]

[৩][(৬) বোর্ড, আদেশ দ্বারা কোন নির্দিষ্ট সেবার ক্ষেত্রে সেবাগ্রহণকারী কর্তৃক কর পরিশোধের বিধান করিতে পারিবে।]

**৭। সম্পূরক শুল্ক আরোপ।**— (১) বিলাস পণ্য, অত্যাবশ্যক নহে এবং সামাজিকভাবে অনভিপ্রেত [৪][এবং অন্যান্য পণ্য ও সেবা যাহার উপর জনস্বার্থে সম্পূরক শুল্ক আরোপ করা যুক্তিযুক্ত] তৃতীয় তফসিলে উল্লিখিত এমন পণ্য ও সেবা যাহা বাংলাদেশে সরবরাহকৃত, আমদানিকৃত বা প্রদত্ত হয় উহার উপর উক্ত তফসিলে উল্লিখিত হারে সম্পূরক শুল্ক আরোপিত হইবে।

(২) সম্পূরক শুল্ক আরোপের উদ্দেশ্যে পণ্য বা সেবার মূল্য হইবে,

(ক) আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে, আমদানি শুল্ক আরোপের লক্ষ্যে Customs Act এর Section 25 [৫][অথবা section 25A] এর অধীন [৬][আমদানী শুল্ক আরোপনীয় মূল্যের সহিত আমদানী শুল্ক যোগ করিয়া যে মূল্য হয় সেই মূল্য];

(খ) বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের ক্ষেত্রে, প্রস্তুতকারক বা উৎপাদক কর্তৃক [৭][এবং করযোগ্য অন্যান্য পণ্যের ক্ষেত্রে ব্যবসায়ী কর্তৃক] উক্ত পণ্যের ক্রেতার নিকট হইতে প্রাপ্য পণ [৮][যাহাতে] মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক অন্তর্ভুক্ত থাকিবে না; [৯][*]

(গ) বাংলাদেশে প্রদত্ত সেবার ক্ষেত্রে, সেবা প্রদান বাবদ সর্বমোট প্রাপ্তি যাহাতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক অন্তর্ভুক্ত থাকিবে না [৯]; এবং

---

[১] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬৫ এর দফা (ঘ) দ্বারা উপ-ধারা (৪ঘ) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৪ঘ) প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬৫ এর দফা (ঙ) দ্বারা নূতন উপ-ধারা (৪ছ) সন্নিবেশিত।

[৩] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬৫ এর দফা (চ) দ্বারা নূতন উপ-ধারা (৬) সংযোজিত।

[৪] অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৭ উপ-ধারা (৩) দ্বারা "বিলাস পণ্য, অত্যাবশ্যক নহে এবং সামাজিকভাবে অনভিপ্রেত" শব্দগুলির পর "এবং অন্যান্য পণ্য ও সেবা যাহার উপর জনস্বার্থে সম্পূরক শুল্ক আরোপ করা যুক্তিযুক্ত" শব্দগুলি সন্নিবেশিত।

[৫] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৪) দ্বারা "অথবা section 25A" শব্দগুলি, সংখ্যাটি ও অক্ষরটি সন্নিবেশিত।

[৬] অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৩) দ্বারা "আমদানি শুল্ক যে মূল্যের উপর আরোপিত হয় সেই মূল্য" শব্দগুলির পরিবর্তে "আমদানি শুল্ক আরোপনীয় মূল্যের সহিত আমদানি শুল্ক যোগ করিয়া যে মূল্য হয় সেই মূল্য" শব্দগুলি প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৫) দ্বারা "উৎপাদক কর্তৃক" শব্দগুলির পর "এবং করযোগ্য অন্যান্য পণ্যের ক্ষেত্রে ব্যবসায়ী কর্তৃক" শব্দগুলি সন্নিবেশিত।

[৮] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (৫) এর দফা (ক) দ্বারা "যাহা" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৯] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (৫) এর দফা (ক) দ্বারা "এবং" শব্দটি বিলুপ্ত।

(ঘ) যে পণ্যের ক্ষেত্রে খুচরা মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর আরোপিত হইবে সেই পণ্যের ক্ষেত্রে সম্পূরক শুল্ক আরোপের উদ্দেশ্যে এই আইনের ধারা ৫(৩) এ বর্ণিত খুচরা মূল্য উক্ত পণ্যের মূল্য বলিয়া বিবেচিত হইবে।]

(৩) মূল্য সংযোজন কর যে সময় ও পদ্ধতিতে প্রদান করা হয় সেই একই সময় ও পদ্ধতিতে সম্পূরক শুল্ক প্রদেয় হইবে।

**৮। টার্ণওভার কর।—** [২][(১) করযোগ্য পণ্যের প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ী বা করযোগ্য সেবা প্রদানকারী কোন ব্যক্তি, যাহার ধারা ১৫ এর অধীন নিবন্ধিত হওয়ার বাধ্যবাধকতা নাই তিনি তাহার বার্ষিক টার্ণওভারের তিন শতাংশ হারে টার্ণওভার কর প্রদান করিবেন।

(১ক) ধারা ৬ এর উপ-ধারা (৪) এর অধীন আমদানি পর্যায়ে অগ্রিম মূল্য সংযোজন কর আদায়ের ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রযোজ্য হইবে না।]

(২) সর্বোচ্চ কি পরিমাণ টার্ণওভারের ওপর টার্ণওভার কর প্রদেয় হইবে তাহা নির্ধারণ, টার্ণওভার করদাতাগণের তালিকাভুক্তি [৩][ও ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা প্রদান], প্রদেয় টার্ণওভার কর নিরূপণ ও আদায় পদ্ধতি, নিরূপণের বিরুদ্ধে আপীল, অপরাধ ও দন্ডসমূহ, পণ্য আটক, ন্যায়-নির্ণয়ন, বাজেয়াপ্তি ও জরিমানা আরোপ এবং তৎসমূহ সম্পর্কিত আপীল, সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ক্ষমতা, হিসাবরক্ষণ, কম পরিশোধিত বা বকেয়া কর আদায়, ভুলবশতঃ বা অধিক পরিশোধিত কর প্রত্যর্পণ এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয় বিধি দ্বারা নির্ধারিত হইবে।

[৪][(৩) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনা এবং যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, উক্ত আদেশে উল্লিখিত সীমা ও শর্তসাপেক্ষে, যে কোন পণ্য বা সেবাকে 'টার্ণওভার' কর হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।]

[৫][(৪) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনা করিয়া এবং যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, কোন নির্দিষ্ট পণ্য, পণ্যশ্রেণী বা সেবা প্রদানকারীকে বার্ষিক টার্ণওভারের পরিমাণ নির্বিশেষে ধারা ১৫ এর আওতায় নিবন্ধিত হওয়া সহ মূল্য সংযোজন কর প্রদানের আদেশ প্রদান করিতে পারিবে।]

**[৬][(৮ক), (৮খ) (৮গ) বিলুপ্ত]**

[৭][**৮ঘ। বৃহৎ করদাতা ইউনিট গঠন।—** বোর্ড, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, দেশের সমগ্র এলাকা বা কোন নির্দিষ্ট এলাকায় নির্দিষ্ট পরিসীমা বা শ্রেণীর করদাতার নিকট হইতে মূল্য সংযোজন কর [৮][, সম্পূরক শুল্ক ও আবগারী শুল্ক] আদায় ও তত্ত্বাবধানের জন্য উক্ত শ্রেণীর করদাতাদের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক বৃহৎ করদাতা ইউনিট (Large Taxpayer Unit বা LTU) গঠন করিতে পারিবে।]

**৯। কর রেয়াত।—**[৯][(১) করযোগ্য পণ্যের সরবরাহকারী, ব্যবসায়ী বা করযোগ্য সেবা প্রদানকারী প্রতি কর মেয়াদে তৎকর্তৃক সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার উপর প্রদেয় উৎপাদ করের (output tax) বিপরীতে, নিম্নবর্ণিত ক্ষেত্র ব্যতীত, উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন, যথাঃ-

(ক) অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

(খ) টার্ণওভার করের আওতাভুক্ত করদাতার নিকট হইতে সংগৃহীত উপকরণের উপর পরিশোধিত টার্ণওভার কর;

(গ) পণ্য উৎপাদন বা সেবা প্রদানে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত সম্পূরক শুল্ক;

(ঘ) প্রথমবার ব্যতীত অন্য কোন দফায় পুনঃব্যবহারযোগ্য মোড়কের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

---

[১] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (৫) এর দফা (খ) দ্বারা দাঁড়ির পরিবর্তে ": এবং" সেমিকোলন ও শব্দটি প্রতিস্থাপিত এবং তৎপর নূতন দফা (ঘ) সংযোজিত।

[২] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬১ দ্বারা ধারা ৮ এর উপ-ধারা (১) এর পরিবর্তে উপ-ধারা (১) ও (১ক) প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬৬ এর দফা (খ) দ্বারা "তালিকাভুক্তি" শব্দটির পর "ও ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা প্রদান" শব্দগুলি সন্নিবেশিত।

[৪] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (৬) দ্বারা নূতন উপ-ধারা (৩) সংযোজিত।

[৫] অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৪) দ্বারা নূতন উপ-ধারা (৪) সংযোজিত।

[৬] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৭, ৭৮ ও ৭৯ দ্বারা বিলুপ্ত।

[৭] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৭ দ্বারা নূতন ধারা ৮ঘ সন্নিবেশিত।

[৮] অর্থ অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ৩৩ নং অধ্যাদেশ/২০০৯ সনের ১০ নং আইন) এর ধারা ৪১ দ্বারা "মূল্য সংযোজন কর" শব্দগুলির পর ", সম্পূরক শুল্ক ও আবগারী শুল্ক" কমা এবং শব্দগুলি সন্নিবেশিত।

[৯] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৯ এর দফা (ক) দ্বারা উপ-ধারা (১) এর পরিবর্তে নূতন উপ-ধারা (১) প্রতিস্থাপিত।

(ঙ) করযোগ্য পণ্য উৎপাদন বা করযোগ্য সেবা প্রদানের সহিত সরাসরি সম্পৃক্ত হইলেও কোন দালান-কোঠা বা অবকাঠামো বা স্থাপনা নির্মাণ, সুষমীকরণ, আধুনিকীকরণ, [১][প্রতিস্থাপন, সম্প্রসারণ,] পুনঃসংস্কারকরণ ও মেরামতকরণ, সকল প্রকার আসবাবপত্র, ষ্টেশনারী দ্রব্যাদি, এয়ারকন্ডিশনার, ফ্যান, আলোক সরঞ্জাম, জেনারেটর ইত্যাদি ক্রয় বা মেরামতকরণ, স্থাপত্য পরিকল্পনা ও নকশা [২][,যানবাহন, ইত্যাদি ভাড়া বা লীজ গ্রহণ,] ইত্যাদির সহিত সংশ্লিষ্ট পণ্য এবং সেবার উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

[৩][(চ) করযোগ্য পণ্য উৎপাদন বা সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের সহিত সম্পৃক্ত, বিধি দ্বারা নির্ধারিত, বিভিন্ন পণ্য ও সেবা এবং উহাদের উপর পরিশোধিত মূল্য সংযোজন করের হারের অতিরিক্ত মূল্য সংযোজন কর;]

(ছ) ভ্রমণ, আপ্যায়ন, কর্মচারীর কল্যাণ ও উন্নয়নমূলক কাজের ব্যয়ের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর;

[৪][(ছছ) ধারা ৫ এর—

(অ) উপ-ধারা (২) এ উল্লিখিত পণ্যের করযোগ্য মূল্য ভিত্তির মধ্যে অন্তর্ভুক্ত নয় এমন [৫][*] উপকরণের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর;

(আ) উপ-ধারা (২) এর দ্বিতীয় শর্তাংশে উল্লিখিত ব্যবসায়ী কর্তৃক ক্রয়কৃত উপকরণের উপর পরিশোধিত উপকরণ কর;]

(জ) ধারা ৫ এর উপ-ধারা (৪) এর বিধান অনুযায়ী কোন নির্দিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক ক্রীত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

[৬][(জজ) ধারা ৫ এর উপ-ধারা (৪ক) এ উল্লিখিত ব্যবসায়ী কর্তৃক ক্রয়কৃত উপকরণের উপর পরিশোধিত উপকরণ কর;]

(ঝ) ধারা ৫ এর উপ-ধারা (৭) এর বিধান অনুযায়ী নির্ধারিত ট্যারিফ মূল্যের ভিত্তিতে পণ্য সরবরাহকারী [৭][ও সেবা প্রদানকারী] কর্তৃক ক্রীত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

[৮][(ঞ) পণ্যের সরবরাহকারী, ব্যবসায়ী বা সেবা প্রদানকারী এবং ক্রেতার নিবন্ধন সংখ্যা ব্যতীত অন্য কোন নিবন্ধন সংখ্যা সম্বলিত বিল অব এন্ট্রি বা চালানপত্রে উল্লিখিত উপকরণ কর;

তবে শর্ত থাকে যে, বাংলাদেশের ভৌগোলিক সীমারেখার বাহির হইতে সেবা গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর সেবা গ্রহণকারী কর্তৃক পণ্য বা সেবা সরবরাহ মূল্য বা পণ্য মূল্য ঘোষণায় অন্তর্ভুক্ত থাকা ও সরকারী ট্রেজারীতে উক্ত মূল্য সংযোজন কর পরিশোধের প্রমাণপত্র থাকা সাপেক্ষে রেয়াত গ্রহণ করা যাইবে;]]

[৯][(ট) অন্যের অধিকারে, দখলে বা তত্ত্বাবধানে রক্ষিত পণ্যের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

(ঠ) বিধি দ্বারা নির্ধারিত ক্রয় হিসাব পুস্তকে অন্তর্ভুক্ত নয়, এমন উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

(ড) ব্যাংক গ্যারান্টির মাধ্যমে খালাসকৃত উপকরণের ক্ষেত্রে যে কারণে ব্যাংক গ্যারান্টি গ্রহণ করা হইয়াছে, তাহা চূড়ান্তভাবে নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ব্যাংক গ্যারান্টির অংশের সাথে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর; এবং

---

[১] অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭৫ এর দফা (ক) এর উপ-দফা (অ) দ্বারা "আধুনিকীকরণ," শব্দটি ও কমার পর "প্রতিস্থাপন, সম্প্রসারণ," শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

[২] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫১ এর দফা (ক) এর উপ-দফা (অ) দ্বারা "নকশা" শব্দের পর ",যানবাহন, ইত্যাদি ভাড়া বা লীজ গ্রহণ," শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

[৩] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৮ এর দফা (ক) দ্বারা দফা (চ) এর পরিবর্তে নূতন দফা (চ) প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ২০০৩ (২০০৩ সনের ১৭ নং আইন) এর ধারা ৩৮ এর দফা (ক) দ্বারা দফা (ছছ) এর পরিবর্তে নূতন দফা (ছছ) প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৬ এর দফা (ক) এর উপ-দফা (অ) দ্বারা "মূল্য বা" শব্দগুলি বিলুপ্ত।

[৬] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮০ এর দফা (ক) এর উপ-দফা (আ) দ্বারা নূতন দফা (জজ) সন্নিবেশিত।

[৭] অর্থ অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ৩৩নং অধ্যাদেশ/২০০৯ সনের ১০নং আইন) এর ধারা ৪২ দ্বারা "পণ্য সরবরাহকারী" শব্দগুলির পর "ও সেবা প্রদানকারী" শব্দগুলি সন্নিবেশিত।

[৮] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬২ এর দফা (ক) দ্বারা দফা (ঞ) এর পরিবর্তে নূতন দফা (ঞ) প্রতিস্থাপিত।

[৯] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৬ এর দফা (ক) এর উপ-দফা (আ) দ্বারা দফা (ট) এর পরিবর্তে চারটি নূতন দফা যথাক্রমে (ট), (ঠ), (ড) এবং (ঢ) প্রতিস্থাপিত।

(চ) পণ্য বা সেবার উপকরণের ক্রয় মূল্য এক লক্ষ টাকা বা তদূর্ধ্ব হইলে এবং উহার সমুদয় বা আংশিক ক্রয় মূল্য ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যম ব্যতিত পরিশোধিত হইলে, সেক্ষেত্রে উক্ত ক্রয়মূল্যের উপর পরিশোধিত উপকরণ কর;

তবে শর্ত থাকে যে, উপকরণের সাথে সম্পৃক্ত দলিলাদি করদাতা তাহার অধিকারে পাওয়া সত্ত্বেও যুক্তিসঙ্গত কোন কারণে একই কর মেয়াদে সমুদয় উপকরণ তাহার উৎপাদন, সরবরাহ বা সেবা প্রদানস্থলে প্রবেশ করাইতে ব্যর্থ হইলে অথবা ভুলবশতঃ একই করমেয়াদে রেয়াত গ্রহণে অসমর্থ হইলে উক্ত উপকরণ উৎপাদন, সরবরাহ বা সেবা প্রদানস্থলে সম্পূর্ণভাবে প্রবেশ করানো সাপেক্ষে পরবর্তী দুইটি করমেয়াদের যে কোন তারিখে উক্ত উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে।]

[২][*]

(২) উপ-ধারা (১) এ বর্ণিত ক্ষেত্রসমূহে উপকরণ কর রেয়াত গ্রহণের অধিকার না থাকা সত্ত্বেও কোন ব্যক্তি উক্তরূপ কর রেয়াত গ্রহণ করিলে সংশ্লিষ্ট কর্মকর্তা, ধারা ৩৭ এ যাহা কিছুই থাকুক না কেন, গৃহীত রেয়াত নাকচ করিয়া চলতি হিসাব বা দাখিলপত্রে প্রয়োজনীয় সমন্বয় সাধনের নির্দেশ দিতে পারিবেন।]

[৩][৪](২ক) এই আইনের অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, উপ-ধারা (২) এর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নির্দেশের ফলে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি, উক্ত নির্দেশের বিরুদ্ধে নির্দেশ প্রদানের তারিখ হইতে পনের কার্যদিবসের মধ্যে, উক্ত কর্মকর্তার উর্ধ্বতন মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট লিখিত আপত্তি দাখিল করিতে পারিবেন।]

(২খ) উপ-ধারা (২ক) এর অধীন কোন লিখিত আপত্তি দাখিল করা হইলে, উক্ত কর্মকর্তা লিখিত আপত্তি দাখিলের তারিখ হইতে [৫][পনের কার্যদিবসের] মধ্যে আপত্তি দাখিলকারী ব্যক্তিকে শুনানীর যুক্তিসঙ্গত সুযোগ প্রদানপূর্বক, উহা নিষ্পত্তি করিবেন এবং উক্ত কর্মকর্তার অনুরূপ কোন আদেশ চূড়ান্ত হইবে।]

(৩) করযোগ্য পণ্যের সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী কোন ব্যক্তি যিনি মূল্য সংযোজন কর আরোপযোগ্য নহে এমন পণ্যও সরবরাহ করেন বা এমন সেবাও প্রদান করেন তিনি মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য প্রস্তুতে বা উৎপাদনে বা প্রদত্ত সেবায় মোট উপকরণের যে পরিমাণ ব্যবহৃত হইয়াছে সেই পরিমাণের অনুপাতে উৎপাদ করের বিপরীতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

[৬][(৪) করযোগ্য পণ্যের সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী বা ব্যবসায়ী কর্তৃক মূল্য সংযোজন কর পরিশোধিত উপকরণ উৎপাদনস্থল, সেবা প্রদান বা ব্যবসায়স্থলে সংরক্ষণকালে ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত হইলে উক্ত ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্যের উপকরণ কর বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিষ্পত্তিযোগ্য হইবে।]

**১০। উৎপাদন কর প্রদান পরবর্তীকালে হিসাবে সংশোধন।**—যে ক্ষেত্রে কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক কোন করযোগ্য পণ্য সরবরাহ বাবদ চালানপত্র প্রদানের পর পণ্যের বিক্রয় বাতিল করা হয় এবং পণ্য ফেরত গ্রহণ করা হয়, সে ক্ষেত্রে উক্ত ব্যক্তি উক্ত ফেরত গৃহীত পণ্য সরবরাহের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক চলতি হিসাব ও পরবর্তী দাখিলপত্রের মাধ্যমে তৎকর্তৃক প্রদেয় উৎপাদ করের বিপরীতে সমন্বয় করিতে পারিবেন।

**১১। উদ্বৃত্ত উপকরণ করের নিষ্পত্তি।**—যে ক্ষেত্রে কোন কর মেয়াদে রেয়াতযোগ্য উপকরণ কর প্রদেয় উৎপাদ করের অতিরিক্ত হয়, সেক্ষেত্রে উক্ত উদ্বৃত্ত উপকরণ কর নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পরবর্তী কর মেয়াদের চলতি হিসাবে জের টানা হইবে এবং উহা শেষোক্ত কর মেয়াদে উপকরণ কর বলিয়া গণ্য হইবে।

**১২। আইন প্রবর্তনের সময়ে মজুদ বাবদ উপকরণ কর রেয়াত।**—কোন নিবন্ধিত ব্যক্তির নিকট এই আইন প্রবর্তনের তারিখে উক্ত তারিখের পূর্বে তৎকর্তৃক ক্রীত Excises and Salt Act, 1944 (I of 1944) এর অধীনে আবগারী শুল্ক আরোপযোগ্য এবং Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982) এর অধীনে বিক্রয় কর আরোপযোগ্য উপকরণের অথবা এই আইন প্রবর্তনের পরবর্তী কোন সময়ে নূতনভাবে মূল্য সংযোজন করের আওতায় অন্তর্ভুক্ত কোন পণ্য প্রস্তুতে বা উৎপাদনে ব্যবহৃতব্য মূল্য সংযোজন কর প্রদত্ত উপকরণের মজুদ থাকিলে তিনি সংশ্লিষ্ট

---

[১] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৯ এর দফা (খ) ও (গ) দ্বারা উপ-ধারা (১ক) এর পরিবর্তে নূতন উপ-ধারা (১ক) এবং উপ-ধারা (২) এর পরিবর্তে নূতন উপ-ধারা (২) প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১১ নং আইন) এর ধারা ৬৭ দ্বারা উপ-ধারা (১ক) বিলুপ্ত।

[৩] অর্থ আইন, ২০০৩ (২০০৩ সনের ১৭ নং আইন) এর ধারা ৩৮ এর দফা (খ) দ্বারা নূতন উপ-ধারা (২ক) ও (২খ) সন্নিবেশিত।

[৪] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫১ এর দফা (খ) দ্বারা উপ-ধারা (২ক) এর পরিবর্তে নূতন উপ-ধারা (২ক) প্রতিস্থাপিত।

[৫] অর্থ অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১০ নং অধ্যাদেশ/২০০৯ সনের ৯ নং আইন) এর ধারা ৬০ দ্বারা "সাত কার্যদিবসের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮০ এর দফা (খ) দ্বারা নূতন উপ-ধারা (৪) সংযোজিত।

কর্মকর্তার অনুমোদনক্রমে বিধি দ্বারা নির্ধারিত কোন মেয়াদে ক্রীত উক্তরূপ উপকরণ বাবদ বিধিতে উল্লিখিত হারে ও পদ্ধতিতে প্রদেয় উৎপাদ করের বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

**১৩। রপ্তানিকৃত পণ্য প্রস্তুতে বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত কর** [১][**প্রত্যর্পণ (Drawback)**]।—(১) [২][Customs Act, 1969 (IV of 1969) এর Chapter VI-এর বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, এই ধারার অধীনে] যে কোন ব্যক্তি তৎকর্তৃক রপ্তানিকৃত পণ্য প্রস্তুতে বা উৎপাদনে বা রপ্তানিকৃত সেবায় বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্যে বা সেবায় বা ধারা ৩ এর উপ-ধারা (২) এ উল্লিখিত খাদ্য বা অন্য কোন সামগ্রীতে ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, আবগারী শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর ([৩][আগাম প্রদত্ত আয়কর এবং রপ্তানি পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে ব্যবহৃত, সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এতদুদ্দেশ্যে নির্ধারিত, কোন উপকরণের উপর প্রদত্ত সম্পূরক শুল্ক] ব্যতীত) প্রত্যর্পণ হিসেবে পাওয়ার অধিকারী হইবেন [৪]ঃ

[৫][তবে শর্ত থাকে যে, কোন রপ্তানীকৃত বা রপ্তানীকৃত বলিয়া গণ্য পণ্য বা সেবা রপ্তানির তারিখের এবং যেক্ষেত্রে নিশ্চিত ও অপরিবর্তনীয় রপ্তানি ঋণপত্রের অথবা অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র অথবা স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের শর্ত মোতাবেক আংশিক জাহাজীকরণের (Partial Shipment) ভিত্তিতে পণ্য রপ্তানি করা হয় সেক্ষেত্রে সর্বশেষ রপ্তানির তারিখের ছয় মাসের মধ্যে প্রত্যর্পণ (Drawback) দাবী করা না হইলে, এই ধারার অধীন প্রত্যর্পণ (Drawback) প্রদেয় হইবে না।]

**ব্যাখ্যা।**- এই উপ-ধারায়, "রপ্তানির তারিখ" বলিতে যে তারিখে রপ্তানিকৃত পণ্য বা সেবার মালিক Customs Act এর section 131 এর বিধান অনুযায়ী উক্ত পণ্য বা সেবা রপ্তানির বিল অব এক্সপোর্ট সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হস্তান্তর করেন সেই তারিখ বুঝাইবে।]

[৬][(১ক) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, রপ্তানিকৃত পণ্য প্রস্তুতে বা উৎপাদনে বা রপ্তানিকৃত সেবায় বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্যে বা সেবায় ব্যবহৃত কোন নির্দিষ্ট উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর এবং, প্রযোজ্য ক্ষেত্রে, অন্যান্য শুল্ক বা কর প্রত্যর্পণের হার নির্ধারণ করিতে পারিবে।]

(২) কোন রপ্তানিকারক তৎকর্তৃক বাংলাদেশে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার উপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে তৎকর্তৃক রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্যে বা সেবায় বা ধারা ৩ এর উপ-ধারা (২) এ উল্লিখিত খাদ্য বা অন্য কোন সামগ্রীতে ব্যবহৃত উপকরণের উপর উপ-ধারা (১) মোতাবেক প্রত্যর্পণযোগ্য যাবতীয় কর ও শুল্ক সমন্বয় করিতে পারিবেন।

[৭][(৩) "মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর", সরকারি গেজেটে জারিকৃত আদেশ দ্বারা, কোনো রপ্তানিকারককে প্রকৃত রপ্তানির বিপরীতে চালানভিত্তিক বা, ক্ষেত্রমত, রপ্তানি পণ্যের উপকরণ-উৎপাদ সম্পর্ক (input-output co-efficient) এর ভিত্তিতে নির্ধারিত সমহার (flat rate) এ রপ্তানিকৃত পণ্যে ব্যবহৃত উপকরণের ওপর পরিশোধিত পরিমাণ উপ-ধারা (১) এ উল্লিখিত শুল্ক ও করসমূহ প্রত্যর্পণের নির্দেশ প্রদান করিতে পারিবেন।]

[৮][(৪) বোর্ড, সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত শর্তসাপেক্ষে কোন আন্তর্জাতিক চুক্তি বাস্তবায়নের জন্য স্থানীয়ভাবে উৎপাদিত কোন পণ্য বা সেবার উপর কোন ব্যক্তি বা সংস্থা কর্তৃক পরিশোধিত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রত্যর্পণের নির্দেশ প্রদান করিতে পারিবে।]

**১৪। অব্যাহতি।**—(১) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত সীমা ও শর্ত সাপেক্ষে, যে কোন পণ্য বা পণ্য শ্রেণীর আমদানি বা সরবরাহ বা প্রদত্ত যে কোন সেবাকে এই আইনের অধীন আরোপযোগ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

---

[১] অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৩ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৬) দ্বারা "**প্রত্যর্পন**" শব্দটির পরিবর্তে "**প্রত্যর্পণ (Drawback)**" শব্দগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৯০ দ্বারা উপ-ধারা (১) এ "যে কোন ব্যক্তি" শব্দগুলির পূর্বে "Customs Act, 1969 (IV of 1969) এর Chapter VI-এর বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, এই ধারার অধীনে" শব্দগুলি, সংখ্যাগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

[৩] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (৭) এর দফা (ক) দ্বারা "আগাম প্রদত্ত আয়কর" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৬) দ্বারা দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত এবং তৎপর নূতন শর্তাংশ সংযোজিত।

[৫] অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭৬ দ্বারা উপ-ধারা (১) এর শর্তাংশের পরিবর্তে নূতন শর্তাংশ প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ২০০৫ (২০০৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৩৭ দ্বারা নূতন উপ-ধারা (১ক) সন্নিবেশিত।

[৭] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬৮ দ্বারা উপ-ধারা (৩) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৩) প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৮ নং আইন) এর ধারা ৮এর উপ-ধারা (৩) দ্বারা নতুন উপ-ধারা (৪) সংযোজিত।

[১][(১ক) বোর্ড, বিশেষ আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত সীমা ও শর্ত সাপেক্ষে কোন আন্তর্জাতিক চুক্তি বা দ্বিপক্ষীয় চুক্তি পারস্পরিক ভিত্তিতে (reciprocal basis) বাস্তবায়নের জন্য, যে কোন পণ্যের আমদানি, সরবরাহ গ্রহণ বা সেবা গ্রহণ-কে এই আইনের অধীনে আরোপযোগ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।]

(২) বোর্ড, বিশেষ আদেশবলে প্রত্যেক ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক, করযোগ্য যে কোন পণ্যের আমদানি বা সরবরাহ বা প্রদত্ত সেবাকে এই আইনের অধীনে আরোপযোগ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

**১৫। নিবন্ধন।**—(১) করযোগ্য পণ্যের সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী বা যে কোন পণ্যের আমদানিকারক বা যে কোন পণ্য বা সেবার রপ্তানিকারককে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নিবন্ধিত হইতে হইবে।

(২) যদি কোন ব্যক্তি দুই বা ততোধিক স্থান হইতে উক্তরূপ পণ্য সরবরাহ করেন বা সেবা প্রদান করেন বা আমদানি বা রপ্তানির ব্যবসায় পরিচালনা করেন তাহা হইলে তাহাকে প্রতিটি স্থানের জন্য পৃথকভাবে নিবন্ধিত হইতে হইবে [২]ঃ

[৩][তবে শর্ত থাকে যে, যদি কোন ব্যক্তি দুই বা ততোধিক স্থান হইতে তাহার করযোগ্য পণ্যের উৎপাদন, সরবরাহ বা সেবা প্রদান বা আমদানি বা রপ্তানি ব্যবসায় পরিচালনা করেন এবং সকল হিসাব-নিকাশ একত্রে সংরক্ষণ করেন তাহা হইলে তিনি, স্বেচ্ছায়, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত হইতে পারিবেন।]]

(৩) নিবন্ধনের আবেদনপত্র সর্বতোভাবে যথাযথ বলিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি আবেদনকারীকে নিবন্ধিত করিবেন এবং তাহার ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিয়া তাহাকে একটি নিবন্ধনপত্র প্রদান করিবেন।

[৪][(৩ক) এই ধারার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোন নির্দিষ্ট শ্রেণীর করযোগ্য পণ্যের সরবরাহকারী বা আমদানীকারক বা করযোগ্য সেবা প্রদানকারীর ক্ষেত্রে উপ-ধারা (৩) এর অধীন প্রদত্ত নিবন্ধনপত্রের মেয়াদ বিধি দ্বারা নির্ধারণ করা যাইবে এবং উক্ত বিধিতে নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে উক্তরূপ নিবন্ধনপত্র মেয়াদান্তে নবায়ন করা যাইবে।]

(৪) যদি নিবন্ধনযোগ্য কোন ব্যক্তি নিবন্ধনের জন্য আবেদনপত্র পেশ না করেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা যথাযথ অনুসন্ধানের পর সন্তুষ্ট হন যে উক্ত ব্যক্তির এই ধারার অধীন নিবন্ধিত হওয়ার বাধ্যবাধকতা রহিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ব্যক্তিকে [৫][নিবন্ধিত করিয়া তাহাকে অবহিত করিবেন] এবং যেদিন হইতে উক্ত বাধ্যবাধকতার উদ্ভব হইয়াছে সেই দিন হইতেই উক্ত ব্যক্তি নিবন্ধিত বলিয়া গণ্য হইবেন।

[৬][(৫) উপ-ধারা (১), (২), (৩) ও (৪) এ যাহা কিছুই থাকুক না কেন মূল্য সংযোজন কর ও আয়করের জন্য প্রত্যেক নিবন্ধিত ব্যক্তিকে একটি সমন্বিত (Unified) নিবন্ধন সংখ্যা প্রদান করা যাইবে। তবে শর্ত থাকে যে, বোর্ড, গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপনের মাধ্যমে এই সমন্বিত নিবন্ধন সংখ্যা প্রদানের সময় ও পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।]

**১৬। নিবন্ধন হইতে অব্যাহতি।**—(১) সরকার, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, কোন ব্যক্তি বা ব্যক্তিশ্রেণীকে তাহার বা তাহাদের করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদান হইতে প্রাপ্য বা প্রাপ্ত বার্ষিক টার্ণওভার এর ভিত্তিতে ধারা ১৫ এর অধীনে নিবন্ধনের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি দিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন অব্যাহতি শুধু এমন ব্যক্তি বা ব্যক্তিশ্রেণীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে যাহার বা যাহাদের উক্তরূপ প্রাপ্য বা প্রাপ্ত বার্ষিক টার্ণওভার এর পরিমাণ সরকার কর্তৃক প্রজ্ঞাপন দ্বারা, সময় সময়, নির্ধারিত অংকের অধিক না হয়।

(২) বোর্ড, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, যে কোন শ্রেণীর আমদানিকারক বা রপ্তানিকারককে নিবন্ধনের আবশ্যকতা হইতে অব্যাহতি দিতে পারিবে।

---

[১] অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৭) দ্বারা নূতন উপ-ধারা (১ক) সন্নিবেশিত।

[২] অর্থ আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১১ নং আইন) এর ধারা ৯ এর উপ-ধারা (৪) দ্বারা দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত এবং শর্তাংশ সংযোজিত।

[৩] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৬৯ দ্বারা উপ-ধারা (২) এর শর্তাংশের পরিবর্তে নূতন শর্তাংশ প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৯ দ্বারা নূতন উপ-ধারা (৩ক) সন্নিবেশিত।

[৫] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (৮) দ্বারা "নিবন্ধিত হইতে বাধ্য করিবেন" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৬] অর্থ অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১০ নং অধ্যাদেশ/২০০৯ সনের ৯ নং আইন) এর ধারা ৬১ দ্বারা নূতন উপ-ধারা (৫) সন্নিবেশিত।

**১৭। স্বেচ্ছা নিবন্ধন।**—[১][(১)] ধারা ১৬ অনুযায়ী নিবন্ধন হইতে অব্যাহতিপ্রাপ্ত যে কোন ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী হিসাবে স্বেচ্ছায় নিবন্ধনের জন্য বিধি দ্বারা নির্ধারিত [২][ফরমে] ও পদ্ধতিতে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট আবেদন করিতে পারিবেন এবং উক্ত আবেদনপত্র সর্বতোভাবে যথাযথ বলিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি আবেদনকারীকে নিবন্ধিত করিবেন এবং তাহার ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিয়া তাহাকে একটি নিবন্ধনপত্র প্রদান করিবেন।

[৩][(২) এই আইনে ভিন্নরূপ যাহা কিছু থাকুক না কেন, বাংলাদেশে প্রস্তুতকৃত, উৎপাদিত বা আমদানিকৃত কোন পণ্যের বিক্রেতা, হস্তান্তরকারী বা ইজারা প্রদানকারী অথবা, দ্বিতীয় তফসিলে বর্ণিত সেবা [৪][*] প্রদানকারী কোন ব্যক্তি যিনি ধারা ১৫ এর উপ-ধারা (১) এর আওতা-বহির্ভূত তিনি ইচ্ছা করিলে করযোগ্য পণ্য সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী হিসাবে স্বেচ্ছায় নিবন্ধনের জন্য বিধি দ্বারা নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট আবেদন করিতে পারিবেন এবং উক্ত আবেদনপত্র সর্বতোভাবে যথাযথ বলিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি আবেদনকারীকে নিবন্ধিত করিবেন এবং তাহার ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিয়া তাহাকে একটি নিবন্ধনপত্র প্রদান করিবেন; এবং এইরূপ নিবন্ধিত ব্যক্তি এই আইনের অধীন করদাতা হিসাবে বিবেচিত হইবেন এবং এই আইনের অধীন কর নিরূপণ ও পরিশোধ সম্পর্কিত সংশ্লিষ্ট সকল বিধান তাহার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।]

**১৮। নিবন্ধন সংক্রান্ত তথ্যের পরিবর্তন।**—নিবন্ধনের আবেদনপত্রে উল্লিখিত নাম, ঠিকানা বা অন্য কোন তথ্যের [৫][পরিবর্তন করার ইচ্ছা করিলে নিবন্ধিত ব্যক্তি উক্ত পরিবর্তনের তারিখের অন্যূন চৌদ্দ দিন পূর্বে] সংশ্লিষ্ট কর্মকর্তাকে উহা অবহিত করিবেন।

**১৯। নিবন্ধন বাতিলকরণ।**—(১) কোন নিবন্ধিত [৬][অথবা তালিকাভুক্ত] ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা করযোগ্য পণ্য আমদানি বা যে কোন পণ্য বা সেবা রপ্তানির ব্যবসায় কার্য পরিচালনা হইতে বিরত হইলে তিনি উক্তরূপ বিরত হওয়ার চৌদ্দ দিনের মধ্যে তৎসম্পর্কে সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করিবেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা যদি সন্তুষ্ট হন যে, উক্ত ব্যক্তির মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক সম্পর্কিত কোন অনিষ্পন্ন দায়-দায়িত্ব নাই তাহা হইলে তিনি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তৎকর্তৃক নির্ধার্য তারিখে উক্ত ব্যক্তির নিবন্ধন [৭][অথবা তালিকাভুক্তি সংখ্যা] বাতিল করিবেন [৮][ঃ

তবে শর্ত থাকে যে, ধারা ১৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশের আলোকে বোর্ডের নির্দেশ মোতাবেক বিভাগীয় কর্মকর্তা কর্তৃক নিবন্ধন প্রদান করা হইলে উক্তরূপ নিবন্ধন বাতিলের পূর্বে সংশ্লিষ্ট কমিশনার এতদ্‌সংক্রান্ত সকল তথ্য উল্লেখপূর্বক নিবন্ধন বাতিলের সুপারিশসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করিবেন এবং বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শুনানী গ্রহণপূর্বক নিবন্ধন প্রদান সংক্রান্ত তদ্‌কর্তৃক প্রদত্ত আদেশ বাতিলের সিদ্ধান্ত প্রদান করিলে উক্তরূপ সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট কর্মকর্তা নিবন্ধন বাতিলের কার্যক্রম গ্রহণ করিবেন।]

[৯][(১ক) সংশ্লিষ্ট কর্মকর্তা যদি তদন্তপূর্বক এই মর্মে নিশ্চিত হন যে, নিবন্ধিত [১০][অথবা তালিকাভুক্ত] ব্যক্তি অসত্য তথ্য সরবরাহ করিয়া [১১][নিবন্ধন অথবা তালিকাভুক্তি সংখ্যা গ্রহণ করিয়াছেন অথবা ধারা ৩৭ এর উপ-ধারা (৪) এর দফা (ক) অনুসারে নিবন্ধন বাতিল করা হইয়াছে], তাহা হইলে তিনি সংশ্লিষ্ট নিবন্ধিত [১২][অথবা তালিকাভুক্ত] ব্যক্তিকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান করিয়া উক্ত ব্যক্তির মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সম্পর্কিত কোন অনিষ্পন্ন দায়-দায়িত্ব যদি থাকে, তাহা নিষ্পত্তিপূর্বক উক্ত ব্যক্তির নিবন্ধন বাতিল করিতে পারিবেন।]

---

[১] অর্থ আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১১ নং আইন) এর ধারা ৯ এর উপ-ধারা (৫) দ্বারা উপ-ধারা (১) হিসাবে পুনঃ সংখ্যায়িত।

[২] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১) দ্বারা প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১১ নং আইন) এর ধারা ৯ এর উপ-ধারা (৫) দ্বারা নূতন উপ-ধারা (২) সংযোজিত।

[৪] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮১ দ্বারা "সেবা ব্যতীত, কোন" শব্দগুলি ও কমা বিলুপ্ত।

[৫] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (৯) দ্বারা "পরিবর্তন হইলে নিবন্ধিত ব্যক্তি উক্ত পরিবর্তনের চৌদ্দ দিনের মধ্যে" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫২ এর দফা (ক) দ্বারা "নিবন্ধিত" শব্দটির পর "অথবা তালিকাভুক্ত" শব্দগুলি সন্নিবেশিত।

[৭] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫২ এর দফা (ক) দ্বারা "নিবন্ধন" শব্দটির পর "অথবা তালিকাভুক্তির সংখ্যা" শব্দগুলি সন্নিবেশিত।

[৮] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫২ এর দফা (খ) দ্বারা "দাড়ি" চিহ্ন এর পরিবর্তে "কোলন" চিহ্ন প্রতিস্থাপিত এবং একটি নূতন শর্ত সংযোজিত।

[৯] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮২ দ্বারা নূতন উপ-ধারা (১ক) সন্নিবেশিত।

[১০] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫২ এর দফা (গ) দ্বারা "নিবন্ধিত" শব্দটির পর "অথবা তালিকাভুক্ত" শব্দগুলি সন্নিবেশিত।

[১১] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫২ এর দফা (গ) দ্বারা "নিবন্ধন গ্রহণ করিয়াছেন" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[১২] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫২ এর দফা (গ) দ্বারা "নিবন্ধিত" শব্দটির পর "অথবা তালিকাভুক্ত" শব্দগুলি সন্নিবেশিত।

(২) যদি কোন নিবন্ধিত ব্যক্তির বার্ষিক টার্ণওভার ধারা ১৬ এর অধীন সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণের কম হয় এবং সংশ্লিষ্ট কর্মকর্তা সন্তুষ্ট হন যে, উক্ত ব্যক্তির আর ধারা ১৫ এর অধীন নিবন্ধিত থাকার বাধ্যবাধকতা নাই তাহা হইলে উক্ত ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তৎকর্তৃক নির্ধার্য তারিখে তাহার নিবন্ধন বাতিল করিবেন।

[১][(৩) যদি কোন ব্যক্তির নিবন্ধন বাতিল হয় এবং নিবন্ধন বাতিলের তারিখ হইতে কোন কর বা শুল্ক রেয়াত বা চলতি হিসাবে অন্য কোন জের পাওনা থাকে, তাহা হইলে উক্ত রেয়াত বা জের, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, ফেরত পাওয়ার অধিকারী হইবে, তবে এই ক্ষেত্রে ধারা ৬৭ এর উপ-ধারা (১) এর শর্তাংশে বিধৃত ছয় মাসের মধ্যে ফেরত প্রদানের দাবী উত্থাপনের শর্ত প্রযোজ্য হইবে না।]

[২][(৪) এই ধারার অধীন কোন নিবন্ধন বা তালিকাভুক্তি বাতিল হওয়ার পর সংশ্লিষ্ট কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, উক্ত ব্যক্তির নিকট কোন বকেয়া পাওনা রহিয়াছে তাহা হইলে উক্ত ব্যক্তির নিকট হইতে প্রাপ্য বকেয়া ও যাবতীয় পাওনাদি এমনভাবে আদায় করা হইবে যেন তিনি এই আইনের অধীনে একজন নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি।]

[৩][**১৯ক। নিবন্ধন ব্যতীত টেন্ডারে অংশগ্রহণে বিধি-নিষেধ, ইত্যাদি।**—নিবন্ধন ব্যতীত কোন ব্যক্তি কোন টেন্ডারে অংশগ্রহণ করিতে পারিবেন না বা তাহার অনুকূলে কোন কার্যাদেশ প্রদান করা যাইবে না।]

[৪][**২০। মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের নিয়োগ।**— [৫][(১)] বোর্ড, এই আইন ও বিধি কার্যকর করিবার উদ্দেশ্যে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত যে কোন এলাকার জন্য যে কোন ব্যক্তিকে-

[৬][(ক) সদস্য, মূল্য সংযোজন কর;]
[৭][৮][(কক)] চীফ কমিশনার, মূল্য সংযোজন কর;
[৯][(ককক)] কমিশনার, মূল্য সংযোজন কর;]
(খ) কমিশনার (আপীল), মূল্য সংযোজন কর;
(গ) কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর;
[১০][(গগ) মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল;]
(ঘ) মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর মূল্য সংযোজন কর;
(ঙ) মহাপরিচালক, শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, মূল্য সংযোজন কর;
[১১][(চ) অতিরিক্ত কমিশনার, অতিরিক্ত মহাপরিচালক বা পরিচালক (সিআইসি), মূল্য সংযোজন কর;
(ছ) যুগ্ম-কমিশনার, যুগ্ম-পরিচালক (সিআইসি) বা পরিচালক, মূল্য সংযোজন কর;]
(জ) উপ-কমিশনার বা উপ-পরিচালক, মূল্য সংযোজন কর;
(ঝ) সহকারী কমিশনার বা সহকারী পরিচালক, মূল্য সংযোজন কর;
(ঞ) [১২][রাজস্ব কর্মকর্তা], মূল্য সংযোজন কর;
(ট) [১৩][সহকারী রাজস্ব কর্মকর্তা], মূল্য সংযোজন কর;
(ঠ) অন্য যে কোন পদবীর মূল্য সংযোজন কর কর্মকর্তা,-

নিয়োগ করিতে পারিবে।]

[৫][(২) উপ-ধারা (১) এর অধীনে নিয়োগকৃত মূল্য সংযোজন কর কর্মকর্তাগণ মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ হিসেবে অভিহিত হইবে।]

---

[১] অর্থ আইন, ২০০৩ (২০০৩ সনের ১৭ নং আইন) এর ধারা ৪০ দ্বারা উপ-ধারা (৩) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৩) প্রতিস্থাপিত।
[২] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৭ দ্বারা নূতন উপ-ধারা (৪) সংযোজিত।
[৩] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৩ দ্বারা নূতন ধারা ১৯ক সন্নিবেশিত।
[৪] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫০ দ্বারা ধারা ২০ এর পরিবর্তে নূতন ধারা ২০ প্রতিস্থাপিত।
[৫] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৮ এর দফা (খ) দ্বারা উপ-ধারা (১) হিসাবে সংখ্যায়িত।
[৬] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৬ এর দফা (ক) দ্বারা নূতন দফা (ক) সন্নিবেশিত।
[৭] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৭০ দ্বারা "কমিশনার, মূল্য সংযোজন কর;" শব্দাবলী, কমা ও সেমিকোলন এর পরিবর্তে "চীফ কমিশনার, মূল্য সংযোজন কর;" শব্দাবলী, কমা ও সেমিকোলন প্রতিস্থাপিত এবং দফা (ক) এর পর নূতন দফা (কক) সন্নিবেশিত।
[৮] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৬ এর দফা (ক) দ্বারা দফা (ক) দফা (কক) হিসেবে পুনসংখ্যায়িত।
[৯] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৬ এর দফা (ক) দ্বারা দফা (কক) দফা (ককক) হিসেবে পুনসংখ্যায়িত।
[১০] অর্থ অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১০ নং অধ্যাদেশ/২০০৯ সনের ৯ নং আইন) এর ধারা ৬২ দ্বারা নূতন দফা (গগ) সন্নিবেশিত।
[১১] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৪ এর দফা (খ) দ্বারা দফা (চ) ও (ছ) যথাক্রমে নতুন দফা (চ) ও (ছ) দ্বারা প্রতিস্থাপিত।
[১২] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৮ এর দফা (ক) দ্বারা "সুপারিনটেনডেন্ট" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।
[১৩] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন)এর ধারা ৭৮ এর দফা (ক) দ্বারা "ইন্সপেক্টর" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

**২১। ক্ষমতা।**—(১) ধারা ২০ এর অধীন নিযুক্ত কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা এই আইনের দ্বারা বা অধীনে তাহাকে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ এবং তাহার উপর অর্পিত কর্তব্য পালন করিবেন; এবং তিনি তাহার অধঃস্তন যে কোন কর্মকর্তাকে প্রদত্ত বা তাহার উপর অর্পিত সকল ক্ষমতা প্রয়োগ ও কর্তব্য সম্পাদন করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, এই আইনের বা তদধীনে প্রণীত বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, বোর্ড, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা উক্ত ক্ষমতা প্রয়োগ ও কর্তব্য পালনের উপর উহা যেরূপ উপযুক্ত বিবেচনা করে, সেইরূপ পরিসীমা নির্ধারণ ও শর্ত আরোপ করিতে পারিবে।

[১](২) মূল্য সংযোজন কর কর্মকর্তাগণ মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও টার্ণওভার করের পরিমাণ নির্ধারণ ও উহা আদায়সহ তৎসংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন করিবেন।

[২][২২। **ক্ষমতা অর্পণ।**—[৩][(১) বোর্ড, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত পরিসীমা ও শর্তাবলি, যদি থাকে, সাপেক্ষে, নাম বা পদবি উল্লেখপূর্বক –

(ক) যে কোন কমিশনার বা মহাপরিচালক, মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন চীফ কমিশনার, মূল্য সংযোজন কর,

(খ) যে কোন অতিরিক্ত কমিশনার বা অতিরিক্ত মহাপরিচালক বা পরিচালক (সিআইসি), মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন কমিশনার, কমিশনার (আপীল) বা মহাপরিচালক, মূল্য সংযোজন কর,

(গ) যে কোন যুগ্ম-কমিশনার বা যুগ্ম পরিচালক (সিআইসি) বা পরিচালক, মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন অতিরিক্ত কমিশনার, অতিরিক্ত মহাপরিচালক বা পরিচালক (সিআইসি), মূল্য সংযোজন কর, বা কমিশনার, কমিশনার (আপীল) বা মহাপরিচালক, মূল্য সংযোজন কর,

(ঘ) যে কোন উপ-কমিশনার বা উপ-পরিচালক, মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন যুগ্ম-কমিশনার, যুগ্ম পরিচালক (সিআইসি) বা পরিচালক, মূল্য সংযোজন কর, বা অতিরিক্ত কমিশনার, অতিরিক্ত মহাপরিচালক বা পরিচালক (সিআইসি), মূল্য সংযোজন কর,

(ঙ) যে কোন সহকারী কমিশনার বা সহকারী পরিচালক, মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন উপ-কমিশনার বা উপ-পরিচালক, মূল্য সংযোজন কর,

(চ) অন্য যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে এই আইন বা বিধির অধীন সহকারী কমিশনার বা সহকারী পরিচালক, মূল্য সংযোজন কর,

এর যে কোন ক্ষমতা প্রয়োগের অধিকার অর্পণ করিতে পারিবে।]

(২) কোন ক্ষেত্রে বোর্ড ভিন্নতর নির্দেশ না দিলে, কমিশনার বা মহাপরিচালক তাহার অধঃস্তন যে কোন কর্মকর্তাকে, তাহার অধিক্ষেত্রের সর্বত্র বা কোন নির্দিষ্ট এলাকায়, এই আইন বা বিধির অধীন কমিশনারের বা মহাপরিচালকের বা এই আইনের অধীন অন্য যে কোন কর্মকর্তার যে কোন ক্ষমতা প্রয়োগের কর্তৃত্ব দান করিতে পারিবেন।]

**২৩। মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের দায়িত্ব অন্য কর্মকর্তাগণের উপর ন্যস্তকরণ।**—বোর্ড সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, শর্তসাপেক্ষে বা বিনা শর্তে, এই আইনের অধীন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার যে কোন দায়িত্ব অন্য কোন সরকারী কর্মকর্তার উপর অর্পণ করিতে পারিবে।

[৪][২৪। **মূল্য সংযোজন কর কর্মকর্তাকে সহায়তা প্রদান।**—(১) মূল্য সংযোজন কর কর্মকর্তাগণকে এই আইনের অধীন তাহাদের দায়িত্ব পালনে সহায়তা করার জন্য এতদ্দ্বারা পুলিশ, [৫][বর্ডার গার্ড বাংলাদেশ], বাংলাদেশ কোষ্ট গার্ড ও

---

[১] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৮ এর দফা (খ) দ্বারা নূতন উপ-ধারা (২) সন্নিবেশিত।

[২] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫১ দ্বারা ধারা ২২ এর পরিবর্তে নূতন ধারা ২২ প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৫ দ্বারা ধারা ২২ এর উপ-ধারা (১) এর পরিবর্তে নূতন উপ-ধারা (১) প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৬) দ্বারা ধারা ২৪ এর পরিবর্তে নূতন ধারা ২৪ প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৭১ দ্বারা "বাংলাদেশ রাইফেলস্" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

আনসারের যে কোন সদস্য এবং [১][ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, সিটি কর্পোরেশন এর কর্তৃপক্ষ], [২][মূল্য সংযোজন কর,] আবগারী, শুল্ক, আয়কর ও মাদকদ্রব্য সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা ও নিয়ন্ত্রণকারী সকল সরকারী কর্মকর্তাসহ অন্য যে কোন সরকারী কর্মকর্তা এবং সকল ব্যাংক কর্মকর্তার উপর ক্ষমতা অর্পণ ও দায়িত্ব আরোপ করা হইল।

[৩][(২) সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন মূল্য সংযোজন কর কর্মকর্তা, তাঁকে সহায়তা বা সহায়তা করার উদ্দেশ্যে উপ-ধারা (১) এ উল্লিখিত কোন সদস্য, কর্তৃপক্ষ বা কর্মকর্তাকে যে কোন ব্যক্তির স্থাবর-অস্থাবর সম্পত্তির হিসাব, ব্যাংক একাউন্টের হিসাব বিবরণী, দলিলাদিসহ অন্য যে কোন তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ করিতে পারিবেন এবং উক্ত অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সদস্য, কর্তৃপক্ষ বা কর্মকর্তা চাহিদাকৃত তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।]

[৪][**২৪ক। মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক সহায়তা প্রদান।**—The Customs Act, 1969 (IV of 1969), Gift Tax Act, 1963 (XIV of 1963) কিংবা দান কর আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২২ নং আইন), Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর [৫][উদ্দেশ্য] পূরণকল্পে মূল্য সংযোজন কর সংক্রান্ত প্রয়োজনীয় সকল তথ্যাদি উক্ত আইন প্রয়োগ ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে মূল্য সংযোজন কর কর্মকর্তাগণ সরবরাহ করিবেন।]

**২৫। সমন প্রেরণের ক্ষমতা।**—(১) পদমর্যাদায় [৬][রাজস্ব কর্মকর্তার] নিম্নে নহেন এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা তৎকর্তৃক এই আইনের উদ্দেশ্যে পরিচালিত যে কোন তদন্তে যে ব্যক্তির উপস্থিতি প্রয়োজন আছে বলিয়া বিবেচনা করেন, সাক্ষ্য দেওয়া বা কোন দলিলপত্র বা অন্য কোন বস্তু দাখিল করার জন্য সেই ব্যক্তির উপর, লিখিতভাবে সমন জারির কারণ উল্লিখসহ, সমন জারি করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন সমনকৃত যে কোন ব্যক্তি উক্ত কর্মকর্তার নির্দেশ মোতাবেক সশরীরে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে উপস্থিত হইতে বাধ্য থাকিবেন:

তবে শর্ত থাকে যে, Code of Civil Procedure, 1908 (Act V of 1908)-এর Sections 132 ও 133-এর অধীনে কোন আদালতে ব্যক্তিগতভাবে উপস্থিত হওয়া হইতে অব্যাহতিপ্রাপ্ত কোন ব্যক্তিকে সশরীরে হাজির হওয়ার জন্য তলব করা যাইবে না।

(৩) কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা তৎকর্তৃক পরিচালিত যে কোন তদন্ত Penal Code, (Act XLV of 1860) এর Sections 193 ও 228 এর অধীন বিচার বিভাগীয় কার্যধারা বলিয়া গণ্য হইবে।

[৭][**২৬। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণের উৎপাদনস্থল, সেবাপ্রদানস্থল, ব্যবসায়স্থল ও ঘরবাড়ীতে প্রবেশ, মজুদ পণ্য, সেবা ও উপকরণ পরিদর্শন এবং হিসাব ও নথিপত্র পরীক্ষা করার অধিকার।**—(১) উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত—

(ক) যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদনস্থল বা সরবরাহস্থল বা সেবা প্রদানের স্থল বা ব্যবসায়স্থল বা সংশ্লিষ্ট অন্য কোন ঘরবাড়ী বা অঙ্গনে প্রবেশের অধিকার থাকিবে;

(খ) যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদন প্রক্রিয়া, মজুদ পণ্য, সেবা ও উপকরণ পরিদর্শন ও তদসংক্রান্ত হিসাব পরীক্ষা করিতে পারিবেন; এবং

(গ) যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা যে কোন সময় নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির মূল্য সংযোজন কর সংক্রান্ত পুস্তক, নথিপত্র ও বাণিজ্যিক দলিলাদিসহ ব্যবসা সংক্রান্ত সকল দলিলাদি পরীক্ষা করিতে, উহা দাখিল করিবার নির্দেশ প্রদান করিতে বা [৮][উক্ত দলিলাদি ও ক্ষেত্রমত, পণ্য আটক

---

[১] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৯১ এর দফা (ক) দ্বারা "যে কোন সদস্য এবং" শব্দগুলির পর "ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, সিটি কর্পোরেশন এর কর্তৃপক্ষ" শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

[২] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৬ দ্বারা সন্নিবেশিত।

[৩] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৯ দ্বারা উপ-ধারা (২) এর পরিবর্তে নূতন উপ-ধারা (২) প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৮) দ্বারা নূতন ধারা ২৪ক সংযোজিত।

[৫] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫৩ দ্বারা "উদ্দেশ্যে" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮০ দ্বারা "সুপারিনটেনডেন্টের" শব্দটির পরিবর্তে "রাজস্ব কর্মকর্তার" শব্দটি প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫২ দ্বারা ধারা ২৬ এর পরিবর্তে নূতন ধারা ২৬ প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮১ এর দফা (ক) দ্বারা "নির্দেশ প্রদান করিতে বা" শব্দগুলির পর "উক্ত দলিলাদি ও ক্ষেত্রমত, পণ্য আটক করিতে বা আটককৃত পণ্য হেফাজত বা সংরক্ষণের উদ্দেশ্যে উৎপাদনস্থল, সরবরাহস্থল বা ব্যবসায়স্থলে, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন মূল্য সংযোজন কর্মকর্তা, তালাবদ্ধ করিতে" শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

করিতে বা আটককৃত পণ্য হেফাজত বা সংরক্ষণের উদ্দেশ্যে উৎপাদনস্থল, সরবরাহস্থল বা ব্যবসায়স্থলে, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন মূল্য সংযোজন কর্মকর্তা, তালাবদ্ধ করিতে] বা এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় অন্যান্য কার্য করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত স্থান কাহারো আবাসস্থল হইলে উক্ত কর্মকর্তা, উক্ত আবাসস্থলের স্বত্বাধিকারী বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা তত্ত্বাবধানকারীকে যথাযথ নোটিশ প্রদান ব্যতিরেকে, উহাতে প্রবেশ করিতে পারিবেন না, তবে ধারা ৪৮ক এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার ক্ষেত্রে অনুরূপ নোটিশ প্রদানের প্রয়োজন হইবে না।

(৩) এই আইনের অধীন কোন দায়িত্ব পালনের প্রয়োজনে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা উপ-ধারা (১) এ উল্লিখিত কোন স্থানে প্রবেশ করিলে উক্ত স্থানের স্বত্বাধিকারী, তত্ত্বাবধানকারী বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উক্ত কর্মকর্তার চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য, দলিলাদি বা নমুনা সরবরাহসহ অন্যান্য সকল যুক্তিসঙ্গত সহায়তা প্রদান করিবেন।

(৪) এই ধারার অধীন কোন তথ্য, দলিলাদি বা নমুনা প্রাপ্তির পর যদি দেখা যায় যে, সংশ্লিষ্ট নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি কোন রাজস্ব ফাঁকি দিয়াছেন বা কোন অনিয়ম করিয়াছেন তাহা হইলে তৎসম্পর্কে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা [১][নির্ধারিত সময়ের জন্য, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন মূল্য সংযোজন কর্মকর্তা, সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (freeze) করাসহ] এই আইনের অধীন যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের [২][রাজস্ব কর্মকর্তা] তাঁহার এখতিয়ারাধীন এলাকায় কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদনস্থল বা সরবরাহস্থল বা সেবা প্রদানস্থল বা ব্যবসায়স্থল পরিদর্শন এবং মজুদ পণ্য, সেবা, উপকরণ ও হিসাব পরীক্ষা করিতে পারিবেন।

(৬) এই ধারার উদ্দেশ্যপূরণকল্পে, টার্নওভার করের আওতায় তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য প্রতিষ্ঠান এবং কুটির শিল্পের সুবিধাপ্রাপ্ত বা সুবিধা দাবীকারী প্রতিষ্ঠানও নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি বলিয়া গণ্য হইবে।]

[৩][**২৬ক। করদাতার কর সংশ্লিষ্ট কার্যক্রম নিরীক্ষা এবং অনুসন্ধান।**- (১) যুগ্ম-কমিশনার বা যুগ্ম-পরিচালক পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা, এই আইনের অধীন প্রদেয় করের যথার্থতা নিরূপণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্যক্রম নিরীক্ষা বা অনুসন্ধানের জন্য যে কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তিকে নির্বাচন করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনায় রাখিতে হইবে, যথা:-

(ক) এই আইন বা সংশ্লিষ্ট অন্য কোন আইনের অধীন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির অতীত কার্যক্রম ;

(খ) নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি কর্তৃক পরিচালিত পণের বিনিময়ে অর্থনৈতিক কার্যক্রমের প্রকৃতি বা ধরন ; এবং

(গ) এই আইনের অধীন প্রদেয় কর নিরূপণ ও আদায় নিশ্চিতকরণকল্পে প্রাসঙ্গিক অন্য কোন বিষয়।

(৩) এই ধারার অধীন নিরীক্ষা বা অনুসন্ধান কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে বোর্ড এই আইন এবং বিধির বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ রীতি ও পদ্ধতি নির্ধারণকল্পে প্রয়োজনীয় আদেশ বা নির্দেশনা জারী করিতে পারিবে এবং উক্তরূপে কোন আদেশ বা নির্দেশনা জারী করা হইলে উহা মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক অনুসৃত হইবে।

(৪) এই ধারার অধীন নিরীক্ষা বা অনুসন্ধান কার্যক্রম পরিচালনার জন্য আদেশপ্রাপ্ত কর্মকর্তা উপ-ধারা (৩) এর অধীন জারিকৃত আদেশ বা নির্দেশনার ভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বা অনুসন্ধান সম্পন্ন করিয়া আদেশদানকারী কর্মকর্তার নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

(৫) উপ-ধারা (৪) এ উল্লিখিত নিরীক্ষা প্রতিবেদন প্রাপ্তির পর নিরীক্ষিত কর মেয়াদে এই আইনের অধীন করদাতার প্রদেয় করের দায়-দায়িত্ব উদঘাটিত হইলে, যথাযথভাবে করদায়িতা নির্ধারণ, নির্ধারিত করদায়িতার মধ্যে অপরিশোধিত করের উপর প্রযোজ্য সুদসহ উক্ত অপরিশোধিত কর আদায়, নিরীক্ষা বা অনুসন্ধানে উদঘাটিত কর ফাঁকি সংক্রান্ত অপরাধ বা অন্যান্য অনিয়ম সম্পর্কে যথাযথ দণ্ড আরোপের জন্য উহা সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

---

[১] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮১ এর দফা (খ) দ্বারা "তৎসম্পর্কে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা" শব্দগুলির পর "নির্ধারিত সময়ের জন্য, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন মূল্য সংযোজন কর্মকর্তা, সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (freeze) করাসহ" শব্দগুলি, কমাগুলি ও বন্ধনী সন্নিবেশিত।

[২] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮১ এর দফা (গ) দ্বারা "সুপারিনটেনডেন্ট" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৭ দ্বারা ধারা ২৬ক এর পরিবর্তে নূতন ধারা ২৬ক প্রতিস্থাপিত।

(৬) পুনঃনিরীক্ষা ও পুনঃ অনুসন্ধান করিবার যুক্তিযুক্ত কারণ থাকিলে কোন ব্যক্তির কোন কর মেয়াদ সংশ্লিষ্ট কার্যক্রম নিরীক্ষিত বা অনুসন্ধানকৃত হওয়া সত্ত্বেও, উক্ত করদাতার অন্য কোন কর মেয়াদ সংশ্লিষ্ট কার্যক্রম পুনঃনিরীক্ষা এবং পুনঃ অনুসন্ধান করার ক্ষেত্রে কোন বাধা থাকিবে না ।

(৭) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির মজুদ পণ্য পরিদর্শন ও হিসাব পরীক্ষা করিবার জন্য বোর্ড, আদেশ দ্বারা, যুক্তিসঙ্গত পারিশ্রমিক নির্ধারণ ও শর্তাদি স্থিরক্রমে কোন নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে।

(৮) উপ-ধারা (৭) এর অধীন নিয়োগপ্রাপ্ত নিরীক্ষক এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, একজন মূল্য সংযোজন কর কর্মকর্তা হিসাবে গণ্য হইবেন।

(৯) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, টার্নওভার করের আওতায় তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য প্রতিষ্ঠান এবং কুটির শিল্পের সুবিধাপ্রাপ্ত বা সুবিধা দাবীকারী প্রতিষ্ঠানও এই আইনের অধীন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি বলিয়া গণ্য হইবে।]

**২৬খ। তত্ত্বাবধানাধীন সরবরাহ (Supervised Supply), পর্যবেক্ষণ ও নজরদারী সংক্রান্ত বিধান।**—(১) এই আইনের ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এর উদ্দেশ্য পূরণকল্পে কমিশনার কোন নিবন্ধিত ব্যক্তির উৎপাদনস্থল, সরবরাহস্থল, সেবা প্রদানস্থল বা ব্যবসায়স্থল পর্যবেক্ষণ, নজরদারী ও তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করার জন্য এক বা একাধিক মূল্য সংযোজন কর কর্মকর্তা নিয়োগ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(২) কমিশনারের যদি বিশ্বাস করিবার যথেষ্ট কারণ থাকে যে, কোন করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারী পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে প্রাপ্য পণ ও করের হিসাব সঠিকভাবে মূল্য সংযোজন কর সংক্রান্ত পুস্তক ও বাণিজ্যিক দলিলাদিতে উল্লেখ বা দাখিলপত্রে ঘোষণা প্রদান করেন না, অথবা পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে চালানপত্র ইস্যু করেন না বা চালানপত্র ইস্যু করিলেও আইনানুগভাবে ইস্যু করেন না অথবা কর প্রদানের দায়-দায়িত্ব পরিহারের উদ্দেশ্যে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষকে করযোগ্য পণ্য ও সেবার লেনদেন বা বিক্রয় সংক্রান্ত তথ্য প্রদান করেন না অথবা অসত্য তথ্য প্রদান করেন, তাহা হইলে তিনি উক্ত ব্যক্তির প্রকৃত করের দায়-দায়িত্ব নিরূপণের লক্ষ্যে, তিনি যেই সময় পর্যন্ত যুক্তিযুক্ত মনে করেন সেই সময় পর্যন্ত উক্ত ব্যক্তির পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা ব্যবসায়স্থলে পর্যবেক্ষণ, নজরদারী ও তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করার উদ্দেশ্যে এক বা একাধিক মূল্য সংযোজন কর কর্মকর্তা নিয়োগ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(৩) উপ-ধারা (১) ও (২) এর অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা উল্লিখিত করদাতার পণ্য সরবরাহ অথবা সেবা প্রদান কার্যক্রম পর্যবেক্ষণ, নজরদারী ও তত্ত্বাবধান করিতে পারিবেন এবং এইরূপ পর্যবেক্ষণ বা নজরদারী বা তত্ত্বাবধানের মাধ্যমে প্রাপ্ত করযোগ্য পণ্য বা সেবার লেনদেন বা বিক্রয় বা প্রযোজ্য কর সংক্রান্ত তথ্য কমিশনারের নিকট উপস্থাপন করিবেন, যাহার ভিত্তিতে কমিশনার উক্ত করদাতার সংশ্লিষ্ট করমেয়াদ বা অন্য যে কোন করমেয়াদের কর নির্ধারণ করিতে পারিবেন।

(৪) যদি কমিশনারের বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, কোন করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারী ধারা ৩২ অনুযায়ী চালানপত্র প্রদান করেন না বা অসত্য চালানপত্র প্রদান করেন অথবা ধারা ৩১ মোতাবেক রক্ষিত হিসাবপত্রে বা ধারা ৩৫ এর অধীনে প্রদত্ত কোন কর মেয়াদের দাখিলপত্রে বিক্রয় মূল্য বা সর্বমোট প্রাপ্তি সঠিকভাবে প্রদর্শন করেন না, সেইক্ষেত্রে তিনি উক্ত করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারীর সহিত তুলনীয় অভিন্ন অবস্থান, পরিবেশ ও পরিস্থিতিসম্পন্ন অনুরূপ করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারীর বিক্রয় মূল্য বা সর্বমোট প্রাপ্তি বা অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি বিবেচনাপূর্বক প্রথম লব্ধ ধারণার ভিত্তিতে বিবেচ্য করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারীর জন্য প্রতি করমেয়াদে ন্যূনতম বিক্রয়ের পরিমাণ, মূল্য সংযোজনের পরিমাণ, প্রদেয় করের ভিত্তিমূল্য বা প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন।

(৫) এই ধারার বিধান কার্যকর করার ক্ষেত্রে করদাতার অনুকূলে শুনানীর সুযোগদান সংক্রান্ত আইনের অন্যান্য বিধানাবলী অনুসরণ করিতে হইবে।]

**২৭। বাজেয়াপ্তযোগ্য পণ্য আটক।**—(১) [১][সহকারী কমিশনার এর পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ মূল্য সংযোজন কর কর্মকর্তার] নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বাজেয়াপ্তযোগ্য যে কোন পণ্য আটক করিতে পারিবেন এবং যে ক্ষেত্রে উক্ত পণ্য আটক করা সম্ভব নহে, সে ক্ষেত্রে তিনি উক্ত পণ্যের মালিক

---

[১] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫৪ দ্বারা "কমিশনার অথবা বিভাগীয় কর্মকর্তার" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

বা উক্ত পণ্য যে ব্যক্তির দখলে বা তত্ত্বাবধানে রহিয়াছে সে ব্যক্তিকে উক্ত কর্মকর্তার প্রাক-অনুমতি ব্যতীত উক্ত পণ্য অপসারণ, হস্তান্তর বা প্রকারান্তরে বিলিবন্দেজ না করার নির্দেশ দান করিতে পারিবেন [১][:

[২][তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার অধীন কোন নিবন্ধিত ব্যক্তির পণ্য আটক করা হইলে, উক্ত পণ্যের ন্যায়-নির্ণয়ন অনিষ্পন্ন থাকা অবস্থায় (Pending adjudication), বিধিতে উল্লিখিত কর্মকর্তা বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও শর্তাধীনে আটককৃত পণ্য উক্ত নিবন্ধিত ব্যক্তি বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির অনুকূলে অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান করিতে পারিবেন।]]

(২) উপ-ধারা (১)-এর অধীনে আটককৃত পণ্যের প্রস্তাবিত বাজেয়াপ্তকরণের কারণ উল্লিখ করিয়া পণ্য আটককরণের তারিখ হইতে দুই মাসের মধ্যে পণ্যের মালিকের উপর কারণ দর্শাও নোটিশ জারী করিতে হইবে এবং তাহাকে আনীত অভিযোগের বিরুদ্ধে লিখিত জবাব দাখিল করার সুযোগ এবং যদি তিনি ইচ্ছা প্রকাশ করেন তাহা হইলে ব্যক্তিগতভাবে বা তাহার মনোনীত কৌসুলির মাধ্যমে শুনানির সুযোগ প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, [৩][কমিশনার], কারণ লিপিবদ্ধ করিয়া, উপরি-উক্ত দুই মাস মেয়াদ অনধিক দুই মাসের জন্য বর্ধিত করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, যেক্ষেত্রে পণ্যের মালিক বা সংশ্লিষ্ট ব্যক্তির অপরাধ স্বীকারোক্তিমূলক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে পণ্য বাজেয়াপ্তির বা অর্থদণ্ডের আদেশ দেওয়া হয় এবং উক্ত মালিক বা সংশ্লিষ্ট ব্যক্তি কারণ দর্শাও নোটিশ ব্যতিরেকে প্রদত্ত উক্ত আদেশের বিরুদ্ধে আপীল করার অধিকার ক্ষুণ্ণ না করিয়া, আদেশটি পালন করিতে লিখিতভাবে সম্মতি জ্ঞাপন করেন, সেক্ষেত্রে উক্ত আদেশের প্রতি এই উপ-ধারার বিধান প্রযোজ্য হইবে না।

(৩) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন আটককৃত কোন পণ্যের মালিকের উপর পণ্য আটকের দুই মাসের মধ্যে অথবা, ক্ষেত্রমত, [৪][কমিশনার] কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে উপ-ধারা (২) অনুযায়ী কারণ দর্শাও নোটিশ জারি করা না হয় সেক্ষেত্রে উক্ত পণ্য যে ব্যক্তির দখল হইতে আটক করা হইয়াছিল সেই ব্যক্তিকে ফেরত দিতে হইবে।

**২৮। আটককৃত পণ্যের ব্যবস্থাপনা।**— ধারা ২৭ এর অধীন আটককৃত যাবতীয় পণ্যের সংরক্ষণ, নিষ্পত্তি বা প্রকারান্তরে ব্যবস্থাপনার ক্ষেত্রে Customs Act এর Section 169 এর বিধানাবলী, প্রয়োজনীয় পরিবর্তন সাপেক্ষে, প্রযোজ্য হইবে।

**২৯। পণ্য বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থের বিলিবন্দেজ।**—এই আইনের অধীন কোন পণ্য, বাজেয়াপ্তকৃত পণ্য ব্যতীত, বিক্রয় এবং উহার বিক্রয়লব্ধ অর্থের বিলিবন্দেজ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে Customs Act এর Section 201 এর বিধান, প্রয়োজনীয় পরিবর্তন সাপেক্ষে, প্রযোজ্য হইবে।

**৩০। বাজেয়াপ্তকৃত পণ্যের ব্যবস্থাপনা।**—সরকারের অনুকূলে নিরঙ্কুশভাবে বাজেয়াপ্তকৃত পণ্য বোর্ড, বিধি সাপেক্ষে, যেভাবে চাহিবে সেভাবে ব্যবস্থাপনা করিতে পারিবে।

**৩১। হিসাবরক্ষণ।**— [৫][(১)] প্রত্যেক নিবন্ধিত ব্যক্তিকে, কোন নির্দিষ্ট করমেয়াদে, তাহার করদায়িতা নিরূপণের সুবিধার্থ তৎকর্তৃক বা তাহার পক্ষে তাহার কোন এজেন্ট কর্তৃক ক্রীত বা সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবা সম্পর্কিত নিম্নলিখিত [৬][পুস্তক ও নথিপত্র] বিধি দ্বারা নির্ধারিত [৭][ফরম] ও পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে এবং তাহার ব্যবসায়স্থলে মজুদ রাখিতে হইবে:

(ক) করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য ও সেবা ক্রয়ের বিবরণী এবং তৎসংশ্লিষ্ট চালানপত্র;

(খ) করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বা উক্ত পণ্য বা সেবা রপ্তানির বিবরণী এবং তৎসংশ্লিষ্ট চালানপত্র;

(গ) চলতি হিসাব;

(ঘ) মূল্য সংযোজন কর প্রদানের উদ্দেশ্যে চালানের মাধ্যমে ট্রেজারীতে বা এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদিত কোন ব্যাংকে জমাকৃত অর্থের হিসাব বিবরণী;

---

[১] অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৯) দ্বারা দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত এবং তৎপর নূতন শর্তাংশ সংযোজিত।

[২] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৭) দ্বারা উপ-ধারা (১) এর শর্তাংশের পরিবর্তে নূতন শর্তাংশ প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১) দ্বারা "কালেক্টর" শব্দের পরিবর্তে "কমিশনার" শব্দটি প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১) দ্বারা "কালেক্টর" শব্দের পরিবর্তে "কমিশনার" শব্দটি প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৮ দ্বারা ধারা ৩১ এর বর্তমান বিধান উপ-ধারা (১) হিসেবে পুনসংখ্যায়িত হয়।

[৬] অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১০) এর দফা (ক) দ্বারা "নথিসমূহ" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১) দ্বারা "ফর্ম" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

(ঙ) উপকরণ ও প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের মজুদের বিবরণী; এবং

[১][(ঙঙ) করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য অথবা সেবা প্রদান সংক্রান্ত বাণিজ্যিক দলিলাদি;]

(চ) বিধি দ্বারা নির্ধারিত হইতে পারে এমন [২][পুস্তক ও নথিপত্র]:

[৩][তবে শর্ত থাকে যে, বোর্ড, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিবন্ধিত কোন ব্যক্তি কোন্ পদ্ধতিতে এবং কি ধরনের পুস্তক ও নথিপত্র সংরক্ষণ করিবেন উহা নির্ধারণ করিতে পারিবে।]

[৪][(২) কোন নিবন্ধিত ব্যক্তি বিধি দ্বারা নির্ধারিত হিসাব পুস্তকের অতিরিক্ত বাণিজ্যিক উদ্দেশ্যে সংরক্ষিত সকল বাণিজ্যিক দলিল বা হিসাব পুস্তকের নাম ও বিবরণ (ফরমেটসহ) সংক্রান্ত ঘোষণা সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট দাখিল করিবেন।]

**৩২। কর চালানপত্র।**—প্রত্যেক নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান বা পণ্য বা সেবা রপ্তানি বা করযোগ্য আমদানিকৃত পণ্য বিক্রয়কালে বিধি দ্বারা [৫][নির্ধারিত পদ্ধতি ও ফরমে অথবা বোর্ড কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে অনুমোদিত অন্য কোন [৬][পদ্ধতিতে ও] ফরমে] একটি সংখ্যানুক্রমিক চালানপত্র প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে,—

(ক) করযোগ্য পণ্যের প্রতিটি সরবরাহ বা করযোগ্য আমদানিকৃত পণ্যের প্রতিটি বিক্রয় বা করযোগ্য সেবা প্রদান বা পণ্য বা সেবা রপ্তানির প্রতিটি ক্ষেত্রে একাধিক চালানপত্র প্রদান করা যাইবে না;

(খ) যে ক্ষেত্রে কোন ব্যক্তি মূল কর চালানপত্র হারাইয়াছে বলিয়া দাবি করেন, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্য সরবরাহকারী বা সেবা প্রদানকারী উক্ত ব্যক্তিকে স্পষ্টভাবে "অনুলিপি মাত্র" চিহ্ন সম্বলিত একটি অনুলিপি প্রদান করিতে পারিবেন।

[৭][**৩৩। নথিপত্র সংরক্ষণের মেয়াদ।**- [৮][(১)] যে নিবন্ধিত ব্যক্তির ধারা ৩১ এর অধীন কোন নথিপত্র সংরক্ষণের বাধ্যবাধকতা রহিয়াছে, তাহাকে উক্ত নথিপত্র যে করমেয়াদ সম্পর্কিত সেই করমেয়াদ সমাপ্তির পরবর্তী অন্যূন [৯][৬ (ছয়)] বছর উহা বাংলাদেশে সংরক্ষণ করিতে হইবে; তবে, নিবন্ধিত ব্যক্তির বিরুদ্ধে [১০][এই আইনের অধীন উদ্ভূত কোন বিরোধ বা তদন্ত বা মামলা অনিষ্পন্ন থাকিলে, উহা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত বিরোধ বা তদন্ত বা] মামলা সংশ্লিষ্ট করমেয়াদের নথিপত্র সংরক্ষণ করিতে হইবে।]

[১১][(২) উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারীকে বিধিতে উল্লিখিত দলিলাদি অন্যূন ৬ (ছয়) বছর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।]

**৩৪। নথিপত্র, ইত্যাদি পেশকরণ।**—যে কোন সময় কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা এতদুদ্দেশ্যে নির্দেশ দান করিলে কোন নিবন্ধিত ব্যক্তি তাহার অধিকার বা নিয়ন্ত্রণাধীন [১২][নথিপত্র, বাণিজ্যিক দলিলাদি, ইত্যাদি] উক্ত কর্মকর্তার নিকট পেশ করিতে বাধ্য থাকিবেন।

[১৩][**৩৪ক। মূল্য সংযোজন কর সংক্রান্ত দলিলপত্রের প্রত্যায়িত প্রতিলিপি প্রদান।**—পদমর্যাদায় সহকারী কমিশনার, মূল্য সংযোজন কর এর নিম্নে নহেন এমন কোনো মূল্য সংযোজন কর কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদনকারী ব্যক্তি কোন প্রতারণা করেন নাই অথবা তাহার কোন প্রতারণা করিবার অভিপ্রায় নাই এবং মূল্য সংযোজন কর সংক্রান্ত কাঙ্ক্ষিত দলিলপত্র আবেদনে বর্ণিত উদ্দেশ্যের সহিত সংশ্লিষ্ট, তাহা হইলে উক্ত কর্মকর্তা, কোন ব্যক্তির আবেদনক্রমে,

---

[১] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৯৩ দ্বারা নূতন দফা (ঙঙ) সন্নিবেশিত।

[২] অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১০) এর দফা (ক) দ্বারা "নথিপত্র" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭৯ দ্বারা ধারা ৩১ এর শর্তাংশের পরিবর্তে নূতন শর্তাংশ প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৮ দ্বারা নূতন উপ-ধারা (২) সন্নিবেশিত।

[৫] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৭) দ্বারা "নির্ধারিত পদ্ধতি ও ফরমে" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮৪ দ্বারা "অনুমোদিত অন্য কোন" শব্দগুলির পর "পদ্ধতিতে ও" শব্দগুলি সন্নিবেশিত।

[৭] অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১০) দ্বারা ধারা ৩৩ এর পরিবর্তে নূতন ধারা ৩৩ প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮২ এর দফা (ক) দ্বারা উপ-ধারা (১) হিসাবে সংখ্যায়িত।

[৯] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮২ এর দফা (ক) দ্বারা "চার" শব্দের পরিবর্তে "৬ (ছয়)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত।

[১০] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৬৯ দ্বারা "এই আইনে দায়েরকৃত যে কোন মামলা অনিষ্পন্ন থাকিলে, উক্ত মামলা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[১১] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮২ এর দফা (খ) দ্বারা নূতন উপ-ধারা (২) সংযোজিত।

[১২] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৯৪ দ্বারা "নথিপত্র" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[১৩] অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩৬ দ্বারা নূতন ধারা ৩৪ক সন্নিবেশিত।

বোর্ড কর্তৃক, সময় সময়, আদেশ দ্বারা নির্ধারিত হারে ফিস গ্রহণ করিয়া উক্ত দলিলপত্রের প্রত্যায়িত প্রতিলিপি সরবরাহ করিতে পারিবেন।]

**৩৫। দাখিলপত্র পেশকরণ।**—প্রত্যেক করযোগ্য পণ্য [১][প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ী] বা করযোগ্য সেবা প্রদানকারী বিধি দ্বারা নির্ধারিত [২][ফরম] ও পদ্ধতিতে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নির্ধারিত তারিখের মধ্যে প্রতিটি করমেয়াদের জন্য এই আইনের অধীনে তাহার সকল করদায়িতার বিবরণ সম্বলিত দাখিলপত্র পেশ করিবেন।

**৩৬। দাখিলপত্রের পরীক্ষা।**—(১) সংশ্লিষ্ট কর্মকর্তা কোন ব্যক্তি কর্তৃক ধারা ৩৫ এর অধীন পেশকৃত দাখিলপত্র বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যথাশীঘ্র সম্ভব পরীক্ষা করিবেন এবং পরীক্ষান্তে যদি প্রমাণিত হয় যে, উক্ত ব্যক্তি কর্তৃক পরিশোধিত [৩][মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক] তৎকর্তৃক এই আইনের অধীন প্রদেয় [৪][মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক] অপেক্ষা কম, তাহা হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা [৫][প্রদেয় কর নির্ধারণ করিবেন এবং] উক্ত ব্যক্তিকে আদেশ দ্বারা, আদেশ প্রাপ্তির সাত দিনের মধ্যে মধ্যে—

(ক) পণ্য সরবরাহের ক্ষেত্রে, চলতি হিসাবে সমন্বয়ের মাধ্যমে; এবং

(খ) সেবা প্রদানের ক্ষেত্রে, তৎকর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত পন্থায়, অপরিশোধিত পরিমাণ [৬][মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক] পরিশোধ করার নির্দেশ দান করিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন পরীক্ষান্তে যদি প্রমাণিত হয় যে, সংশ্লিষ্ট ব্যক্তি তৎকর্তৃক এই আইনের অধীন প্রদেয় [৭][মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক] অপেক্ষা অধিক পরিমাণ [৮][মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক] পরিশোধ করিয়াছেন, তাহা হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত ব্যক্তিকে, আদেশ দ্বারা, উক্ত অধিক পরিমাণ পরিশোধিত [৯][মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক] তৎকর্তৃক পরবর্তী করমেয়াদে প্রদেয় [১০][মূল্য সংযোজন করের বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের] বিপরীতে সমন্বয় সাধনের সুযোগ দান করিবেন।

(৩) ধারা ৩৫ এর অধীন পেশকৃত দাখিলপত্র পরীক্ষাকালে যদি সংশ্লিষ্ট কর্মকর্তা কোন করযোগ্য পণ্যের যথাযথ উপকরণ-উৎপাদ সম্পর্ক নির্ধারণের প্রয়োজন আছে বলিয়া মনে করেন অথবা কোন সরবরাহকৃত করযোগ্য পণ্য বা প্রদত্ত করযোগ্য সেবা এবং উহা হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ কম দেখানো হইয়াছে বলিয়া মনে করেন তাহা হইলে তিনি উক্ত পণ্যের যথাযথ উপকরণ-উৎপাদ সম্পর্ক নির্ধারণ অথবা, ক্ষেত্রমত, উক্ত পণ্য বা সেবার পরিমাণ ও উহা হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ নির্ধারণের উদ্দেশ্যে প্রয়োজনীয় সমীক্ষার ব্যবস্থা করিতে পারিবেন।

(৪) যে ক্ষেত্রে কোন নিবন্ধিত ব্যক্তি ধারা ৩৫ এর অধীন দাখিলপত্র পেশ করিতে ব্যর্থ হন অথবা উক্ত ধারার অধীন পেশকৃত দাখিলপত্রে কোন ভুল বা ভুল বলিয়া তাহার বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে এমন কোন তথ্য সরবরাহ করেন যাহার ফলে পরিশোধিত [১১][মূল্য সংযোজন করের বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের] পরিমাণ কম হয়, বা রপ্তানির ক্ষেত্রে, যথাযথ পরিমাণের চেয়ে অধিক পরিমাণ অর্থ প্রত্যর্পণযোগ্য বলিয়া দাবি করেন, সেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা এই আইন বা বিধির অধীন কোন দণ্ডের বিধান ক্ষুণ্ণ না করিয়া, উক্ত ব্যক্তিকে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ দান করার পর, কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক সংগৃহীত তথ্যের বা উপ-ধারা (৩) এর অধীনে কৃত সমীক্ষার ভিত্তিতে প্রদেয় সঠিক মূল্য সংযোজন কর বা প্রত্যর্পণযোগ্য অর্থের পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন এবং উক্তরূপ নির্ধারিত [১২][মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক] প্রদান বা নির্ণীত প্রত্যর্পণ উক্ত ব্যক্তির জন্য বাধ্যতামূলক হইবে।

[১৩][(৫) যদি কোনো নিবন্ধিত ব্যক্তি উপ-ধারা (১) এবং (৪) এর অধীন ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হন বা ইচ্ছাকৃতভাবে ব্যবস্থা গ্রহণ করিতে নিজেকে বিরত রাখেন তাহা হইলে তিনি এই আইনের অধীন অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং তাহার বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্মকর্তা ধারা ৩৭ এর অধীন আইনগত কার্যধারা গ্রহণ করিতে পারিবেন।]

---

[১] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১০) দ্বারা "প্রস্তুতকারক বা উৎপাদক" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১) দ্বারা "ফর্ম" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১০) দ্বারা "কর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১০) দ্বারা "কর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭০ দ্বারা "তাহা হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা" শব্দগুলির পর "প্রদেয় কর নির্ধারণ করিবেন এবং" শব্দগুলি সন্নিবেশিত।

[৬] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১০) দ্বারা "কর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১০) দ্বারা "কর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১০) দ্বারা "কর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৯] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১০) দ্বারা "কর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[১০] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১০) দ্বারা "করের" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[১১] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১০) দ্বারা "করের" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[১২] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১০) দ্বারা "কর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[১৩] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৩ দ্বারা নূতন উপ-ধারা (৫) সংযোজিত।

[1]৩৬ক। **মূল্য সংযোজন কর সম্মাননাপত্র।**- (১) পূর্ববর্তী অর্থ বৎসরের সকল দাখিলপত্র পেশকারী ব্যক্তি মূল্য সংযোজন কর সম্মাননাপত্র লাভের অধিকারী হইবেন;

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত ব্যক্তি সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য কমিশনার এর নিকট হইতে সরাসরি, বা প্রযোজ্য, ক্ষেত্রে অনলাইনে সম্মাননাপত্রের জন্য আবেদন করিতে পারিবেন;

(৩) বোর্ড, বিধি দ্বারা সম্মাননাপত্র প্রদানের পদ্ধতি, শর্ত ও উপযোগিতা নির্ধারণ করিতে পারিবে।]

৩৭। **অপরাধ ও দণ্ডসমূহ**

[2](১) নিম্নে টেবিলে উল্লিখিত বিধানাবলী লংঘন বা উহাতে উল্লিখিত নির্দেশ অমান্যকরণ বা অন্যান্য কার্যাবলীর জন্য উহার বিপরীতে উল্লিখিত দণ্ড আরোপণীয় হইবে, যথা:-

**টেবিল**

| ক্রমিক নং | অপরাধের বর্ণনা | আরোপণীয় দণ্ড |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | এই আইনের অধীন নিবন্ধনের জন্য আবেদন করার প্রয়োজনীয়তা থাকা সত্ত্বেও নিবন্ধনের জন্য আবেদন করিতে ব্যর্থ হওয়া | অন্যূন দশ হাজার টাকা এবং অনূর্ধ্ব বিশ হাজার টাকা। |
| ২। | নির্ধারিত তারিখের মধ্যে কোন দাখিলপত্র পেশ করিতে ব্যর্থ হওয়া | অন্যূন দশ হাজার টাকা এবং অনূর্ধ্ব বিশ হাজার টাকা। |
| ৩। | নিবন্ধন সম্পর্কিত তথ্যের কোন পরিবর্তন সম্পর্কে মূল্য সংযোজন কর কর্মকর্তাকে অবহিত করিতে ব্যর্থ হওয়া | অন্যূন পাঁচ হাজার টাকা এবং অনূর্ধ্ব দশ হাজার টাকা। |
| ৪। | ধারা ২৫ এর অধীন কোন সমনের নির্দেশ পালনে ব্যর্থ হওয়া; | অন্যূন দশ হাজার টাকা এবং অনূর্ধ্ব ত্রিশ হাজার টাকা। |
| ৫। | উপ-ধারা (২) এর দফা (জ) তে উল্লিখিত নথিপত্র, ইলেক্ট্রনিক ক্যাশ রেজিস্টার বা Point of Sales (POS) Software বা কম্পিউটার সংরক্ষণে ব্যর্থ হওয়া | অন্যূন বিশ হাজার টাকা এবং অনূর্ধ্ব পঞ্চাশ হাজার টাকা। |
| ৬। | এই আইনের অন্য কোনো বিধান লঙ্ঘন করা | অন্যূন দশ হাজার টাকা এবং অনূর্ধ্ব ত্রিশ হাজার টাকা। |

(২) যদি কোনো ব্যক্তি—

(ক) কর চালানপত্র প্রদান না করেন অথবা গুরুত্বপূর্ণ তথ্যের দিক হইতে অসত্য কর চালানপত্র প্রদান করেন, অথবা

(খ) তৎকর্তৃক সরবরাহকৃত পণ্য বা সেবার ক্ষেত্রে, সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক দুইবার নির্দেশিত হওয়া সত্ত্বেও, মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদান করিতে অথবা কোন কর মেয়াদে দাখিলপত্র প্রদানের নির্দিষ্ট সময়সীমা অতিক্রান্ত হইয়া গেলেও উহা দাখিল করিতে ব্যর্থ হন, অথবা

(গ) গুরুত্বপূর্ণ তথ্যের দিক হইতে অসত্য দাখিলপত্র প্রদান করেন, অথবা

(ঘ) বিক্রয় হিসাব পুস্তকে বিক্রয় সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ না করিয়া এবং চলতি হিসাব পুস্তকে প্রদেয় মূল্য সংযোজন কর লিপিবদ্ধ না করিয়া পণ্য সরবরাহপূর্বক মূল্য সংযোজন কর ফাঁকি দেওয়ার চেষ্টা করেন, অথবা

(ঙ) ক্রয় হিসাব পুস্তকে উপকরণ ক্রয় সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ না করিয়া মূল্য সংযোজন কর ফাঁকি দেয়ার চেষ্টা করেন, অথবা

[1] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৭২ দ্বারা নূতন ধারা ৩৬ক সন্নিবেশিত।
[2] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭১ এর দফা (ক) দ্বারা উপ-ধারা (১) ও (২) এর পরিবর্তে নূতন উপ-ধারা (১), (২), (২ক) ও (২খ) প্রতিস্থাপিত।

(চ) মূল্য সংযোজন কর কর্মকর্তাকে কোন জাল বা মিথ্যা দলিলপত্র প্রদান করিয়া উহার মাধ্যমে কর ফাঁকি দেন বা দেওয়ার চেষ্টা করেন বা প্রত্যর্পণ গ্রহণ করেন বা গ্রহণের চেষ্টা করেন, অথবা

(ছ) সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক নির্দেশিত হওয়া সত্ত্বেও, কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি কোন তথ্য বা দলিলাদি সরবরাহ করিতে ব্যর্থ হন, অথবা

(জ) এই আইন বা বিধি অনুযায়ী সংরক্ষণ করা প্রয়োজন এইরূপ কোন নথিপত্র, ইলেক্ট্রনিক ক্যাশ রেজিস্টার বা Point of Sales (POS) Software এ কম্পিউটারে হিসাব সংরক্ষণ না করেন অথবা অনুরূপ কোন নথিপত্র, ইলেক্ট্রনিক ক্যাশ রেজিস্টার বা POS Software এ কম্পিউটারে সংরক্ষিত হিসাব ধ্বংস বা পরিবর্তন করেন বা উহার অঙ্গচ্ছেদ করেন বা উহাকে মিথ্যা প্রতিপন্ন করেন অথবা উক্ত নথিপত্র, ইলেক্ট্রনিক ক্যাশ রেজিস্টার বা POS Software এ কম্পিউটারে হিসাব এই আইনের প্রয়োজন মোতাবেক সংরক্ষণ না করেন, অথবা

(ঝ) সজ্ঞানে মিথ্যা বিবরণ বা মিথ্যা ঘোষণা প্রদান করেন, অথবা

(ঞ) মূল্য সংযোজন কর সংক্রান্ত কোন নথিপত্র, ইলেক্ট্রনিক ক্যাশ রেজিস্টার বা POS Software বা কম্পিউটার বহি বা অন্য কোন দলিলপত্র পরিদর্শন বা আটক করার জন্য এই আইনের অধীন ক্ষমতাপ্রাপ্ত কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে তাহার ব্যবসার স্থলে প্রবেশকালে বাধা প্রদান করেন বা প্রবেশ করা হইতে বিরত করেন, অথবা

(ট) কোনো পণ্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ফাঁকি দেওয়া হইয়াছে বলিয়া জানা বা বিশ্বাস করার মত কারণ থাকা সত্ত্বেও উক্ত পণ্য গ্রহণে বা উহার দখল অর্জনে বা লেনদেনে লিপ্ত হন, অথবা

(ঠ) জাল বা ভুয়া চালানপত্রের মাধ্যমে উপকরণ কর রেয়াত গ্রহণ করেন, অথবা

(ড) অন্য যে কোনো উপায়ে মূল্য সংযোজন কর বা সম্পূরক শুল্ক ফাঁকি দেন বা দেওয়ার চেষ্টা করেন, অথবা

(ঢ) নিবন্ধিত ব্যক্তি না হইয়াও এইরূপ কোন কর চালানপত্র প্রদান করেন যাহাতে মূল্য সংযোজন করের পরিমাণ উল্লেখ করা থাকে, অথবা

(ণ) ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এর বিধান অনুযায়ী করণীয় কোন কিছু না করিলে বা করণীয় নয় এমন কিছু করেন, অথবা

(ত) এই আইন বা বিধির অধীন কোন পণ্য অপসারণ বা সেবা প্রদানের ক্ষেত্রে চলতি হিসাবে যে পরিমাণ, যাহা দ্বারা জমাকৃত অর্থের এবং প্রদত্ত উপকরণ কর বাবদ প্রাপ্য রেয়াতের সমষ্টির দ্বারা প্রদেয় উৎপাদ কর পরিশোধ বা সমন্বয় করা যায়, জের রাখা প্রয়োজন কিন্তু সেই পরিমাণ জের না রাখিয়া পণ্য অপসারণ বা সেবা প্রদান করেন, অথবা

(থ) দফা (ক) হইতে দফা (ত) এ বর্ণিত যে কোন কার্য করে বা করিতে সহায়তা করেন,

তাহা হইলে তাহার উক্ত কাজ হইবে একটি অপরাধ এবং উক্ত অপরাধের কারণে যদি –

(অ) কর ফাঁকি সংঘটিত হয়, তাহা হইলে তিনি উক্ত কর ফাঁকিজনিত অপরাধের জন্য সংশ্লিষ্ট পণ্য সরবরাহ বা সেবা প্রদানের উপর প্রদেয় করের অন্যূন অর্ধেক পরিমাণ এবং অনূর্ধ্ব সমপরিমাণ অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন;

(আ) উক্ত অপরাধ কর ফাঁকি ব্যতীত অন্যান্য অনিয়ম সংক্রান্ত হয়, তাহা হইলে তিনি অন্যূন ২০ (বিশ) হাজার টাকা এবং অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

(২ক) উপ-ধারা (১) ও (২) এর অধীন কোন অপরাধের কারণে কোন ব্যক্তি দন্ডিত হইলেও তিনি ধারা ৫৫ এর বিধান অনুযায়ী অনাদায়ী বা কম পরিশোধিত বা বেশী প্রত্যর্পিত বা ফেরত প্রদত্ত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, সুদসহ, প্রদান বা পরিশোধে বা ফেরত প্রদানে বাধ্য থাকিবেন।

(২খ) কোন ব্যক্তি ভুলবশতঃ বা ভুল ব্যাখ্যার কারণে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ না করিলে বা অনাদায়ী থাকিলে বা প্রত্যর্পণ বা ফেরত নিলে তিনি ধারা ৫৫ ও উপ-ধারা (৩) এর বিধান অনুযায়ী উক্ত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বা অন্যান্য শুল্ক ও কর সুদসহ পরিশোধ করিবেন; এবং উক্ত ক্ষেত্রে তাহার উপর এই আইনের অধীন কোন দণ্ড আরোপ করা যাইবে না।

[১][(৩) কোন নিবন্ধিত ব্যক্তি বা উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারী এই আইনের অধীন প্রদেয় বা উৎসে কর্তিত কর অথবা আরোপিত অর্থদণ্ড অথবা অন্য কোন পাওনা নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ বা সরকারি কোষাগারে জমা প্রদান করিতে ব্যর্থ হইলে, তাহাকে নির্ধারিত তারিখের পরবর্তী দিবস হইতে অপরিশোধিত পরিমাণের উপর, ধারা ৪১ঝ এর ক্ষেত্র ব্যতিত, মাসিক ২ (দুই) শতাংশ হারে সুদ প্রদান করিতে হইবে।]

[২][(৩ক) উপ-ধারা (৩) এর অধীন মাসিক দুই শতাংশ হারে [৩][সুদসহ] মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধের কারণে এই আইন বা তদধীনে প্রণীত বিধিমালার অধীন সংঘটিত কোন অপরাধের দণ্ড সম্পর্কিত কোন বিধানের কার্যকরতা ক্ষুণ্ণ হইবে না।]

[৪][(৩খ) ধারা ৬ এর উপ-ধারা (৪কক) এবং (৪খ) এর বিধান অনুযায়ী উৎসে মূল্য সংযোজন কর কর্তন এবং জমা প্রদানের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারী উক্ত ধারাসমূহের অধীন উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও জমা প্রদানে ব্যর্থ হইলে,—

(ক) উপ-ধারা (৩) অনুযায়ী আরোপিত সুদসহ উক্ত মূল্য সংযোজন কর তাহার নিকট হইতে এইরূপে আদায় করা হইবে যেন তিনি উক্ত ধারাসমূহের অধীন একজন পণ্য বা সেবা সরবরাহকারী;

(খ) দফা (ক) এর বিধানাবলি ক্ষুণ্ণ না করিয়া উৎসে কর্তিত মূল্য সংযোজন কর নির্ধারিত সময়ের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদানে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তনকারী ব্যক্তি, কর্তিত মূল্য সংযোজন কর জমা প্রদানে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাকে সংশ্লিষ্ট কমিশনার অনধিক ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা ব্যক্তিগত জরিমানা করিতে পারিবেন।]

(৪) এই আইনের অন্যত্র যাহা কিছুই থাকুক না কেন, যদি কোন নিবন্ধিত ব্যক্তি, সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হইতে দুইবার এতদুদ্দেশ্যে নোটিশ প্রাপ্তি সত্ত্বেও, করমেয়াদ সমাপ্তির তিন মাসের মধ্যে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদানে ব্যর্থ হন, অথবা উপ-ধারা (২) এবং ধারা ৩৮ এ বর্ণিত যে কোন অপরাধ, যে কোন ১২ মাস সময়ে অন্ততঃ দুইবার করেন অথবা যদি কোন নিবন্ধনযোগ্য ব্যক্তি ধারা ১৫ এর উপ-ধারা (৪) অনুযায়ী বাধ্যতামূলক নিবন্ধনের জন্য আদিষ্ট হওয়া সত্ত্বেও আদেশ প্রাপ্তির এক মাসের মধ্যে নিবন্ধিত হইতে ব্যর্থ হন, [৫][তাহা হইলে,—

(ক) নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে, তাহার ব্যবসায় অঙ্গন তালাবদ্ধ করিয়া দেওয়া যাইবে এবং তাহার নিবন্ধনও বাতিল করা যাইবে; এবং

(খ) নিবন্ধনযোগ্য ব্যক্তির ক্ষেত্রে, তাহার ব্যবসায় অঙ্গন তালাবদ্ধ করিয়া দেওয়া যাইবে];

[৬][(৫) সংশ্লিষ্ট ব্যক্তিকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ (সংশ্লিষ্ট ব্যক্তি ইচ্ছা করিলে ব্যক্তিগতভাবে বা তাহার মনোনীত কৌসুলীর মাধ্যমে শুনানীর সুযোগসহ) প্রদান না করিয়া তাহার উপর এই ধারার অধীন কোন অর্থদন্ড, কোন [৭][স্পেশাল জজের আদালত] কর্তৃক দণ্ডারোপ ব্যতীত, আরোপ করা যাইবে না বা তাহার ব্যবসায় অঙ্গন [৮][তালাবদ্ধ করা যাইবে না বা তাহার নিবন্ধন বাতিল করা যাইবে না।]

[৯][(৬) এই আইনের অন্যত্র যাহা কিছুই থাকুক না কেন, উপ-ধারা (২) এ বর্ণিত অপরাধসমূহের ক্ষেত্রে কোন ব্যক্তি স্পেশাল জজের আদালতে দোষী সাব্যস্ত হইলে অন্যূন ৩ (তিন) মাস এবং অনূর্ধ্ব ২ (দুই) বৎসর কারাদণ্ডে বা মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের [১০][অন্যূন অর্ধেক এবং অনূর্ধ্ব সমপরিমাণ] অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।

**৩৭ক। স্পেশাল জজ কর্তৃক বিচারকার্য পরিচালনা।**—(১) Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) অথবা অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের ধারা ৩৭ এর উপ-ধারা (২) এ বর্ণিত অপরাধসমূহের জন্য স্পেশাল জজ কর্তৃক দণ্ডারোপ করার ক্ষেত্রে তদকর্তৃক উহা এমনভাবে বিচার্য হইবে যেন উক্ত অপরাধসমূহ Criminal Law Amendment Act, 1958 (Act No. XL of 1958) এর তফসিলভুক্ত কোন অপরাধ।

---

[১] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন এর ধারা ৭১ এর দফা (খ) দ্বারা উপ-ধারা (৩) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৩) প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১১) দ্বারা নূতন উপ-ধারা (৩ক) সন্নিবেশিত।

[৩] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৪এর দফা (গ) দ্বারা "অতিরিক্ত করসহ" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৪ এর দফা (ঘ) দ্বারা উপ-ধারা (৩ক) এর পর নূতন উপ-ধারা (৩খ) সন্নিবেশিত।

[৫] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৮) এর দফা (ক) দ্বারা "তাহা হইলে উক্ত নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির ব্যবসায় অঙ্গন তালাবদ্ধ করিয়া দেওয়া যাইবে" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৮ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৫) দ্বারা নূতন উপ-ধারা (৫) সংযোজিত।

[৭] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৪ এর দফা (ঙ) দ্বারা "ম্যাজিস্ট্রেটের আদালত" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৮) এর দফা (খ) দ্বারা "তালাবদ্ধ করা যাইবে না" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৯] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৪ এর দফা (চ) এবং ধারা ৮৫ দ্বারা যথাক্রমে নূতন উপ-ধারা (৬) সংযোজিত এবং নূতন ধারা ৩৭ক ও ৩৭খ সন্নিবেশিত।

[১০] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭১ এর দফা (গ) দ্বারা "অন্যূন সমপরিমাণ এবং অনূর্ধ্ব দেড়গুণ পরিমাণ" শব্দগুলির পরিবর্তে "অন্যূন অর্ধেক এবং অনূর্ধ্ব সমপরিমাণ" শব্দগুলি প্রতিস্থাপিত।

(২) স্পেশাল জজ, সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন পদমর্যাদার কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট হইতে, বোর্ডের পূর্বানুমোদন সাপেক্ষে, লিখিত অভিযোগ ব্যতীত, এই আইনের অধীন কোন অপরাধ বিচারার্থ গ্রহণ করিবেন না।

(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত মূল্য সংযোজন কর কর্মকর্তার দপ্তর বা এখতিয়ারাধীন এলাকা বিচারকার্য পরিচালনাধীন স্পেশাল জজের এখতিয়ারাধীন এলাকার অন্তর্ভুক্ত হইবে।

**৩৭খ। স্পেশাল জজ এর বিশেষ এখতিয়ার।**—(১) স্পেশাল জজ এই আইনের অধীন অপরাধের জন্য নির্ধারিত দণ্ড আরোপ এবং, ক্ষেত্রমত, অধিকতর তদন্ত, সম্পত্তি অবরুদ্ধকরণ, ক্রোক, বাজেয়াপ্তকরণ আদেশসহ আবশ্যক অন্য যে কোন আদেশ প্রদান করিতে পারিবেন।

(২) স্পেশাল জজ এই আইনের অধীন দায়েরকৃত কোন মামলায় অধিকতর তদন্তের আদেশ প্রদান করিলে উক্তরূপ আদেশে তদন্তকারী কর্মকর্তাকে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য একটি সময়সীমা নির্দিষ্ট করিয়া দিবেন, যাহা ৬ (ছয়) মাসের অধিক হইবে না।]

**৩৮। বাজেয়াপ্তকরণ।**— যদি—

(১) কোন নিবন্ধনযোগ্য ব্যক্তি নিবন্ধিত হওয়ার পূর্বে কোন করযোগ্য পণ্য [১][প্রস্তুত বা উৎপাদন করেন বা করযোগ্য পণ্যের ব্যবসায়ে নিয়োজিত হন], তাহা হইলে উক্ত পণ্য বাজেয়াপ্তযোগ্য হইবে; অথবা

[২][(২) কোন নিবন্ধিত ব্যক্তি—

(ক) কোন করযোগ্য পণ্য চালানপত্র ব্যতিরেকে ব্যবসায় অঙ্গন হইতে অপসারণ করেন, বা

[৩][(কক) চালানপত্রে প্রদর্শিত কর অথবা সংশ্লিষ্ট পণ্য বা সেবার উপর প্রযোজ্য কর পরিশোধ ব্যতীত পণ্য সরবরাহ বা সেবা প্রদান করেন; বা]

(খ) করযোগ্য এইরূপ কোন পণ্য চালানপত্র সহ ব্যবসায় অঙ্গন হইতে অপসারণ করেন যাহার গন্তব্য স্থান পর্যন্ত উক্ত চালানপত্র উহার সহিত না থাকে, বা

(গ) ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ বর্ণিত বিধান প্রতিপালনে ব্যর্থ হন,

তাহা হইলে উক্ত পণ্য বাজেয়াপ্তযোগ্য হইবে এবং উক্ত নিবন্ধিত ব্যক্তি, তাহার প্রতিনিধি বা উক্তরূপ কর্মকাণ্ডের সহিত জড়িত যে কোন ব্যক্তিকে উক্ত পণ্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের [৪][অন্যূন অর্ধেক এবং অনূর্ধ্ব সমপরিমাণ] অর্থ প্রদান করিতে হইবে।]

**৩৯। বাজেয়াপ্তির সীমা।**—(১) এই আইনের অধীন কোন পণ্য বাজেয়াপ্তকরণ বলিতে উক্ত পণ্য যে মোড়কে পাওয়া যায় সেই মোড়ক এবং উহাতে প্রাপ্ত সকল বস্তুও অন্তর্ভুক্ত হইবে।

(২) এই আইনের অধীনে বাজেয়াপ্তযোগ্য পণ্য পরিবহনে ব্যবহৃত যে কোন প্রকার যানবাহনও বাজেয়াপ্তযোগ্য হইবে:

[৫][তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার অধীন বাজেয়াপ্তযোগ্য যানবাহন আটক করা হইলে বিধিতে উল্লিখিত কর্মকর্তা উহার এবং উহাতে পরিবহনকৃত পণ্যের ন্যায়-নির্ণয়ন অনিষ্পন্ন থাকা অবস্থায় (Pending adjudication), [৬][*] বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান করিতে পারিবেন।]

(৩) যে কোন জলযানের বাজেয়াপ্তকরণ বলিতে উহার ট্যাকল, সাজসজ্জা ও আসবাবপত্রও অন্তর্ভুক্ত হইবে।

[৭][**৪০। ন্যায়-নির্ণয়নের ক্ষমতা।**—এই আইন বা এই আইনের অধীন প্রণীত বিধির অধীনে বাজেয়াপ্তকরণ এবং অর্থদণ্ড [৮][বা অর্থদণ্ড] আরোপকরণ সংক্রান্ত মামলাসমূহের ন্যায়-নির্ণয়ন করা হইবে,—

(ক) আমদানি ও রপ্তানির ক্ষেত্রে Customs Act, 1969- এর section 179-এর বিধান অনুযায়ী; এবং

---

[১] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১১) দ্বারা "প্রস্তুত বা উৎপাদন করেন" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮৫ দ্বারা উপ-ধারা (২) এর পরিবর্তে নূতন উপ-ধারা (২) প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫৬ দ্বারা নূতন দফা (কক) সন্নিবেশিত।

[৪] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭২ দ্বারা "অন্যূন সমপরিমাণ এবং অনূর্ধ্ব দেড় গুণ পরিমাণ" শব্দগুলির পরিবর্তে "অন্যূন অর্ধেক এবং অনূর্ধ্ব সমপরিমাণ" শব্দগুলি প্রতিস্থাপিত। উল্লিখ্য, অর্থ আইনের ধারা ৭২ এ এই প্রতিস্থাপনটি ধারা ৩৮ এর উপ-ধারা (১) এ করা হইলেও উক্ত উপ-ধারায় "অন্যূন সমপরিমাণ এবং অনূর্ধ্ব দেড় গুণ পরিমাণ" শব্দগুলি নেই। এই শব্দগুলি উপ-ধারা (২) এ বিদ্যমান থাকায় সেইখানে প্রতিস্থাপন করা হইল।

[৫] অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১২) দ্বারা উপ-ধারা (২) এর শর্তাংশের পরিবর্তে নূতন শর্তাংশ প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৮) দ্বারা "ব্যাংক গ্যারান্টির বিপরীতে" শব্দগুলি বিলুপ্ত।

[৭] অর্থ অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ৩৩ নং অধ্যাদেশ/২০০৯ সনের ১০ নং আইন)।

[৮] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫৬ এর দফা (ক) দ্বারা "বাজেয়াপ্তকরণ এবং অর্থদন্ড" শব্দগুলির পর "বা অর্থদন্ড" শব্দগুলি সন্নিবেশিত।

(খ) পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে, মূল্য সংযোজন কর কর্মকর্তাগণ কর্তৃক নিম্নবর্ণিত টেবিল অনুযায়ী—

[১]টেবিল

| ন্যায়-নির্ণয়নের ধরন | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা | ক্ষমতা |
|---|---|---|
| (অ) পণ্য বা সেবা বাজেয়াপ্তকরণ এবং কর ফাঁকি অথবা বাজেয়াপ্তকরণ বা কর ফাঁকি সংশ্লিষ্ট অর্থদণ্ড আরোপ | কমিশনার | পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য ২০ (বিশ) লক্ষ টাকার অধিক হইলে; |
| | অতিরিক্ত কমিশনার | পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা হইলে; |
| | যুগ্ম-কমিশনার | পণ্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ১৫ (পনের) লক্ষ টাকা হইলে; |
| | উপ-কমিশনার | পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ১০ (দশ) লক্ষ টাকা হইলে; |
| | সহকারী কমিশনার | পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা হইলে; |
| | রাজস্ব কর্মকর্তা | পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ২ (দুই) লক্ষ টাকা হইলে; |
| (আ) দফা (অ) তে বর্ণিত কর ফাঁকি ব্যতীত অন্যান্য অনিয়মের ক্ষেত্রে অর্থদণ্ড আরোপ | বিভাগীয় কর্মকর্তা | পূর্ণ ক্ষমতা।\| |

**ব্যাখ্যা।**—এই টেবিলে বর্ণিত "পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য" নির্ধারণের ক্ষেত্রে, আটককৃত পণ্য বা সেবা বহনকারী যানবাহনের মূল্য অন্তর্ভুক্ত হইবে না।]

**৪১। বাজেয়াপ্তির পরিবর্তে জরিমানা আরোপ।**—যখন এই আইন বা বিধি অনুযায়ী কোন পণ্য বাজেয়াপ্তির সিদ্ধান্ত গ্রহণ করা হয়, তখন ন্যায়-নির্ণয়নকারী কর্মকর্তা পণ্যের মালিককে বাজেয়াপ্তির বিকল্প হিসেবে উক্ত পণ্যের উপর প্রদেয় কর, অন্যান্য সরকারি পাওনা, অর্থদণ্ড এবং উক্ত কর্মকর্তার বিবেচনায় উপযুক্ত জরিমানা প্রদানপূর্বক উক্ত পণ্য বিমোচনের সুযোগ দিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, কোন আইন দ্বারা বা উহার অধীনে যে পণ্যের আমদানি নিষিদ্ধ করা হইয়াছে সেই পণ্যের ক্ষেত্রে এই ধারার কোন কিছু প্রযোজ্য হইবে না।

[২]**৪১ক। বিকল্প বিরোধ-নিষ্পত্তি।**- (১) এই আইনের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ বা শুল্ক ও মূল্য সংযোজন কর আপীল কর্তৃপক্ষের নিকট নিষ্পন্নাধীন রহিয়াছে, এইরূপ ন্যায়নির্ণয়ন অথবা ধারা ৪১গ এ বর্ণিত কোন বিরোধের ক্ষেত্রে, কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি এই আইন ও বিধিতে বর্ণিত পদ্ধতি অনুযায়ী বিকল্প বিরোধ-নিষ্পত্তি প্রক্রিয়ার মাধ্যমে উক্ত বিরোধ-নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সহায়তাকারীর নিকট আবেদন করিতে পারিবেন।

(২) ন্যায়নির্ণয়ন বা আপীল চূড়ান্ত হইবার পূর্বে এই ধারার অধীন বিকল্প বিরোধ-নিষ্পত্তি প্রক্রিয়ার আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

**৪১খ। বিকল্প বিরোধ-নিষ্পত্তি প্রক্রিয়ার প্রয়োগ ও প্রবর্তন।**—বোর্ড, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ যেই কমিশনারেটে বিকল্প বিরোধ-নিষ্পত্তির বিধান কার্যকর করিবার জন্য নির্ধারণ করিবে, সেই তারিখে সেই কমিশনারেটে উহা কার্যকর হইবে।

[৩]**৪১গ। বিকল্প বিরোধ-নিষ্পত্তির আওতা ও পরিধি।**—(১) ধারা (২) এর দফা (পপ) এর অধীন অর্থের মাধ্যমে পরিমাপযোগ্য মূল্য, ধারা ৫ এর অধীন কর ধার্যের জন্য মূল্য নিরূপন এবং ধারা ৮ এর অধীন টার্ণওভার কর নির্ধারণ ও পরিশোধ এবং তদসংক্রান্ত বিধি বা আদেশ বিষয়ে—

(ক) ধারা ৯ এর অধীন কর রেয়াত গ্রহণ,
(খ) ধারা ২৬ক এর অধীন নিরীক্ষা ও অনুসন্ধান,
(গ) ধারা ৩১ এর অধীন হিসাবরক্ষণ,

---

[১] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭৩ দ্বারা ধারা ৪০ এর টেবিলটি নূতন টেবিল দ্বারা প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ দ্বারা নূতন ধারা ৪১ক, ৪১খ, ৪১গ, ৪১ঘ, ৪১ঙ, ৪১চ, ৪১ছ, ৪১জ, ৪১ঝ, ৪১ঞ এবং ৪১ট সন্নিবেশিত।

[৩] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭৪ দ্বারা ধারা ৪১গ এর পরিবর্তে নূতন ধারা ৪১গ প্রতিস্থাপিত।

(ঘ) ধারা ৩৬ এর অধীন দাখিলপত্র পরীক্ষা,

(ঙ) ধারা ৩৭ এর অধীন দণ্ড আরোপ,

(চ) ধারা ৫৫ এর অধীন দাবীনামা জারি,

(ছ) ধারা ৬৭ এর অধীন কর ফেরত প্রদান,

সংক্রান্ত বিধানের আওতায় সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক গৃহিত কোন কার্যক্রম বা প্রদত্ত কোন আদেশ বা সিদ্ধান্তের কারণে উদ্ভূত বিরোধ, অথবা এই আইনের অধীন বিকল্প বিরোধ-নিষ্পত্তির বিধান প্রবর্তনের পূর্বে বা পরে উদ্ভূত উক্তরূপ কোন বিরোধ, যাহা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ বা আপীল কর্তৃপক্ষ বা সুপ্রীম কোর্টের আপীল বিভাগ বা হাইকোর্ট বিভাগে বিচারাধীন রহিয়াছে, বিকল্প বিরোধ-নিষ্পত্তির জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, জালিয়াতি বা ফৌজদারি অপরাধ সংক্রান্ত মামলা, বিরোধ, অসত্য ঘোষণা বা মিথ্যা তথ্য বা দলিলাদি সরবরাহের মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ফাঁকির অভিযোগ সংক্রান্ত মামলা বা বিরোধ এবং জনস্বার্থে সাধারণ বিচারিক প্রক্রিয়ায় নিষ্পত্তি হওয়া প্রয়োজন, এইরূপ গুরুত্বপূর্ণ আইনগত বিষয় বা উহার ব্যাখ্যা সম্পর্কিত বিরোধসমূহ এই আইনের অধীন বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ার আওতা বহির্ভূত হইবে।]

**৪১ঘ। বিকল্প বিরোধ-নিষ্পত্তি প্রক্রিয়ায় সহায়তাকারী (Facilitator) নিয়োগ এবং সংশ্লিষ্ট পক্ষসমূহের দায়-দায়িত্ব।**- বিকল্প বিরোধ-নিষ্পত্তি প্রক্রিয়ার জন্য সহায়তাকারী (Facilitator) নির্বাচন (selection) বা [1][নিয়োগ ও তাহাকে প্রদেয় ফি,] সংক্ষুব্ধ আবেদনকারী ব্যক্তির কর্তব্য ও দায়িত্ব এবং বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় সমঝোতার (Negotiation) জন্য মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের প্রতিনিধি নির্বাচন এবং তাহাদের দায়-দায়িত্ব বিধি দ্বারা নির্ধারিত হইবে।

**৪১ঙ। বিকল্প বিরোধ-নিষ্পত্তির জন্য আবেদনপত্র দাখিল।**- (১) ধারা ৪১গ এ বর্ণিত কোন বিকল্প বিরোধ-নিষ্পত্তির জন্য সংক্ষুব্ধ ব্যক্তি বিকল্প বিরোধ-নিষ্পত্তি ব্যবস্থা প্রবর্তনের পূর্বে উদ্ভূত এবং নিষ্পন্নাধীন বিরোধসমূহের ক্ষেত্রে, সংশিষ্ট কর্তৃপক্ষ তথা মূল্য সংযোজন কর কমিশনার, ন্যায়নির্ণয়কারী কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, আপীলাত কর্তৃপক্ষের নিকট [2][, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে,] আবেদন করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন আবেদন দাখিলের সময় সংক্ষুব্ধ আবেদনকারী এইমর্মে অঙ্গীকারনামা দাখিল করিবেন যে, সংশ্লিষ্ট বিরোধের ক্ষেত্রে এই আইনের অধীন ন্যায়নির্ণয়ন সম্পন্ন বা চূড়ান্তভাবে নিষ্পত্তি করা হয় নাই।

(৩) বিকল্প বিরোধ-নিষ্পত্তি প্রক্রিয়া প্রবর্তনের পর এই আইনের ধারা ৩৭, ৪২ ও ৫৫ এর অধীন সংশ্লিষ্ট ন্যায়নির্ণয়কারী কর্মকর্তা বা আপীলাত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত কারণ দর্শানো নোটিশ, দাবীনামা সংক্রান্ত নোটিশ, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নির্ধারণ সংক্রান্ত নোটিশ বা ধারা ৫ এর অধীন মূল্য অনুমোদন সংক্রান্ত কোন সিদ্ধান্ত বা এতদ্‌সংক্রান্ত অন্য যে কোন নোটিশ হইতে উদ্ভূত কোনো বিরোধের ক্ষেত্রে উক্তরূপ নোটিশ জারির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংক্ষুব্ধ ব্যক্তিকে বিকল্প বিরোধ-নিষ্পত্তির জন্য আবেদন করিতে হইবে।

[3][(৪) বিকল্প বিরোধ-নিষ্পত্তিযোগ্য কোন মামলা, যাহা সুপ্রীম কোর্টের আপীল বিভাগ বা হাইকোর্ট বিভাগে বিচারাধীন রহিয়াছে, উহা সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনের ভিত্তিতে অথবা সংশ্লিষ্ট বিভাগ স্বতঃপ্রবৃত্ত হইয়া, যথাযথ কর্তৃপক্ষের নিকট বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির জন্য প্রেরণ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, কোন সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে কোন মামলা বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির জন্য প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের অনুমতির প্রয়োজন হইবে।]

(৫) হাইকোর্ট বিভাগ বা আপীল বিভাগ কর্তৃক বিকল্প বিরোধ-নিষ্পত্তি প্রক্রিয়ার জন্য অনুমতি প্রদানের পর বিকল্প বিরোধ-নিষ্পত্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার মেয়াদকাল পর্যন্ত, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আদালতে মামলাটি স্থগিত (Stay) থাকিবে।

(৬) যদি হাইকোর্ট বিভাগ বা আপীল বিভাগ উপ-ধারা (৪) এর অধীন কোন আবেদনের ক্ষেত্রে বিকল্প বিরোধ-নিষ্পত্তি প্রক্রিয়ায় বিষয়টি নিষ্পন্নের জন্য সংশ্লিষ্ট কোনো কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদানসহ আবেদনপত্রটি মঞ্জুর করেন, তাহা হইলে নির্দেশিত কর্তৃপক্ষ, আইন দ্বারা বারিত না হইলে, উক্তরূপ নির্দেশিত পন্থায় মামলাটি নিষ্পত্তি করিবেন।

---

[1] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭৫ দ্বারা " নিয়োগ," শব্দ ও কমার পরিবর্তে "নিয়োগ ও তাহাকে প্রদেয় ফি," শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত।

[2] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭৬ এর দফা (ক) দ্বারা "কর্তৃপক্ষের নিকট" শব্দগুলির পর ", বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে," শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

[3] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭৬ এর দফা (খ) দ্বারা উপ-ধারা (৪) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৪) প্রতিস্থাপিত।

**৪১চ। বিকল্প বিরোধ-নিস্পত্তির জন্য আবেদনসমূহ প্রক্রিয়াকরণ ও নিস্পত্তি।**- এই আইনের অধীন বিকল্প বিরোধ-নিস্পত্তির ক্ষেত্রে সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনপত্র [১], ইহার যাচাই ও প্রক্রিয়াকরণ। বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিস্পত্তি করিতে হইবে।

**৪১ছ। সমঝোতা (Negotiation) এবং নিস্পত্তির সময়সীমা।**- (১) বিকল্প বিরোধ-নিস্পত্তির প্রক্রিয়াধীন কোন আবেদনপত্র যেই মূল্য সংযোজন কর কমিশনারেটে দাখিল করা হইয়াছে, সেই একই কমিশনারেটে উক্ত বিরোধের উদ্ভব হইয়া থাকিলে, তাহা নিস্পত্তি সংক্রান্ত সকল আনুষ্ঠানিকতা বা সমঝোতা, মতৈক্য বা মতানৈক্য বা নিস্পত্তি উক্ত আবেদনপত্র দাখিলের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(২) বিকল্প বিরোধ-নিস্পত্তি প্রক্রিয়ায় দাখিলকৃত আবেদনপত্র সংশ্লিষ্ট (আপীল), আপীলাত ট্রাইব্যুনাল অথবা অন্য কোন আদালত যেখানে উহা নিস্পন্নাধীন রহিয়াছে, তাহা আবেদনপত্র দাখিলের সর্বোচ্চ ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে নিস্পত্তি করিতে হইবে।

**৪১জ। বিকল্প বিরোধ নিস্পত্তির সিদ্ধান্ত।**- (১) যেই ক্ষেত্রে উভয় পক্ষ বিরোধ সংক্রান্ত কোন ঘটনা বা আইন (Fact or law) সম্পর্কে ঐক্যমত পোষণ করেন, সেই ক্ষেত্রে বিরোধীয় বিষয়ে মতৈক্যের ভিত্তিতে (By agreement) আংশিক অথবা সম্পূর্ণভাবে উহা বিকল্প বিরোধ-নিস্পত্তি প্রক্রিয়ায় নিস্পত্তি করা যাইবে।

(২) যেই ক্ষেত্রে সংক্ষুব্ধ আবেদনকারী ব্যক্তি এবং মূল্য সংযোজন কর কমিশনারের প্রতিনিধির মধ্যে আংশিক বা সম্পূর্ণ মতৈক্যের ভিত্তিতে কোন বিরোধ-নিস্পত্তি হইবে, সেই ক্ষেত্রে সহায়তাকারী (Facilitator), পক্ষদ্বয়ের মধ্যে উপনীত মতৈক্যের বিষয়াদি বিস্তারিতভাবে লিপিবদ্ধ করিবেন এবং উহা সংক্ষুব্ধ আবেদনকারী ব্যক্তি, সংশ্লিষ্ট কমিশনার এবং বোর্ডকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবহিত করিবেন।

[২][(৩) মতৈক্যের ভিত্তিতে কোন বিরোধ-নিস্পত্তির ক্ষেত্রে সম্পূরক শুল্ক, মূল্য সংযোজন কর, অর্থদণ্ড, জরিমানা ও আরোপিত সুদ, যদি থাকে, পরিশোধ করা বা ফেরত প্রদান বা এতদসংশ্লিষ্ট বিষয়ে মতৈক্যের শর্তসমূহ সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে যেন উহা মতৈক্যের সময় প্রতিশ্রুত সময়সীমার মধ্যে বাস্তবায়ন করা যায়।]

(৪) মতৈক্যের (Agreement) বিষয়টি আবেদনকারী, মূল্য সংযোজন কর কমিশনারের প্রতিনিধি এবং সহায়তাকারী কর্তৃক সীলমোহরকৃত এবং স্বাক্ষরিত হইতে হইবে।

(৫) যেই ক্ষেত্রে পরবর্তীকালে এই মর্মে তথ্য উদঘাটিত হইবে যে, আবেদনকারী কর্তৃক জালিয়াতি বা অসত্য তথ্য উপস্থাপনের মাধ্যমে উপ-ধারা (১) এর অধীন মতৈক্যটি (Agreement) গৃহীত হইয়াছে, তাহা হইলে উক্তরূপে উপনীত মতৈক্যের বিষয়টি শুরু হইতে বাতিল (Void ab initio) বলিয়া গণ্য হইবে।

(৬) যেই ক্ষেত্রে আংশিক বা সম্পূর্ণরূপে কোনো মতৈক্যে পৌঁছানো সম্ভবপর হয় নাই, সেই ক্ষেত্রে সহায়তাকারী উক্তরূপ ব্যর্থ বিকল্প বিরোধ-নিস্পত্তির বিষয়টি লিখিতভাবে আবেদনকারী, সংশ্লিষ্ট কমিশনার, বোর্ডসহ সংশ্লিষ্ট দপ্তর বা আদালতকে যথাশীঘ্র সম্ভব অবহিত করিবেন।

(৭) যেই ক্ষেত্রে মতৈক্যের ভিত্তিতে বিরোধ-নিস্পত্তি করা হইয়াছে এবং তাহা সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করা হইয়াছে, সেইক্ষেত্রে সরকার পক্ষে কোন পাওনা আদায় অথবা ফেরত প্রদানের বিষয়সহ অন্যান্য বিষয়ে যথাযথ আইনানুগ কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

[৩][(৮) এই ধারার অধীন মতৈক্য বা ব্যর্থ বিকল্প বিরোধ-নিস্পত্তি লিপিবদ্ধ করণের ফরম বিধি দ্বারা নির্ধারিত হইবে।]

**৪১ঝ। মতৈক্যের ভিত্তিতে বিরোধ-নিস্পত্তির ফলাফল।**- (১) এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, বিকল্প বিরোধ-নিস্পত্তি প্রক্রিয়ার মাধ্যমে কোন বিরোধ মতৈক্যের ভিত্তিতে নিস্পত্তি করা হইলে উক্তরূপ গৃহীত সিদ্ধান্ত উভয় পক্ষের মধ্যে বাধ্যতামূলক হইবে।

(২) বিকল্প বিরোধ-নিস্পত্তির মাধ্যমে আবেদনকারী ব্যক্তি বা মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের মধ্যে সম্পাদিত মতৈক্যের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল কর্তৃপক্ষ বা অন্য কোন আদালতে কোনরূপ আপত্তি উত্থাপন করা যাইবে না।

(৩) এই আইনের অধীন মতৈক্যের ভিত্তিতে নিস্পত্তিকৃত প্রতিটি আদেশ, আদেশে বর্ণিত প্রতিটি বিষয় চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং উক্তরূপ গৃহীত চূড়ান্ত সিদ্ধান্তসমূহ ব্যতীত বিরোধের যে অংশ উক্ত সিদ্ধান্তের অন্তর্ভুক্ত থাকিবে না, তাহা এই আইনের আওতায় অথবা বলবৎযোগ্য অন্য যে কোন আইনের আওতায় কার্যক্রম গ্রহণের জন্য উন্মুক্ত থাকিবে।

---

[১] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭৭ দ্বারা "আবেদনপত্র" শব্দের পরিবর্তে "", ইহার যাচাই ও প্রক্রিয়াকরণ" কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭৮ এর দফা (ক) দ্বারা উপ-ধারা (৩) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৩) প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭৮ এর দফা (খ) দ্বারা নূতন উপ-ধারা (৮) সংযোজিত।

[১](৪) ধারা ৪১জ এর উপ-ধারা (৩) অনুযায়ী কোন পক্ষ প্রতিশ্রুত সময়সীমার মধ্যে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, অর্থদণ্ড বা জরিমানা পরিশোধ বা ফেরত প্রদানে ব্যর্থ হইলে, উক্ত সময়সীমা উত্তীর্ণের পর সংশ্লিষ্ট পক্ষ পরিশোধযোগ্য বা ফেরতযোগ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, অর্থদণ্ড, জরিমানার উপর মাসিক ৩ (তিন) শতাংশ হারে সুদ প্রদান করিবে এবং প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৫৬ বা ধারা ৬৭ এর বিধান অনুযায়ী উহা আদায় বা, ক্ষেত্রমত, ফেরত প্রদান করা যাইবে।]

৪১ঞ। **বিকল্প বিরোধ-নিষ্পত্তির মাধ্যমে সিদ্ধান্তে উপনীত না হওয়ার ক্ষেত্রে আপীলের বিধান।**- (১) এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, যেই সকল বিরোধের ক্ষেত্রে আংশিক বা সম্পূর্ণভাবে মতৈক্যের ভিত্তিতে বিকল্প বিরোধ-নিষ্পত্তি সম্ভবপর হয় নাই, সেই ক্ষেত্রে আবেদনকারী স্ব স্ব আপীল আদালত অথবা ট্রাইব্যুনালে যথানিয়মে আপীল করিতে পারিবেন।

(২) কোন আবেদনাধীন বিরোধের বিষয়ে ধারা ৪১ছ এ বর্ণিত সময়ের মধ্যে মতৈক্যের ভিত্তিতে বিকল্প বিরোধ নিষ্পত্তি সম্পন্ন না হইয়া থাকিলে অথবা সমঝোতা ব্যর্থ হইলে, বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইবে এবং সেই ক্ষেত্রে মূল মামলাটি সংশ্লিষ্ট আপীল কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষসহ অন্য কোন যথাযথ আদালতে, উক্তরূপ বাতিলের তারিখ হইতে সচল হইয়াছে মর্মে গণ্য হইবে এবং এই ক্ষেত্রে আইনের সংশ্লিষ্ট ধারার আওতায় পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(৩) বিকল্প বিরোধ নিষ্পত্তির জন্য আবেদনকারী ব্যক্তির আবেদনপত্র দাখিলের তারিখ হইতে সহায়তাকারী কর্তৃক বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়ায় ব্যয়িত সময়সহ তৎসম্পর্কিত ফলাফল সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের সময়কাল, আপীল দাখিলের সময় গণনার ক্ষেত্রে অন্তর্ভুক্ত হইবে না।

[২][৪১ট। **অধিকার সংরক্ষণ।**- বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় অংশগ্রহণকৃত কোনো ব্যক্তি বা সহায়তাকারীকে কোনো আদালতে উপস্থিত হইয়া সংশ্লিষ্ট বিষয়ে সাক্ষী হিসেবে সাক্ষ্য প্রদানের জন্য লিখিত আদেশ বা নোটিশ ইস্যু করা যাইবে না বা বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় উপস্থাপিত কোন দলিলাদি সম্পর্কে তথ্য প্রকাশ করার জন্য বাধ্য করা যাইবে না বা এই বিষয়ে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট দেওয়ানী বা ফৌজদারি মামলা দায়ের করা যাইবে না।]

৪২। **আপিল।**— [৩][(১) যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বা যে কোন ব্যক্তি কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার এই আইন বা কোন বিধির অধীন প্রদত্ত কোন সিদ্ধান্ত বা আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে, পণ্যের সরবরাহ বা প্রদত্ত সেবার ক্ষেত্রে ধারা ৫৬ এর অধীন প্রদত্ত কোন আটক বা বিক্রয় আদেশ অথবা পণ্য আমদানির ক্ষেত্রে Customs Act এর section 82 বা section 98 এর অধীন কোন আদেশ ব্যতীত, উক্ত সিদ্ধান্ত বা [৪][আদেশ প্রদানের বা, ক্ষেত্রমত, আদেশ জারির] [৫][নব্বই দিনের] মধ্যে,

(ক) উক্ত সিদ্ধান্ত বা আদেশ অতিরিক্ত কমিশনার বা তন্নিম্নের কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত হইয়া থাকিলে, কমিশনার (আপীল) এর নিকট; [৬][*]

(খ) উক্ত সিদ্ধান্ত বা আদেশ কমিশনার, কমিশনার (আপীল) বা তাঁহার সমমর্যাদার কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত হইয়া থাকিলে, Customs Act এর section 196 এর অধীন গঠিত [৭][Customs, Excise and মূল্য সংযোজন কর Appellate Tribunal, অতঃপর Appellate Tribunal বলিয়া উল্লিখিত, এর নিকট; এবং

(গ) উক্ত সিদ্ধান্ত বা আদেশ Appellate Tribunal কর্তৃক প্রদত্ত হইয়া থাকিলে, বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের নিকট;]

আপীল করিতে পারিবেন।

---

[১] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৭৯ দ্বারা উপ-ধারা (৪) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৪) প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৮০ দ্বারা ধারা ৪১ট এর পরিবর্তে নূতন ধারা ৪১ট প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৯) দফা (ক) দ্বারা উপ-ধারা (১) এর পরিবর্তে নূতন উপ-ধারা (১) ও (১ক) প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৭ এর দফা (ক) এর উপ-দফা (অ) দ্বারা "আদেশ প্রদানের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫৭ এর দফা (ক) দ্বারা "তিন মাসের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৭ এর দফা (ক) এর উপ-দফা (আ) দ্বারা "এবং" শব্দটি বিলুপ্ত।

[৭] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৭ এর দফা (ক) এর উপ-দফা (ই) এবং (ঈ) দ্বারা যথাক্রমে "Appellate Tribunal, অতঃপর Appellate Tribunal, বলিয়া উল্লিখিত, এর নিকট;" শব্দগুলি, কমাগুলি ও সেমিকোলন এর পরিবর্তে "Customs, Excise and মূল্য সংযোজন কর Appellate Tribunal, অতঃপর Appellate Tribunal বলিয়া উল্লিখিত, এর নিকট; এবং" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত এবং নূতন দফা (গ) সন্নিবেশিত।

(১ক) উপ-ধারা (১) এর অধীন আপীল গ্রহণের পর,—

(ক) আপীলটি কমিশনার (আপীল) এর নিকট করা হইলে, কমিশনার (আপীল) আপীলটি সম্পর্কে তাঁহার বিবেচনায় প্রয়োজনীয় তদন্ত অনুষ্ঠান বা তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং আপীলকারীকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগদান করিয়া যে সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে উহা বহাল রাখিতে বা উহাতে কোন পরিবর্তন করিতে বা উহা বাতিল করিতে বা তাঁহার বিবেচনায় সঙ্গত কোন নূতন সিদ্ধান্ত বা আদেশ প্রদান করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, যদি কমিশনার (আপীল) এই মর্মে সন্তুষ্ট হন যে, আপীলকারী যথেষ্ট কারণবশতঃ উপরি-উক্ত [১][নব্বই দিন] মেয়াদের মধ্যে আপীল দায়ের করিতে সক্ষম হন নাই, তাহা হইলে তিনি আপীলকারীকে উক্ত মেয়াদের পরবর্তী [২][ষাট দিনের] মধ্যে আপীল দায়ের করার অনুমতি দিতে পারিবেন; এবং

(খ) আপীলটি Appellate Tribunal এর নিকট করা হইলে, Appellate Tribunal এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, যতদুর সম্ভব, Customs Act এর উক্ত Tribunal সংক্রান্ত বিধানাবলী অনুযায়ী আপীলটির নিস্পত্তি করিবে।]

(২) যদি কোন ব্যক্তি [৩][*] কোন পণ্য বা সেবার উপর প্রদেয় মূল্য সংযোজন করের দাবী সম্পর্কিত অথবা এই আইনের অধীন আরোপিত কোন অর্থদন্ড সম্পর্কিত কোন সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে উপ-ধারা (১) এর অধীন আপীল করার ইচ্ছা করেন, তাহা হইলে তাহাকে, তাহার আপীল দায়ের করার কালে [৪][আপীলটি—

[৫][(ক) কমিশনার (আপীল) এর নিকট দায়ের করা হইলে, দাবীকৃত কর এর দশ শতাংশ বা দাবীকৃত কর না থাকিলে আরোপিত অর্থদন্ডের দশ শতাংশ]; [৬][*]

(খ) কমিশনার বা তাঁহার সমমর্যাদার কোনো মূল্য সংযোজন কর কর্মকর্তার আদেশের বিরুদ্ধে Appellate Tribunal এ দায়ের করা হইলে, [৭][দাবীকৃত কর এর দশ শতাংশ বা দাবীকৃত কর না থাকিলে আরোপিত অর্থদন্ডের দশ শতাংশ]; এবং

(গ) কমিশনার (আপিল) এর আদেশের বিরুদ্ধে Appellate Tribunal এ দায়ের করা হইলে, [৮][দাবীকৃত কর এর দশ শতাংশ বা দাবীকৃত কর না থাকিলে আরোপিত অর্থ দন্ডের দশ শতাংশ]

সরকারী ট্রেজারী বা সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট জমা করিতে হইবে।

[৯][(২ক) বিলুপ্ত]

(৩) কোন সিদ্ধান্ত বা আদেশ সম্পর্কে বোর্ড কর্তৃক ধারা ৪৩ এর অধীন কোন কার্যধারা শুরু করার পর সেই সিদ্ধান্ত বা আদেশের ক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন আপীল করা যাইবে না।

[১০][১১][(৪) উপ-ধারা (১) বা, ক্ষেত্রমত, উপ-ধারা (১ক) এর অধীন আপিল দায়ের হইবার পর [১২][১(এক) বৎসরের মধ্যে] কমিশনার (আপিল) বা, ক্ষেত্রমত, [১৩][২ (দুই) বৎসরের মধ্যে] Appellate Tribunal কর্তৃক আপীল নিস্পত্তি করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, উক্ত সময়সীমার মধ্যে আপিলটি নিস্পত্তিক্রমে সিদ্ধান্ত প্রদান করা না হইলে উহা কমিশনার (আপিল) বা, ক্ষেত্রমত, Appellate Tribunal কর্তৃক মঞ্জুর করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।]

---

[১] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫৭ এর দফা (খ) দ্বারা "তিন মাস" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫৭ এর দফা (খ) দ্বারা "দুই মাসের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮৭ দ্বারা "মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিয়ন্ত্রণের বাহিরে চলিয়া গিয়াছে এইরূপ" শব্দগুলি বিলুপ্ত।

[৪] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৩) দ্বারা "অথবা যদি আপীলাত কর্তৃপক্ষ তাহাকে অনুরূপ অনুমতি দেন তবে আপীলটি বিবেচনার পূর্বে পরবর্তী যে কোন পর্যায়ে, সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট উক্ত দাবীকৃত কর বা আরোপিত অর্থদন্ডের সমপরিমাণ অর্থ জমা করিতে হইবেঃ" শব্দগুলি, কমাটি ও কোলনটি এবং তৎপরবর্তী শর্তাংশগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন)এর ধারা ৫৭ এর দফা (গ) এর উপ-দফা (অ) দ্বারা দফা (ক) এর পরিবর্তে নূতন দফা (ক) প্রতিস্থাপিত।

[৬] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫৭ এর দফা (খ) দ্বারা "এবং" শব্দটি বিলুপ্ত।

[৭] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫৭ এর দফা (গ) এর উপ-দফা (আ) দ্বারা "দাবীকৃত কর বা আরোপিত অর্থদন্ডের দশ শতাংশ" এর পরিবর্তে প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫৭ এর দফা (গ) এর উপ-দফা (ই) দ্বারা "দাবীকৃত কর বা আরোপিত অর্থদন্ডের দশ শতাংশ" এর পরিবর্তে প্রতিস্থাপিত।

[৯] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৮১ এর দফা (ক) দ্বারা উপ-ধারা (২ক) বিলুপ্ত।

[১০] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৯) এর দফা (খ) দ্বারা নূতন উপ-ধারা (৪) ও (৫) সংযোজিত।

[১১] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৭ এর দফা (খ) দ্বারা উপ-ধারা (৪) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৪) প্রতিস্থাপিত।

[১২] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৭৭ দ্বারা "৯ (নয়) মাসের মধ্যে" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[১৩] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৮১ এর দফা (খ) দ্বারা "কমিশনার (আপীল) বা, ক্ষেত্রমত," শব্দগুলি, কমা ও বন্ধনীর পর "২(দুই) বৎসরের মধ্যে" সংখ্যা, শব্দগুলি ও বন্ধনী সন্নিবেশিত।

(৫) নির্ধারিত তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান ধারা ৪২ এর অধীন বোর্ডের নিকট পেশকৃত কোনো আপিল অথবা বোর্ড কর্তৃক প্রদত্ত কোনো আপিল আদেশ অথবা উক্তরূপ কোনো আপিল হইতে উদ্ভূত বা তৎসম্পর্কিত কোনো বিষয় উক্ত তারিখের অব্যবহিত পূর্বে অনিষ্পন্ন বা ক্ষেত্রমত, বাস্তবায়নাধীন থাকিলে উহা নির্ধারিত তারিখে Appellate Tribunal এর নিকট স্থানান্তরিত হইবে এবং যতদূর সম্ভব, Customs Act, এর section 196J-তে বর্ণিত পদ্ধতিতে Appellate Tribunal কর্তৃক নিষ্পত্তিযোগ্য হইবে।

ব্যাখ্যা।—এই ধারায়, "নির্ধারিত তারিখ" বলিতে ১লা অক্টোবর, ১৯৯৫ বুঝাইবে।]

**৪৩। বোর্ডের নথিপত্র, ইত্যাদি তলব ও পরীক্ষার ক্ষমতা।**— (১) বোর্ড স্বতঃপ্রবৃত্ত হইয়া এই আইনের অধীন কোন কার্যধারার নথিপত্র, উহাতে বোর্ডের অধস্তন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত আদেশ বা সিদ্ধান্তের বৈধতা বা ন্যায্যতা সম্পর্কে সন্তুষ্ট হওয়ার উদ্দেশ্যে, তলব ও পরীক্ষা করিতে পারিবে এবং উহা তৎসম্পর্কে যেরূপ বিবেচনা করে সেইরূপ আদেশ দান করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, অধিকতর মূল্যের পণ্য [1][বাজেয়াপ্তকরণের] কোন আদেশ, বা বাজেয়াপ্তির পরিবর্তে জরিমানা বৃদ্ধির কোন আদেশ, বা কোন অর্থদন্ড আরোপের কোন আদেশ, বা আরোপিত হয় নাই বা কম আরোপিত হইয়াছে এইরূপ মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক পরিশোধের আদেশ, উহা দ্বারা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এইরূপ ব্যক্তিকে উহার বিরুদ্ধে কারণ দর্শাইবার সুযোগদান না করিয়া এবং ব্যক্তিগতভাবে বা তাহার নিকট হইতে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন কৌসুলি বা অন্য কোন ব্যক্তির মাধ্যমে শুনানির সুযোগদান না করিয়া, প্রদান করা যাইবে না।

(২) কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার আদেশ বা সিদ্ধান্ত সম্পর্কিত কোন কার্যধারার নথিপত্র উক্ত আদেশ বা সিদ্ধান্ত প্রদানের দুই বৎসর অতিবাহিত হওয়ার পর উপ-ধারা (১) এর অধীন তলব এবং পরীক্ষা করা যাইবে না।

(৩) যে ক্ষেত্রে ধারা ৪২ এর উপ-ধারা (১) এর অধীন কোনো আপীল বিবেচনাধীন রহিয়াছে সে ক্ষেত্রে উক্ত আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উপ-ধারা (১) এর অধীন কোন কার্যধারা শুরু করা যাইবে না।

**৪৪। বোর্ডের ভুল, ইত্যাদি সংশোধনের ক্ষমতা।**— (১) বোর্ড এই আইন বা বিধির কোন বিধান অনুযায়ী প্রদত্ত কোন আদেশের নথিপত্র হইতে আপাত কোন ভুল বা অশুদ্ধতা স্বতঃপ্রবৃত্ত হইয়া, বা উক্ত আদেশ প্রদানের এক বৎসরের মধ্যে কোন ব্যক্তির আবেদনক্রমে, সংশোধন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কোন জরিমানা বৃদ্ধি করিতে বা অধিকতর মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক প্রদানে বাধ্য করিতে পারে এইরূপ কোনো সংশোধন, উক্ত সংশোধন দ্বারা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এমন ব্যক্তিকে ব্যক্তিগতভাবে বা তাহার নিকট হইতে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন কৌসুলি বা অন্য কোন ব্যক্তির মাধ্যমে শুনানির সুযোগ দান না করিয়া, করা যাইবে না [2][:

আরও শর্ত থাকে যে, যেই ক্ষেত্রে ধারা ৪২ এর অধীনে আপীল করার সুযোগ থাকা সত্ত্বেও আবেদনকারী উক্ত সুযোগ গ্রহণ করেন নাই, সেই ক্ষেত্রে এই উপ-ধারার অধীনে তাহার আবেদন গ্রহণযোগ্য হইবে না।]

(২) যে ক্ষেত্রে ধারা ৪৫ এর অধীন কোন আবেদন করা হইয়াছে সেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন কোন কার্যধারা শুরু করা যাইবে না এবং যে ক্ষেত্রে উক্তরূপ কোন আবেদন বিবেচনাধীন রহিয়াছে সেক্ষেত্রে উক্তরূপ শুরুকৃত কার্যধারা বাতিল হইয়া যাইবে।

**৪৫। সরকারের পুনরীক্ষণের ক্ষমতা।**—সরকার [3][ধারা ৪৩ এর অধীন বোর্ড কর্তৃক] প্রদত্ত কোন সিদ্ধান্ত বা আদেশ দ্বারা অথবা বোর্ড কর্তৃক ধারা ৪৩-এর অধীন অধিকতর মূল্যের পণ্য বাজেয়াপ্তকরণ অথবা বাজেয়াপ্তির পরিবর্তে কোন জরিমানা বৃদ্ধিকরণ অথবা কোন অর্থদন্ড আরোপকরণ বা আরোপিত হয় নাই বা কম আরোপিত হইয়াছে এইরূপ কোন কর প্রদানে বাধ্যকরণের কোন আদেশ দ্বারা সংক্ষুব্ধ কোন ব্যক্তির আবেদনক্রমে যদি উক্ত আবেদন উক্ত সিদ্ধান্ত বা আদেশ প্রদানের তারিখ হইতে চার মাসের মধ্যে পেশ করা হইয়া থাকে, তৎসম্পর্কে সরকার যেরূপ যথাযথ বিবেচনা করে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, যদি সরকার এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী যথেষ্ট কারণবশতঃ উপরি-উক্ত চার মাস মেয়াদের মধ্যে আবেদন পেশ করিতে সক্ষম হন নাই, তাহা হইলে সরকার আবেদনকারীকে উক্ত মেয়াদের পরবর্তী চার মাসের মধ্যে আবেদন পেশ করার অনুমতি দিতে পারিবে:

---

[1] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮৮ দ্বারা "বাজেয়াপ্তিকরণের" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[2] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৯) দ্বারা দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত এবং তৎপর নূতন শর্তাংশ সংযোজিত।

[3] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১০) দ্বারা " ধারা ৪২ বা ধারা ৪৩ এর অধীন বোর্ড বা কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক" শব্দগুলির ও সংখ্যাগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

আরও শর্ত থাকে যে, অধিকতর মূল্যের পণ্য [১][বাজেয়াপ্তকরণের] কোন আদেশ বা বাজেয়াপ্তির পরিবর্তে জরিমানা বৃদ্ধির কোন আদেশ বা কোন অর্থদন্ড আরোপের কোন আদেশ বা আরোপিত হয় নাই বা কম আরোপিত হইয়াছে এইরূপ মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক পরিশোধের আদেশ, উহা দ্বারা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এইরূপ ব্যক্তিকে উহার বিরুদ্ধে কারণ দর্শাইবার সুযোগদান না করিয়া এবং ব্যক্তিগতভাবে বা তাহার নিকট হইতে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন কৌসুলি বা অন্য কোন ব্যক্তির মাধ্যমে শুনানির সুযোগ দান না করিয়া, প্রদান করা যাইবে না।

**৪৬। ক্ষমতাপ্রাপ্ত [২][প্রতিনিধি ও মূসক পরামর্শকের মাধ্যমে উপস্থিতি ইত্যাদি]।**— [৩][(১)] এই আইন বা বিধির অধীন কোন কার্যধারা উপলক্ষে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা, আপীলাত কর্তৃপক্ষ, বোর্ড বা সরকারের নিকট উপস্থিত হইবার অধিকারী বা উপস্থিতির জন্য তলবকৃত কোন ব্যক্তি Customs Act-এর [৪][section 196K]-তে বর্ণিত কোন ব্যক্তির মাধ্যমে উপস্থিত হইতে পারিবেন এবং উক্ত Section এর বিধানাবলী তাহার উপর এইরূপে প্রযোজ্য হইবে যেন উহা এই ধারার অধীন উপস্থিতির জন্য এই আইনের অধীন প্রণীত হইয়াছে।

[৫][(২) এই আইন বা বিধির অধীন যে কোন কার্যধারা উপলক্ষ্যে, বা যে কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির পক্ষে মূল্য সংযোজন কর সংক্রান্ত যে কোন কাজ সম্পাদনের জন্য অথবা উক্ত ব্যক্তির পক্ষে উপ-ধারা (১) অনুসারে উক্ত উপ-ধারায় উল্লিখিত কর্মকর্তা, কর্তৃপক্ষ, বোর্ড বা সরকারের নিকট উপস্থিত হওয়ার জন্য বা উক্ত ব্যক্তিকে এই আইন বা বিধি হইতে উদ্ভূত হইয়াছে বা হইতে পারে এমন যে কোন বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বোর্ড, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও শর্তাধীনে, যে কোন ব্যক্তিকে মূল্য সংযোজন কর পরামর্শক হিসাবে লাইসেন্স প্রদান করিতে পারিবে।]

**৪৭। সরকারের নথিপত্র, ইত্যাদি তলব ও পরীক্ষার ক্ষমতা।**— সরকার স্বতঃপ্রবৃত্ত হইয়া অথবা কোন ব্যক্তির আবেদনক্রমে, এই আইনের বা বিধির অধীন কোন আদেশ সংক্রান্ত কার্যধারার নথিপত্র, আদেশ প্রদানের এক বৎসরের মধ্যে, উক্ত আদেশের বৈধতা বা ন্যায্যতা সম্পর্কে সন্তুষ্ট হওয়ার উদ্দেশ্যে তলব ও পরীক্ষা করিতে পারিবে এবং উক্তরূপ পরীক্ষান্তে কোন আপাত ভুল বা অশুদ্ধতা সংশোধন করিয়া তৎসম্পর্কে উহা যেরূপ বিবেচনা করে সেইরূপ আদেশ দান করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, অধিকতর মূল্যের পণ্য [৬][বাজেয়াপ্তকরণের] কোন আদেশ, বা বাজেয়াপ্তির পরিবর্তে জরিমানা বৃদ্ধির কোন আদেশ, বা কোন অর্থদন্ড আরোপের কোন আদেশ বা অধিকতর পরিমাণ মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক পরিশোধের কোন আদেশ, উহা দ্বারা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এইরূপ ব্যক্তিকে উহার বিরুদ্ধে কারণ দর্শাইবার সুযোগদান না করিয়া এবং ব্যক্তিগতভাবে বা তাহার নিকট হইতে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন কৌসুলি বা অন্য কোন ব্যক্তির মাধ্যমে শুনানির সুযোগদান না করিয়া, প্রদান করা যাইবে না [৭][:

আরও শর্ত থাকে যে, যেই ক্ষেত্রে ধারা ৪২-এর অধীনে আপীল করার সুযোগ থাকা সত্ত্বেও আবেদনকারী উক্ত সুযোগ গ্রহণ করেন নাই, সেই ক্ষেত্রে এই ধারার অধীনে তাহার আবেদন গ্রহণযোগ্য হইবে না।]

**৪৮। তল্লাশির ক্ষমতা।**— [৮][[৯][*] পদমর্যাদায় [১০][সহকারী কমিশনার, মূল্য সংযোজন কর এর নিম্নে নহেন এইরূপ কোনো মূল্য সংযোজন কর কর্মকর্তা] লিখিত আদেশ দ্বারা, যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে এইরূপ যে কোন স্থান, ঘরবাড়ী, নৌযান বা অন্য কোন যানবাহনে প্রবেশ করিবার ক্ষমতা দান করিতে পারিবে যে স্থান, ঘরবাড়ী, নৌযান বা অন্য কোন যানবাহন হইতে বা দ্বারা এই আইনের অধীন মূল্য সংযোজন কর আরোপযোগ্য কোন পণ্য বা কোন সেবা এই আইন বা কোন বিধির বিধান লঙ্ঘন করিয়া সরবরাহ, প্রদত্ত বা বহন করা হয় বা হইয়াছে বলিয়া তিনি বিশ্বাস করেন বা

---

[১] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮৯ দ্বারা "বাজেয়াপ্তিকরণের" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১০) এর দফা (ক) দ্বারা "প্রতিনিধির মাধ্যমে উপস্থিতি" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১০) এর দফা (খ) দ্বারা উপ-ধারা (১) হিসাবে সংখ্যায়িত।

[৪] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১১) দ্বারা "section 196A" শব্দটি, সংখ্যাটি ও অক্ষরটির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১০) এর দফা (গ) দ্বারা নূতন উপ-ধারা (২) সংযোজিত।

[৬] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৯০ দ্বারা "বাজেয়াপ্তিকরণের" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১১) দ্বারা দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত এবং তৎপর নূতন শর্তাংশ সংযোজিত।

[৮] অর্থ আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৮ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৬) দ্বারা সন্নিবেশিত।

[৯] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫৮ দ্বারা "বোর্ড বা বোর্ডের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত যথাযথ এখতিয়ারসম্পন্ন কমিশনার, মূল্য সংযোজন কর বা মহাপরিচালক, পরিদর্শন পরিদপ্তর (কাস্টমস এন্ড এক্সাইজ) বা" শব্দগুলি বিলুপ্ত।

[১০] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১) দ্বারা "সহকারী কালেক্টর" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

তাহার উক্তরূপ বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ থাকে এবং উক্ত আদেশে উক্তরূপ স্থান, ঘরবাড়ী, নৌযান বা যানবাহন তল্লাশির ক্ষমতাও প্রদান করা যাইতে পারে।

[1][**৪৮ক। মূল্য সংযোজন কর কর্মকর্তাকে ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ।**—এই আইন ও তদধীনে প্রণীত বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, Code of Criminal Procedure, 1898 (Act V of 1898), অতঃপর Code of Criminal Procedure বলিয়া উল্লিখিত এর Section 36-এর অধীন ক্ষমতা প্রয়োগের জন্য সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার উপর Code of Criminal Procedure এর Schedule III তে বর্ণিত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ করিতে পারিবে।]

**৪৯। গ্রেফতারের ক্ষমতা।**— বোর্ডের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা এইরূপ যে কোন ব্যক্তিকে গ্রেফতার করিতে পারিবেন যে ব্যক্তি এই আইনের অধীন দন্ডনীয় কোন অপরাধ করিয়াছেন বলিয়া উক্ত কর্মকর্তার বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে।

**৫০। যে সকল অপরাধের ক্ষেত্রে বিনা পরওয়ানায় গ্রেফতার করা যাইবে না।**—[2]Code of Criminal Procedure]-এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৩৭ এ উল্লিখিত অপরাধসমূহের ক্ষেত্রে অপরাধীকে উক্ত Code এর আওতায় বিনা পরওয়ানায় গ্রেফতার করা যাইবে না।

[3][**৫১। তল্লাশী ও গ্রেফতার পদ্ধতি।**—এই আইন বা তদধীন প্রণীত বিধির অধীন যে কোন তল্লাশী বা গ্রেফতার Code of Criminal Procedure-এর বিধানাবলী অনুযায়ী পরিচালিত হইবে।]

**৫২। গ্রেফতাকৃত ব্যক্তিদের ব্যবস্থাপনা।**—এই আইনের অধীন গ্রেফতারকৃত প্রত্যেক ব্যক্তিকে অবিলম্বে নিকটতম এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে যিনি উক্তরূপ গ্রেফতারকৃত কোন ব্যক্তিকে ম্যাজিস্ট্রেট-এর নিকট প্রেরণ করার জন্য [4][কমিশনার], মূল্য সংযোজন কর এর নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন অথবা যদি যুক্তিসঙ্গত দূরত্বের মধ্যে এইরূপ কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা না থাকেন তাহা হইলে গ্রেফতারকৃত ব্যক্তিকে নিকটতম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।

**৫৩। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার অনুসরণীয় পদ্ধতি।**— ধারা ৫২ এর অধীন কোন ব্যক্তিকে থানার ভারপ্রাপ্ত যে কর্মকর্তার নিকট প্রেরণ করা হয় তিনি তাহাকে এখতিয়ার সম্পন্ন ম্যাজিস্ট্রেট-এর নিকট হাজির হওয়ার জন্য জামিন দান করিবেন অথবা জামিন নামঞ্জুর করা হইলে তাহাকে উক্ত ম্যাজিস্ট্রেট-এর হেফাজতে প্রেরণ করিবেন।

**৫৪। ধারা ৫২ এর অধীন প্রেরিত ব্যক্তির বিরুদ্ধে মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক তদন্ত পদ্ধতি।**— (১) ধারা ৫২ এর অধীন কোন ব্যক্তিকে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট প্রেরণ করা হইলে উক্ত কর্মকর্তা তাহার বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত শুরু করিবেন।

(২) এই উদ্দেশ্যে মূল্য সংযোজন কর কর্মকর্তা, কোন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিনা পরওয়ানায় গ্রেফতারযোগ্য কোন অপরাধের তদন্তের ক্ষেত্রে Code of Criminal Procedure-এর অধীন যে ক্ষমতা প্রয়োগ করিতে পারেন এবং যে বিধানসমূহের আওতায় থাকেন সেই একই ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন এবং সেই একই বিধানসমূহের আওতাধীন থাকিবেন:

তবে শর্ত থাকে যে,

(ক) যদি মূল্য সংযোজন কর কর্মকর্তা এইরূপ অভিমত পোষণ করেন যে, অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে যথেষ্ট সাক্ষ্য রহিয়াছে বা সন্দেহের যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে তাহা হইলে তিনি তাহাকে এখতিয়ারসম্পন্ন ম্যাজিস্ট্রেটের সম্মুখে হাজির হওয়ার জন্য জামিন মঞ্জুর করিবেন অথবা উক্ত ম্যাজিস্ট্রেটের হেফাজতে প্রেরণ করিবেন;

(খ) যদি মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট প্রতীয়মান হয় যে, অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে যথেষ্ট সাক্ষ্য নাই বা সন্দেহের যুক্তিসঙ্গত কারণ নাই তাহা হইলে তিনি তাহার নির্দেশ মোতাবেক জামানত সহকারে বা জামানত ব্যতীত একটি মুচলেকা প্রদান সাপেক্ষে, এখতিয়ারসম্পন্ন ম্যাজিস্ট্রেট যদি তলব করেন, এবং যখন তলব করেন তখন, তাহার সম্মুখে হাজির হওয়ার জন্য উক্ত ব্যক্তিকে জামিনে মুক্তি দিবেন এবং উক্ত মামলার পূর্ণ বিবরণী সম্বলিত একটি প্রতিবেদন তাহার ঊর্ধ্বতন কর্মকর্তার নিকট পেশ করিবেন।

---

[1] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৪) দ্বারা নূতন ধারা "৪৮ক" সন্নিবেশিত।

[2] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৫) দ্বারা "Code of Criminal Procedure," 1898 (Act V of 1898), অতঃপর Code of Criminal Procedure বলিয়া উল্লিখিত," শব্দগুলি, কমাগুলি, বন্ধনীগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[3] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫৯ দ্বারা ধারা ৫১ এর পরিবর্তে নূতন ধারা ৫১ প্রতিস্থাপিত।

[4] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১) দ্বারা "কালেক্টর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

**৫৫।** [১][অনাদায়ী ও কম পরিশোধিত মূল্য সংযোজন করসহ অন্যান্য [২][শুল্ক ও কর] আদায়]।— [৩][(১) যেক্ষেত্রে কোনো নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি বা টার্ণওভার কর এর আওতায় তালিকাভুক্ত বা তালিকাভুক্তির যোগ্য ব্যক্তি, তদকর্তৃক ধারা ৩৭ এর উপ-ধারা (২) এ বর্ণিত এক বা একাধিক কার্যক্রম গ্রহণের কারণে অথবা ভুলবশতঃ বা ভুল ব্যাখ্যার কারণে, সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার উপর প্রদেয়-

(ক) মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ধার্য বা পরিশোধ করা হয় নাই,

(খ) একই কারণে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ফেরত প্রদান করা হইয়াছে,

(গ) ধারা ১৩ এর অধীন মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, আবগারী শুল্ক, অন্যান্য শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) প্রত্যর্পণ করা হইয়াছে,

(ঘ) বাংলাদেশে সরবরাহকৃত কোন পণ্য বা সেবার উপর প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের বিপরীতে সমন্বয় করা হইয়াছে,

সেক্ষেত্রে উক্ত ব্যক্তিকে তাহার উপর যে তারিখে উক্ত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদেয় হইয়াছিল বা প্রত্যর্পণ বা ফেরত প্রদান বা সমন্বয় করা হইয়াছিল সেই তারিখ হইতে পাঁচ (৫) বৎসরের মধ্যে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা নোটিশ দ্বারা, নোটিশে উল্লিখিত শুল্ক বা মূল্য সংযোজন কর দাবি করিয়া, উহাতে উল্লিখিত সময়সীমার মধ্যে উক্ত শুল্ক বা মূল্য সংযোজন কর পরিশোধের জন্য কারণ দর্শানো নোটিশ জারি করিবেন।]

(২) আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে কোন মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, কোন কারণবশতঃ পরিশোধ করা না হইয়া থাকিলে [৪][বা ভুলবশতঃ কম পরিশোধিত] হইয়া থাকিলে বা ফেরত প্রদত্ত হইয়া থাকিলে উহা Customs Act-এর Section 32 [৫][এবং section 83A]-তে প্রদত্ত বিধান অনুযায়ী আদায় করা হইবে।

[৬][(৩) উপ-ধারা (১) এর অধীন শুল্ক ও কর প্রদানের জন্য যেই ব্যক্তির নিকট হইতে দাবী করা হয় সেই ব্যক্তি উক্ত উপ-ধারার অধীন কারণ দর্শানো নোটিশে উল্লিখিত সময় সীমার মধ্যে লিখিতভাবে উক্ত দাবীর বিরুদ্ধে আপত্তি উত্থাপন করিলে তাহাকে শুনানীর সুযোগদান করিতে হইবে; অতঃপর উক্ত ব্যক্তির উত্থাপিত আপত্তি বিবেচনা করিয়া সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা উক্ত আপত্তি দাখিলের [৭][১২০ (একশত বিশ) দিনের] মধ্যে বা কোন আপত্তি দাখিল করা না হইলে উক্ত উপ-ধারার অধীন নোটিশ জারীর তারিখের ১২০ (একশত বিশ) দিনের মধ্যে নোটিশে দাবীকৃত শুল্ক ও করের পরিমান, প্রয়োজনবোধে, পুনঃনির্ধারণক্রমে চূড়ান্ত করিতে পারিবেন, এবং উক্ত ব্যক্তি নোটিশে দাবীকৃত বা, ক্ষেত্রমত, পুনঃনির্ধারিত শুল্ক ও কর পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।]

[৮][(৪) উপ-ধারা (১) এ অধীন শুল্ক ও কর প্রদানের জন্য যেই ব্যক্তির নিকট হইতে দাবী করা হয়, সেই ব্যক্তি লিখিতভাবে উক্ত দাবীকৃত অর্থ কিস্তিতে পরিশোধের ইচ্ছা ব্যক্ত করিলে কমিশনার তৎকর্তৃক নির্ধারিত শর্ত ও কিস্তিতে উক্ত [৯][দাবীকৃত শুল্ক ও কর] পরিশোধের জন্য আদেশ প্রদান করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, কিস্তি প্রদানের সময়সীমা ছয় মাসের অতিরিক্ত হইবে না।]

**৫৬। সরকারের পাওনা আদায়।**—(১) যেক্ষেত্রে কোন ব্যক্তির নিকট হইতে ধার্যকৃত কোন মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক কিংবা আরোপিত কোন অর্থদণ্ড কিংবা এই আইনের বা কোন বিধির অধীন

---

[১] অর্থ আইন, ২০০৩ (২০০৩ সনের ১৭ নং আইন) এর ধারা ৪৫ দ্বারা ধারা ৫৫ এর উপান্তটীকার পরিবর্তে প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৪১ এর দফা (ক) দ্বারা উপান্তটীকার "শুল্ক-কর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৮২ দ্বারা উপ-ধারা (১) এর পরিবর্তে নূতন উপ-ধারা (১) প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১৩) এর দফা (খ) দ্বারা "বা কম পরিশোধ" শব্দগুলির পরিবর্তে "বা ভুলবশতঃ কম পরিশোধিত" শব্দগুলি প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৮ এর দফা (খ) দ্বারা "section 32" শব্দ ও সংখ্যার পর "এবং section 83A" শব্দ ও সংখ্যা সন্নিবেশিত।

[৬] অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৪১ এর দফা (গ) দ্বারা উপ-ধারা (৩) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৩) প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৮ এর দফা (গ) দ্বারা "নব্বই দিনের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ২০০৩ (২০০৩ সনের ১৭ নং আইন) এর ধারা ৪৬ দ্বারা নূতন উপ-ধারা (৪) সংযোজিত।

[৯] অর্থ অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ৩৩ নং অধ্যাদেশ/২০০৯ সনের ১০ নং আইন) এর ধারা ৪৪ দ্বারা "দাবীকৃত অর্থের মধ্য হইতে অর্থদণ্ড ও জরিমানার অর্থ" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

সম্পাদিত কোন মুচলেকা বা অন্য কোন দলিলের অধীনে দাবীকৃত কোন অর্থ প্রাপ্য থাকে সেক্ষেত্রে [১][সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে]-

(ক) উক্ত অর্থ, যে ব্যক্তির নিকট হইতে উহা আদায়যোগ্য হয় সেই ব্যক্তির কোন অর্থ উক্ত কর্মকর্তা বা যে কোন আয়কর, [২][শুল্ক, মূল্য সংযোজন কর বা আবগারী কর্মকর্তার] নিকট হইতে প্রাপ্য হইলে এবং উহা সেই কর্মকর্তার নিয়ন্ত্রণাধীন হইলে, তাহা হইতে কর্তন করিবেন;

(খ) উক্ত অর্থ, যে ব্যক্তির নিকট হইতে আদায়যোগ্য হয় সেই ব্যক্তির পক্ষে বা তাহার হিসাবে কোন অর্থ যে ব্যক্তির নিকট রহিয়াছে বা পরবর্তীকালে থাকিতে পারে সেই ব্যক্তিকে লিখিত নোটিশ দ্বারা, নোটিশে উল্লিখিত পরিমাণ অর্থ, নোটিশ প্রাপ্তির [৩][পনের] দিনের মধ্যে উক্ত কর্মকর্তার নিকট পরিশোধ করার [৪][বা ক্ষেত্রমত উক্ত অর্থ যে ব্যক্তির নিকট হইতে প্রাপ্য সেই ব্যক্তির ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (Freeze) করার জন্য সংশ্লিষ্ট ব্যাংককে] নির্দেশ দান করিতে পারিবেন;

[৫][(খখ) যদি সংশ্লিষ্ট ব্যাংক দফা (খ) এর অধীন প্রদত্ত নির্দেশ পালনে ব্যর্থ হয় তাহা হইলে ব্যর্থতার জন্য দায়ী কর্মকর্তা বা কর্মকর্তাগণের বেতন ভাতাদি উক্ত দফার অধীন নোটিশে উল্লিখিত অর্থ উপ-ধারা (৪) এর অধীনে আদায় না হওয়া পর্যন্ত বন্ধ করার উদ্দেশ্যে উক্ত ব্যাংক এর যথাযথ কর্তৃপক্ষকে নির্দেশ দান করিতে পারিবেন;]

(গ) উক্ত অর্থ সম্পূর্ণরূপে পরিশোধ না করা বা আদায় না হওয়া পর্যন্ত উক্ত ব্যক্তির ব্যবসায় অঙ্গন হইতে কোন পণ্যের অপসারণ বা সেবা প্রদান বন্ধ [৬][বা ব্যবসায় প্রতিষ্ঠানের যানবাহন (পণ্যসহ বা ব্যতিরেকে) আটক] করিতে পারিবেন;

(ঘ) উক্ত অর্থ সম্পূর্ণরূপে পরিশোধ না করা বা আদায় না হওয়া পর্যন্ত উক্ত ব্যক্তির ব্যবসায় অঙ্গন তালাবদ্ধ করিয়া রাখিতে পারিবেন;

[৭][(ঘঘ) দফা (গ) বা (ঘ) অনুযায়ী কোন ব্যবস্থা গ্রহণ থাকা অবস্থায় কোন পণ্য পঁচনশীল বা নষ্ট হওয়ার উপক্রম হইলে, নিবন্ধিত ব্যক্তিকে নোটিশ প্রদান সাপেক্ষে, সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে, সহকারী কমিশনারের নিম্নে নহেন এরূপ যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা প্রকাশ্য নিলামে বিক্রয় করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন;]

(ঙ) উক্ত অর্থ যে ব্যক্তির নিকট হইতে প্রাপ্য সেই ব্যক্তির যে কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় অথবা বিনা ক্রোকে বিক্রয় করিতে পারিবেন;

(চ) উক্ত অর্থ যে ব্যক্তির নিকট পাওনা রহিয়াছে তাহার মালিকানাধীন কোন পণ্য কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বা শুল্ক কর্মকর্তার নিয়ন্ত্রণাধীন থাকিলে উহা আটক ও বিক্রয় করিয়া উক্ত অর্থ আদায় করিতে পারিবেন [৮][;

(ছ) উক্ত অর্থ যদি কোন ব্যবসায় প্রতিষ্ঠান সংশ্লিষ্ট হইয়া থাকে এবং ব্যবসায় প্রতিষ্ঠানটি হস্তান্তরিত হইয়া থাকে তাহা হইলে উহা যে ব্যক্তির নিকট হস্তান্তরিত হইয়াছে সেই ব্যক্তির নিকট হইতে উক্ত অর্থ আদায় করিতে পারিবেন।]

[৯][(১ক) কোন ব্যক্তির নিকট হইতে উপ-ধারা (১) এ বর্ণিত পাওনা সম্পূর্ণরূপে আদায় না হওয়া পর্যন্ত বা উক্তরূপ পাওনার আইনানুগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত, সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত ব্যক্তির নিবন্ধনপত্রের কার্যকারিতা স্থগিত রাখিতে পারিবেন এবং সমুদ্র বন্দর, বিমান বন্দর, অন্য কোন শুল্ক স্টেশন অথবা শুল্কাধীন পণ্যাগারে রক্ষিত সেই ব্যক্তির মালিকানাধীন কোন পণ্যের খালাস কার্যক্রম বন্ধ রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করিতে পারিবেন।

---

[১] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৬) এর দফা (ক) এর উপ-দফা (অ) দ্বারা "মূল্য সংযোজন কর কর্মকর্তা" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০০৫ (২০০৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৩৯ দ্বারা "শুল্ক বা আবগারী কর্মকর্তার" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৪২ দ্বারা "সাত" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৬) এর দফা (ক) এর উপ-দফা (আ) দ্বারা "পরিশোধ করার" শব্দগুলির পর "বা ক্ষেত্রমত উক্ত অর্থ যে ব্যক্তির নিকট হইতে প্রাপ্য সেই ব্যক্তির ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (Freeze) করার জন্য সংশ্লিষ্ট ব্যাংককে" শব্দগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত।

[৫] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৬) এর দফা (ক) এর উপ-দফা (ই) দ্বারা নুতন দফা (খখ) সন্নিবেশিত।

[৬] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৯৯ দ্বারা "বন্ধ" শব্দটির পর "বা ব্যবসায় প্রতিষ্ঠানের যানবাহন (পণ্যসহ বা ব্যতিরেকে) আটক" শব্দগুলি ও বন্ধনী সন্নিবেশিত।

[৭] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮৯ দ্বারা নূতন দফা (ঘঘ) সন্নিবেশিত।

[৮] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৬) এর দফা (ক) এর উপ-দফা (ঈ) দ্বারা দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত এবং তৎপর নূতন দফা (ছ) সংযোজিত।

[৯] অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৬০ দ্বারা নূতন উপ-ধারা (১ক) সন্নিবেশিত।

ব্যাখ্যা ঃ এই উপ-ধারায় "নিবন্ধনপত্রের কার্যকারিতা স্থগিত" অর্থে কম্পিউটারাইজড বিল অব এন্ট্রি প্রসেসিং সিস্টেম মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর (BIN) বন্ধ (Lock) করিয়া রাখাও অন্তর্ভুক্ত হইবে।]

(২) যদি উক্ত ব্যক্তির নিকট হইতে উক্ত অর্থ উপ-ধারা (১) এ ব্যবস্থিত পদ্ধতিতে আদায় করা না যায় তাহা হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত অর্থ প্রদানে বাধ্য ব্যক্তির নিকট হইতে প্রাপ্য অর্থের পরিমাণ উল্লেখ করিয়া তাহার স্বাক্ষরে একটি সার্টিফিকেট প্রস্তুত করিয়া উহা এমন কোন জেলা কালেক্টর এর নিকট প্রেরণ করিবেন যাহার অধিক্ষেত্রের মধ্যে উক্ত ব্যক্তি বসবাস করেন বা তাহার কোন সম্পত্তি রহিয়াছে বা তিনি কোন ব্যবসায় পরিচালনা করেন; এবং উক্ত কালেক্টর, উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর উহাতে উল্লিখিত অর্থ সরকারী পাওনা বা বকেয়া ভূমি রাজস্ব হিসেবে আদায় করার কার্যক্রম শুরু করিবেন।

[১](৩) সংশ্লিষ্ট মূল্য সাংযোজন কর কর্মকর্তা উপ-ধারা (২) এর অধীনে এক্তিয়ারসম্পন্ন জেলা কালেক্টরের নিকট সার্টিফিকেট প্রেরণ করার পর যে কোন সময় উহা সংশোধন বা প্রত্যাহার করিতে বা উহাতে উল্লিখিত অর্থ আদায়ের কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত প্রদান করিতে বা উহা বাতিলপূর্বক নূতন সার্টিফিকেট প্রেরণ করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে কোন সার্টিফিকেট প্রত্যাহার করার পূর্বে সংশ্লিষ্ট জেলা কালেক্টর কর্তৃক উহাতে উল্লিখিত অর্থ আদায়ের কার্যক্রম শুরু করা হইয়াছে বা উক্ত অর্থ সম্পূর্ণ বা আংশিক আদায় করা হইয়াছে সেই ক্ষেত্রে সার্টিফিকেটটি প্রত্যাহার করা হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৪) উপ-ধারা (১) এর দফা (খ) এর অধীন কোন নোটিশ প্রাপ্তির পর যদি সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যাংক কর্তৃপক্ষ উক্ত নোটিশে প্রদত্ত নির্দেশ পালনে ব্যর্থ হন তাহা হইলে উক্ত নোটিশে উল্লিখিত অর্থ উক্ত ব্যক্তি বা ব্যাংক কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্য বকেয়া রাজস্ব পাওনা বলিয়া গণ্য হইবে এবং বকেয়া রাজস্ব হিসাবে উহা আদায়যোগ্য হইবে।

(৫) সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা যে কোন সময় উপ-ধারা (১) এর দফা (খ) এর আওতায় দাবীকৃত অর্থের পরিমাণ সংশোধন বা উহা পরিশোধের সময় বৃদ্ধি বা ইস্যুকৃত নোটিশ সংশোধন বা তাহা বাতিল করিতে বা উক্ত অর্থ আদায়ের কার্যক্রম স্থগিত রাখার নির্দেশ প্রদান করিতে পারিবেন।]

**৫৭। আদেশ, সিদ্ধান্ত, ইত্যাদি জারি।**—এই আইনের অধীন কোন আদেশ বা সিদ্ধান্ত কিংবা কোন সমন বা নোটিশ জারী করা হইবে—

(ক) আদেশ, সিদ্ধান্ত, সমন বা নোটিশটি যাহার জন্য অভিপ্রেত তাহাকে বা তাহার এজেন্টকে প্রদান করিয়া বা উহা তাহার বা তাহার এজেন্ট-এর নিকট প্রাপ্তি স্বীকারপত্র সহকারে রেজিষ্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করিয়া; অথবা

(খ) যদি আদেশ, সিদ্ধান্ত বা নোটিশটি দফা (ক) তে ব্যবস্থিত কোন পদ্ধতিতে জারী করা না যায় তাহা হইলে উহা স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের নোটিশ বোর্ডে আঁটিয়া দিয়া।

**৫৮। প্রমাণিত অবহেলা বা স্বেচ্ছাচারমূলক কার্যের জন্য ব্যতীত ক্ষতি বা অনিষ্টের জন্য ক্ষতিপূরণ প্রদেয় হইবে না।**—কোন পণ্যের মালিক, কোন পণ্য মূল্য সংযোজন কর বিভাগের কোন পণ্যগুদামে অথবা শুল্ক এলাকায় অথবা ঘাটে বা অবতরণ স্থানে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার তত্ত্বাবধানে থাকাকালে বা বৈধভাবে আটক থাকাকালে উহার কোন ক্ষতি বা অনিষ্ট হইলে তজ্জন্য উক্ত পণ্যের মালিক কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা হইতে কোন ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না, যদি না ইহা প্রমাণিত হয় যে উক্ত কর্মকর্তার ইচ্ছাকৃত অবহেলা বা কোন স্বেচ্ছাচারমূলক কার্যের ফলে উক্ত ক্ষতি বা অনিষ্ট সংঘটিত হইয়াছে।

**৫৯। মালিকানা হস্তান্তর।**—কোন নিবন্ধিত ব্যক্তি তাহার [২][ব্যবসায় প্রতিষ্ঠানের আওতাধীন কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি বা মালিকানা], উক্ত ব্যবসায় পরিচালনায় এই আইনের অধীন প্রদেয় সকল মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, [৩][বা অন্যবিধ পাওনা] সম্পূর্ণরূপে পরিশোধ না করা পর্যন্ত, হস্তান্তর করিতে পারিবেন না [৪][ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত প্রতিষ্ঠানের স্থাবর বা অস্থাবর সম্পত্তি বা মালিকানা ক্রয়কারী ব্যক্তি প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক [৫][বা অন্যবিধ পাওনা] পরিশোধ করা বিষয়ে কোন তফসিলী ব্যাংকের নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি দাখিল করিলে যথোপযুক্ত বিবেচনায় সংশ্লিষ্ট কমিশনার তৎকর্তৃক নির্ধারিত শর্তে উহা হস্তান্তরের অনুমতি প্রদান করিতে পারিবেন।]

---

[১] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৬) এর দফা (খ) দ্বারা নূতন উপ-ধারা (৩), (৪) ও (৫) সংযোজিত।

[২] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ১০০ দ্বারা "ব্যবসায়ের মালিকানা" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৩] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৮৩ দ্বারা "শুল্ক" শব্দের পর "বা অন্যবিধ পাওনা" শব্দগুলি সন্নিবেশিত।

[৪] অর্থ আইন, ২০০৩ (২০০৩ সনের ১৭ নং আইন) এর ধারা ৪৭ দ্বারা "দাঁড়ি" এর পরিবর্তে "কোলন" প্রতিস্থাপিত এবং অতঃপর নূতন শর্তাংশ সংযোজিত।

[৫] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৮৩ দ্বারা "শুল্ক" শব্দের পর "বা অন্যবিধ পাওনা" শব্দগুলি সন্নিবেশিত।

**৬০। মূল্য সংযোজন কর আইনের ক্ষেত্রে অন্যান্য আইনের প্রয়োগ।**—সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, Customs Act বা Excises and Salt Act, 1944 (I of 1944) এবং উহার অধীন প্রণীত বিধিমালার যে কোন বিধান প্রয়োজনীয় পরিবর্তন সহকারে এই আইনের প্রয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হইবে বলিয়া ঘোষণা করিতে পারিবে।

**৬১। আদালতের এখতিয়ার বারিত।**—এই আইনের অধীন প্রদত্ত কোন আদেশ, অথবা কোন মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিরূপণ, ধার্যকরণ বা আদায়করণ বাতিল বা পরিবর্তন করার জন্য কোন দেওয়ানী আদালতে কোন মামলা দায়ের করা যাইবে না।

**৬২। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ।**—এই আইন বা কোন বিধির অধীনে সরল বিশ্বাসে কৃত কোন কার্যের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকিলে তজ্জন্য সরকার বা উহার কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের বা রুজু করা যাইবে না।

[১]**৬২ক। তথ্যের গোপনীয়তা রক্ষণ।**—নিম্নবর্ণিত সকল বিবরণ এবং তথ্যাদি গোপনীয় থাকিবে, যথাঃ—

(ক) এই আইনের অধীনে গৃহীত যে কোন বিবৃতি, দাখিলপত্র, বা ধারা ২৪ এর উপ-ধারা (২) অনুযায়ী প্রাপ্ত তথ্য ও দলিলাদি এবং ধারা ২৬ অনুযায়ী আটককৃত যে কোন দলিলাদি এবং ধারা ৩১ অনুযায়ী নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সংরক্ষিত পুস্তক ও নথিপত্র বা তৎকর্তৃক সরবরাহকৃত যে কোন বাণিজ্যিক দলিলাদি;

(খ) এই আইনের অধীনে গৃহীত কোন সাক্ষ্য বা এফিডেভিট বা জবানবন্দী;

(গ) এই আইনের অধীনে দাবি আদায় সংক্রান্ত যে কোন দলিলাদি।]

**৬৩। মৃত ব্যক্তির সম্পত্তি।**—এই আইনের অধীন নিবন্ধিত মৃত ব্যক্তির করদায়িতা তাহার উত্তরাধিকারীগণ কর্তৃক তাহার নিকট হইতে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তির উপর অগ্রগণ্য দায় বলিয়া বিবেচিত হইবে।

**৬৪। দেউলিয়া ব্যক্তির দায়।**—(১) যদি কোন নিবন্ধিত ব্যক্তি দেউলিয়া ঘোষিত হন তাহা হইলে এই আইনের অধীন তাহার করদায়িতা দেউলিয়াত্বের অধীন সম্পত্তির উপর বর্তাইবে, যদি উক্ত সম্পত্তি সম্পর্কিত ব্যবসায় অব্যাহত থাকে।

(২) যদি করদায়িতা কোন সম্পত্তি দেউলিয়াত্বের অধীনে যাওয়ার পর উক্ত সম্পত্তি সংক্রান্ত ব্যবসায় পরিচালনাকালে উদ্ভূত হয় তাহা হইলে প্রদেয় মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, উক্ত সম্পত্তি সংক্রান্ত ব্যবসায় পরিচালনা বাবদ চলতি খরচ বলিয়া গণ্য হইবে এবং উহা অন্যান্য পাওনাদারের দাবী মিটানোর পূর্বে পরিশোধ করিতে হইবে।

**৬৫। অসুবিধা দূরীকরণ।**—এই আইনের বিধানাবলি কার্যকর করার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে সরকার উক্ত অসুবিধা দূরীকরণার্থে, আদেশ দ্বারা, প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**৬৬। মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে কতিপয় পণ্য খালাস এবং কতিপয় পণ্যের মূল্য সংযোজন কর প্রত্যর্পণের ক্ষমতা।**— বোর্ড যেরূপ শর্ত, সীমা বা বিধিনিষেধ আরোপকরণ উপযুক্ত বিবেচনা করে সেইরূপ শর্ত, সীমা ও বিধিনিষেধ সাপেক্ষে, বিধিমালা দ্বারা নির্ধারিত সাধারণ ক্ষেত্রসমূহে বা বিশেষ আদেশ দ্বারা কোন বিশেষ ক্ষেত্রে Customs Act এর Section 21- এর বিধান মোতাবেক মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ ব্যতিরেকে কতিপয় পণ্য খালাস করার অথবা কতিপয় পণ্যের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রত্যর্পণের ক্ষমতা প্রদান করিতে পারিবে।

**৬৭। [২][ফেরত প্রদান (Refund)।**—(১) অসাবধানতাবশতঃ, ভুলবশতঃ বা ভুল ব্যাখ্যার কারণে বা অন্য কোন কারণে পরিশোধিত বা অধিক পরিশোধিত বলিয়া দাবীকৃত **মূল্য সংযোজন কর** বা, ক্ষেত্রমত, **মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক** বা **টার্নওভার কর** বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফেরত প্রদান (Refund) করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বা টার্নওভার কর পরিশোধের [৩][ছয়] মাসের মধ্যে অনুরূপ দাবী উত্থাপন করা না হইলে এই উপ-ধারার অধীন ফেরত প্রদানের দাবী গ্রহণযোগ্য হইবে না।]

(২) Customs Act এর Section 81 মোতাবেক সাময়িক পরিশোধিত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের ক্ষেত্রে [৪][ছয়] মাসের মেয়াদ গণনা করা হইবে উক্ত মূল্য সংযোজন কর বা, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের চূড়ান্ত নিরূপণের পর উহার সমন্বয় বিধানের তারিখ হইতে।

[১] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৯০ দ্বারা নূতন ধারা ৬২ক সন্নিবেশিত।
[২] অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৩) এর দফা (ক) ও (খ) দ্বারা উপান্ত শিরোনামার পরিবর্তে নূতন শিরোনামা এবং উপ-ধারা (১) এর পরিবর্তে নূতন উপ-ধারা (১) প্রতিস্থাপিত।
[৩] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৯২ এর দফা (ক) দ্বারা "চার মাসের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।
[৪] অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৯২ এর দফা (খ) দ্বারা "চার মাসের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

**৬৮। আমদানিকৃত পণ্য রপ্তানির ক্ষেত্রে ড্র ব্যাক।**—Customs Act-এর Chapter VI এর বিধানাবলী সাপেক্ষে, সহজে সনাক্ত করা যায় এইরূপ কোন পণ্য বাংলাদেশে আমদানিকালে উহার উপর মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ করিয়া বাংলাদেশের বাহিরে কোন স্থানে অথবা কোন বিদেশ গমনকারী যানবাহনে খাদ্য সামগ্রী বা রসদ হিসেবে ব্যবহারের জন্য রপ্তানি করা হইলে উহার উপর প্রদত্ত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, ড্র-ব্যাক হিসেবে ফেরত প্রদান করা হইবে।

**৬৯। আমদানি ও রপ্তানির মধ্যবর্তী সময়ে ব্যবহৃত পণ্য বাবদ ড্র-ব্যাক।**—ধারা ৬৮ তে যাহা কিছুই থাকুক না কেন, যে পণ্য আমদানি এবং পরবর্তীতে রপ্তানির মধ্যবর্তী সময়ে ব্যবহার করা হইয়াছে সেই পণ্য সম্পর্কিত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, ড্র-ব্যাক হিসেবে তদুদ্দেশ্যে প্রণীত বিধিমালার বিধানাবলী মোতাবেক ফেরত প্রদান করা হইবে।

**৭০। যে ক্ষেত্রে কোন ড্র-ব্যাক মঞ্জুর করা হইবে না।**— [১][ধারা ১৩ এর বিধান ক্ষুণ্ণ না করিয়া এবং ৬৮ এবং ৬৯]-এ যাহা কিছুই থাকুক না কেন, Customs Act- এর section 39- এর শর্তাবলি যে ক্ষেত্রে প্রযোজ্য সে ক্ষেত্রে কোনো ড্র-ব্যাক মঞ্জুর করা হইবে না।

[২][**৭০ক। মূল্য সংযোজন কর তথ্য প্রক্রিয়াকরণ, ইত্যাদি।**—বোর্ড, প্রত্যক্ষ তত্ত্বাবধানে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি ও ফি আদায় সাপেক্ষে, মূল্য সংযোজন কর নিবন্ধন, দাখিলপত্র, ইলেকট্রনিক মাধ্যমে কর পরিশোধসহ এতদসংশ্লিষ্ট অন্য কোন কার্য সম্পাদন, তথ্য প্রক্রিয়াকরণ, প্রতিবেদন প্রস্তুতকরণ, ইত্যাদি বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করিতে পারিবে।]

**৭১। করণিক ত্রুটি সংশোধন, ইত্যাদি।**—সরকার, বোর্ড বা কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক এই আইনের অধীন কৃত বা প্রদত্ত কোন কর নিরূপণ, ন্যায়-নির্ধারণ, সিদ্ধান্ত বা আদেশে কোন করণিক বা গাণিতিক ভুল বা ত্রুটি থাকিলে সরকার, বোর্ড বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা কিংবা তাহার স্থলাভিষিক্ত ব্যক্তি যে কোন সময় উক্ত ভুল বা ত্রুটি সংশোধন করিতে পারিবেন।

[৩][**৭১ক। সরকারী পাওনা অবলোপনের ক্ষমতা।**—যে ক্ষেত্রে কোন ব্যক্তির দেউলিয়াত্ব অথবা কোন প্রতিষ্ঠানের অস্তিত্ব বিলোপ বা অন্য কোন কারণে এইরূপ নিশ্চিত হওয়া যায় যে, উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর ধার্যকৃত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক কর কিংবা আরোপিত কোন অর্থদণ্ড কিংবা এই আইন বা তদধীনে প্রণীত বিধিমালার অধীনে সম্পাদিত কোন মুচলেকা বা অন্য কোন দলিলের অধীনে দাবীকৃত কোন অর্থ এই আইনের ধারা ৫৬ এর অধীনে আদায় করা সম্ভব নয়, সেই ক্ষেত্রে সরকার উক্ত সরকারী পাওনা অবলোপন (Write off) করিতে পারিবে[৪][:

তবে শর্ত থাকে যে, অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, সরকারি পাওনা অবলোপনের পর যদি প্রমাণ থাকে যে, দায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোন সম্পত্তি নূতনভাবে উদ্ভব হইয়াছে বা ইতিপূর্বে সরকারি অর্থের দায়-দেনা হইতে মুক্ত হওয়ার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান স্বীয় সম্পত্তি অসৎ উদ্দেশ্যে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিয়া দেউলিয়া হইয়াছেন, তাহা হইলে উক্ত সম্পত্তির ওপর সরকারি পাওনা আদায়ের নিমিত্তে অগ্রাধিকার সৃষ্টি হইবে এবং তাহা এমনভাবে আদায়যোগ্য হইবে যেন নূতনভাবে উদ্ভূত বা অসৎ উদ্দেশ্যে হস্তান্তরিত সম্পত্তির গ্রহীতার ওপর সরকারি পাওনা পরিশোধের সম্পূর্ণ দায়িত্ব অর্পিত হইয়াছে।]]

[৫][**৭১কক। কর ফাঁকি, আইন লংঘন ইত্যাদির উদঘাটনের জন্য পুরস্কার প্রদান।**—এই আইন বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, বোর্ড বিধি দ্বারা নির্ধারিত ক্ষেত্রে, পদ্ধতিতে এবং সীমা সাপেক্ষে, নিম্নবর্ণিত ব্যক্তিগণকে পুরস্কার প্রদান করিতে পারে ঃ-

(ক) এমন কোন ব্যক্তি যিনি এই আইন বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনের বিধান লঙ্ঘন করার ব্যাপারে বা তদধীনে আদায়যোগ্য কর বা রাজস্ব ফাঁকি দেওয়া বা উহার প্রচেষ্টার ব্যাপারে মূল্য সংযোজন কর কর্মকর্তাকে তথ্য সরবরাহ করেন; বা

(খ) এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বা অন্য কোন সরকারী সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারী যিনি, এই আইন বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনের অধীন আদায়যোগ্য কর বা রাজস্ব ফাঁকি বা উহা ফাঁকি দেওয়ার চেষ্টা বা উক্ত আইনের কোন বিধানের লঙ্ঘন চিহ্নিত বা

---

[১] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ১০১ দ্বারা "ধারা ১৩, ৬৮ ও ৬৯" শব্দ ও সংখ্যাগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৯১ দ্বারা নূতন ধারা ৭০ক সন্নিবেশিত।

[৩] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৮) দ্বারা নূতন ধারা "৭১ক" সন্নিবেশিত।

[৪] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৯২ দ্বারা শর্তাংশ সন্নিবেশিত।????

[৫] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ১০২ দ্বারা নূতন ধারা ৭১কক সন্নিবেশিত।

উদঘাটন করেন এবং যদি উক্তরূপ তথ্য সরবরাহ বা চিহ্নিতকরণ বা উদঘাটনের ফলে নিম্নরূপ পরিস্থিতির উদ্ভব হইয়া থাকেঃ—

(অ) যে পণ্য বা অন্য কিছুর ব্যাপারে উক্ত কর বা রাজস্ব ফাঁকি দেওয়া হইয়াছে বা ফাঁকি দেওয়ার চেষ্টা করা হইয়াছে বা আইনের বিধান লঙ্ঘন করা হইয়াছে, সেই পণ্য আটক এবং বাজেয়াপ্ত হয়, বা

(আ) এই আইন বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনের অধীনে মূল্য সংযোজন কর বা সংশ্লিষ্ট রাজস্ব আদায় হয়, বা ক্ষেত্রমত, দায়ী ব্যক্তির উপর আরোপিত জরিমানা আদায় হয়, বা

(ই) এই আইন বা সংশ্লিষ্ট অন্য কোন আইনের অধীনে দায়ী ব্যক্তি দণ্ডিত হন [১][;

(গ) এমন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বা কর্মচারী বা অন্য কোন সরকারী সংস্থা বা সরকারের জন্য কাজ করেন এমন কোন ব্যক্তি যিনি এই আইনের অধীন আদায়যোগ্য কর দফা (ক) ও (খ) এ বর্ণিত পদক্ষেপ ব্যতিরেকে অন্য কোনভাবে আদায় করেন বা আদায়ের লক্ষ্যে যথাযথ সহায়তামূলক পদক্ষেপ গ্রহণ করেন।]]

[২][৭১খ। **মূল্য সংযোজন কর কর্মকর্তা-কর্মচারীদেরকে আর্থিক প্রণোদনা প্রদান।**—কোনো অর্থ বৎসরে সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার তুলনায় বেশি রাজস্ব আহরিত হইলে, বোর্ড উক্ত বেশি পরিমাণ আদায়কৃত রাজস্ব হইতে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে একটি অংশ, বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং বোর্ডের অধীন মূল্য সংযোজন কর কার্যালয়সমূহে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রণোদনা হিসেবে বেতনস্কেল অনুপাতে প্রদান করিতে পারিবে।]

[৩][৭১গ। **কর ফেরত প্রদান এবং পুরস্কার ও আর্থিক প্রণোদনা সংক্রান্ত তহবিল।**—(১) এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে, নিম্নোক্ত তহবিলে সংরক্ষিত অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৮৮(চ) অনুচ্ছেদের বিধানাবলী অনুসারে সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত হইবে, যথাঃ—

(ক) কর ফেরত প্রদান তহবিল ; এবং

(খ) পুরস্কার ও আর্থিক প্রণোদনা তহবিল।

(২) অর্থ বিভাগ বোর্ডের নিজস্ব খাতের অধীনে নিম্নোক্ত হিসাবসমূহ প্রতিষ্ঠা করিবে, যথাঃ-

(ক) **"কর ফেরৎ প্রদান তহবিল "** যেখানে কর ফেরত প্রদানযোগ্য অর্থ সংরক্ষিত হইবে এবং মূল্য সংযোজন কর কর্মকর্তা হিসাবে ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনার উক্ত তহবিল হইতে ধারা ৬৭ এর অধীনে পরিশোধযোগ্য কর ফেরত প্রদান করিবেন ; এবং

(খ) **"পুরস্কার ও আর্থিক প্রণোদনা তহবিল "** যেখানে পুরস্কার এবং আর্থিক প্রণোদনা প্রদানযোগ্য অর্থ সংরক্ষিত হইবে এবং উক্ত তহবিল হইতে বোর্ড ধারা ৭১কক এবং ৭১খ এর অধীনে পরিশোধযোগ্য পুরস্কার ও আর্থিক প্রণোদনা প্রদান করিবে।

(৩) উপ-ধারা (২) এ বর্ণিত হিসাবসমূহ সংশ্লিষ্ট অর্থ বৎসরে এপ্রোপ্রিয়েশন আইন (Appropriation Act) এর অধীন বোর্ড এবং মূল্য সংযোজন কর দপ্তরকে প্রদত্ত বাৎসরিক মঞ্জুরী হইতে পৃথক হইবে।

(৪) কর ফেরত প্রদান তহবিলে ঘাটতি হইলে, সংযুক্ত তহবিলের বিপরীতে একটি দায় সৃষ্টির মাধ্যমে উহা পরিশোধ করিতে হইবে এবং ফেরত প্রদানযোগ্য অর্থের জন্য তহবিলের হিসাব গণনায় ব্যবহৃত শতকরা হার বৃদ্ধি করিয়া উহা সম্পন্ন করিতে হইবে।

(৫) কর ফেরত প্রদান তহবিলের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ অনুমিত কর ফেরত দাবী মিটাইবার জন্য আবশ্যকীয় পরিমাণ অপেক্ষা বেশি হইলে, রিজার্ভের পরিমাণ প্রয়োজনীয় স্তরে নামিয়া না আসা পর্যন্ত আর কোন অর্থ মোট দৈনিক কর রাজস্ব হইতে পৃথক করিয়া রাখা যাইবে না।

(৬) কোন অর্থ বৎসরের শেষে পুরস্কার ও আর্থিক প্রণোদনা তহবিলে কোন অর্থ অবশিষ্ট থাকিলে উহা সংযুক্ত তহবিলে স্থানান্তরিত হইবে, যদি না উক্ত অর্থ বৎসর সমাপ্তির পর অন্যূন ৩ (তিন) মাসের কম সময়ের মধ্যে উক্ত অর্থ বৎসরে এই আইনের আওতায় কর আদায়ের বিষয়ে পুরস্কার হিসাবে উহা পরিশোধিত হয়।

**ব্যাখ্যা**।- এই ধারার উদ্দেশ্যপূরণকল্পে—

(ক) "**কর ফেরত প্রদান তহবিল**" বলিতে কোন অর্থ বৎসরের সম্ভাব্য সকল ফেরত দাবী মিটাইবার লক্ষ্যে, বোর্ড কর্তৃক নির্ধারিত এই আইনের অধীন আদায়কৃত সর্বমোট কর রাজস্বের নির্ধারিত শতাংশ হারে হিসাবকৃত অর্থকে বুঝাইবে; এবং

---

[১] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৮৪ দ্বারা দফা (খ) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত এবং অতঃপর নূতন দফা (গ) সন্নিবেশিত।

[২] অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৯৩ দ্বারা নূতন ধারা ৭১খ সন্নিবেশিত।

[৩] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৭৮ দ্বারা নূতন ধারা ৭১গ সন্নিবেশিত।

(খ) "পুরস্কার ও আর্থিক প্রণোদনা তহবিল " বলিতে এই আইনের অধীন আদায়কৃত সর্বমোট কর রাজস্বের শূন্য দশমিক এক শতাংশ (এক শতাংশের একদশমাংশ) পরিমাণ অর্থ-কে বুঝাইবে।]

৭২। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—(১) এই আইনে উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন [১][এবং প্রণীত বিধির ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ] করিতে পারিবে [২][ঃ

তবে শর্ত থাকে যে, বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।]

(২) বিশেষ করিয়া, এবং উপরিউক্ত ক্ষমতার সামগ্রিকতাকে ক্ষুণ্ণ না করিয়া, অনুরূপ বিধিতে নিম্নবর্ণিত সকল অথবা যে কোন বিষয়ে বিধান করা যাইবে, যথাঃ—

(ক) [৩][মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিরূপণ, ধার্যকরণ ও আদায়করণ এবং উক্তরূপ ধার্যের জন্য মূল্য নির্ধারণ, মূল্য ঘোষণা ও ঘোষিত মূল্য যাচাই বাছাইকরণ প্রক্রিয়া], উপকরণ কর রেয়াত গ্রহণ এবং এই আইনের অধীন দায়িত্বসমূহ পালনকারী কর্তৃপক্ষসমূহ নির্ধারণ;

(খ) মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য উহার উৎপাদন বা প্রস্তুতকরণের স্থান [৪][বা ব্যবসায় স্থল] হইতে অপসারণ ও পরিবহন;

(গ) এই আইনের অধীন কোন বিধির প্রয়োগের তদারকীর জন্য সরকারী কর্মকর্তা নিয়োগ;

(ঘ) করযোগ্য পণ্য, অব্যাহতিপ্রাপ্ত পণ্য এবং উক্তরূপ পণ্যসমূহ প্রস্তুতকরণ বা উৎপাদনে [৫][বা সরবরাহে] ব্যবহৃত উপকরণসমূহ পণ্য [৬][প্রস্তুতকরণ বা উৎপাদনের স্থানে বা ব্যবসায় স্থলে] পৃথক পৃথক ভাবে রক্ষণ;

(ঙ) করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানে নিয়োজিত কোন ব্যক্তি কর্তৃক এই আইনের অধীন প্রয়োজনীয় তথ্য সরবরাহ;

(চ) করযোগ্য পণ্য কেবল নির্ধারিত মোড়ক, থলিয়া বা কোষে সরবরাহকরণ এবং যে মোড়ক, থলিয়া বা কোষে উহা সরবরাহ করা হয় তাহাতে উহার খুচরা মূল্য মুদ্রণ, উৎকীর্ণকরণ বা বুনন বাধ্যতামূলককরণ;

(ছ) যে কোন পণ্য সম্পর্কে এই আইন বা কোন বিধি লঙ্ঘন করা হয় তাহার বাজেয়াপ্তকরণ;

(জ) [৭][প্রস্তুতকৃত বা উৎপাদিত বা আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের] নমুনা সংগ্রহ ও উহার পরীক্ষা এবং করযোগ্য পণ্য পরিবহনকারী যানবাহন পরিদর্শন, তল্লাশি ও আটক;

(ঝ) পণ্য বা সেবা রপ্তানি এবং রপ্তানি সংক্রান্ত রেয়াত ও প্রত্যর্পণ পদ্ধতি;

(ঞ) এই ধারার অধীন প্রণীত কোন বিধি হইতে উদ্ভূত কোন বিষয় সম্পর্কে লিখিত নির্দেশ প্রদানের জন্য [৮][কমিশনার], মূল্য সংযোজন করকে ক্ষমতা প্রদান;

[৯][(ট) ধারা ৭১কক এর বিধান অনুযায়ী পুরস্কার প্রদান।]

(৩) এই ধারার অধীন প্রণীত বিধিতে বোর্ড এইরূপ বিধান করিতে পারিবে যে কোন বিধি লঙ্ঘনকারী ব্যক্তি, এই আইনের অধীনে তাহার বিরুদ্ধে অন্য যে কোন ব্যবস্থা গ্রহণের বিধান ক্ষুণ্ণ না করিয়া, [১০][*] সংশ্লিষ্ট পণ্য সরবরাহ বা সেবা

---

[১] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫৯ দ্বারা "বিধি প্রণয়ন" শব্দগুলির পর "এবং প্রণীত বিধির ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ" শব্দগুলি ও বন্ধনী সন্নিবেশিত।

[২] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫৯ দ্বারা "দাড়ি" চিহ্ন এর পরিবর্তে "কোলন" চিহ্ন প্রতিস্থাপিত এবং তৎপর নূতন শর্ত সংযোজিত।

[৩] অর্থ অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ৩৩ নং অধ্যাদেশ/২০০৯ সনের ১০ নং আইন) এর ধারা ৪৫ দ্বারা "মূল্য সংযোজন কর বা সম্পূরক শুল্ক নিরূপণ ও আদায়করণ" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৪] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৯) এর দফা (ক) দ্বারা "স্থান" শব্দটির পর "বা ব্যবসায় স্থল" শব্দগুলি সন্নিবেশিত।

[৫] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৯) এর দফা (খ) এর উপ-দফা (অ) দ্বারা "উৎপাদনে" শব্দটির পর "বা সরবরাহে" শব্দগুলি সন্নিবেশিত।

[৬] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৯) এর দফা (খ) এর উপ-দফা (আ) দ্বারা "প্রস্তুতকরণ বা উৎপাদনের স্থানে" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৭] অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (১৯) এর দফা (গ) দ্বারা "প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[৮] অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১) দ্বারা "কালেক্টর" শব্দের পরিবর্তে প্রতিস্থাপিত।

[৯] অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ১০৩ দ্বারা দফা (ট) এর পরিবর্তে নূতন দফা (ট) প্রতিস্থাপিত।

[১০] অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১৪) এর দফা (খ) দ্বারা "অনধিক পঁচিশ হাজার টাকা অথবা" শব্দগুলি বিলুপ্ত।

প্রদানের উপর প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের [১][অনূর্ধ্ব দেড়গুণ] পরিমাণ [২][*] অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত লঙ্ঘন যে পণ্য বা সেবা সম্পর্কিত হয় উহা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।

[৩][৭২ক। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ, ইত্যাদি**।—(১) এই আইন প্রবর্তনের পর সরকার, প্রয়োজন মনে করিলে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।]

৭৩। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই আইন প্রবর্তনের সঙ্গে সঙ্গে (Business Turnover Tax Ordinance, 1982 (XVII of 1982) এবং Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982), অতঃপর উক্ত অধ্যাদেশগুলি বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উক্ত অধ্যাদেশগুলি উক্তরূপে রহিত হওয়া সত্ত্বেও—

(ক) উক্ত অধ্যাদেশগুলির অধীন কৃত বা গৃহীত ব্যবস্থা, যতদূর পর্যন্ত উহা এই আইনের বিধানাবলীর সহিত অসঙ্গতিপূর্ণ না হয় ততদূর পর্যন্ত, ইতিমধ্যে কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা ক্ষুণ্ন না করিয়া এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(খ) উক্ত অধ্যাদেশগুলির অধীন প্রণীত সকল বিধি, প্রদত্ত সকল আদেশ, জারীকৃত সকল প্রজ্ঞাপন বা নোটিশ এই আইনের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত, বলবৎ থাকিবে এবং এই আইনের অধীন প্রণীত, প্রদত্ত বা জারীকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(গ) উক্ত অধ্যাদেশগুলির কোন একটির দ্বারা বা উহার অধীন আরোপিত কোন কর বা ফিস বা অন্য কোন পাওনা, এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে, অনাদায়ী থাকিলে উহা উক্ত অধ্যাদেশ অনুযায়ী আদায় করা হইবে, যেন উক্ত অধ্যাদেশ রহিত হয় নাই।

(৩) মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১) এতদ্বারা রহিত করা হইল।

[৪][(৪) উপ-ধারা (৩) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীন-

(ক) কৃত সকল কাজকর্ম বা গৃহীত সকল ব্যবস্থা এই আইনের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) প্রণীত সকল বিধি, প্রদত্ত সকল আদেশ ও জারীকৃত সকল প্রজ্ঞাপন বা নোটিশ, এই আইনের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত, বলবৎ থাকিবে এবং এই আইনের অধীন প্রণীত, প্রদত্ত বা জারীকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।]

---

[১] অর্থ আইন, ২০১১ (২০১১ সনের ১২ নং আইন) এর ধারা ৭৯ দ্বারা "আড়াই গুণ" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

[২] অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১৪) এর দফা (খ) দ্বারা ",যাহাই অধিক হয়," শব্দগুলি ও কমাগুলি বিলুপ্ত।

[৩] অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৬০ দ্বারা নূতন ধারা ৭২ক সন্নিবেশিত।

[৪] অর্থ আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৭) দ্বারা উপ-ধারা (৪) এর পরিবর্তে নূতন উপ-ধারা (৪) প্রতিস্থাপিত।

## [১]প্রথম তফসিল

(ধারা ৩ দ্রষ্টব্য)

### মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ

১। মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০ নং আইন) এর দ্বিতীয় তফসিলে উল্লিখিত সকল পণ্য, বাংলাদেশে প্রস্তুতকরণ বা উৎপাদনের ক্ষেত্রে।

২। Customs Act, 1969 এর First Schedule এর নিম্নবর্ণিত Heading No. সমূহের বিপরীতে উল্লিখিত Harmonized Commodity Description and Coding System (H.S. Code) এর আওতাধীন পণ্যসমূহঃ

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০১.০১ | শিরনামার অধীন সকল কোড | জীবন্ত ঘোড়া, গাধা, খচ্চর ও ঘোটক |
| ০১.০২ | " | জীবন্ত গবাদি পশুসমূহ |
| ০১.০৩ | " | জীবন্ত শুকর |
| ০১.০৪ | " | জীবন্ত ভেড়া এবং ছাগল |
| ০১.০৫ | " | জীবন্ত পক্ষিসমূহ, যাহা গ্যালাস ডোমেস্টিকাস প্রজাতির পক্ষিসমূহ, পাতিহাঁস, হংসী, টার্কি এবং গিনি পক্ষিসমূহকেও অন্তর্ভুক্ত করিবে |
| ০১.০৬ | শিরনামার অধীন সকল কোড | অন্যান্য জীবন্ত পশুসমূহ |
| ০২.০১ | ০২০১.১০.৯০<br>০২০১.২০.৯০<br>০২০১.৩০.৯০ | গবাদি পশুর মাংস, তাজা অথবা ঠান্ডা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০২.০২ | ০২০২.১০.৯০<br>০২০২.২০.৯০<br>০২০২.৩০.৯০ | গবাদি পশুর মাংস, হিমায়িত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০২.০৩ | ০২০৩.১১.৯০<br>০২০৩.১২.৯০<br>০২০৩.১৯.৯০<br>০২০৩.২১.৯০<br>০২০৩.২২.৯০<br>০২০৩.২৯.৯০ | শুকরের মাংস, তাজা, ঠান্ডা অথবা হিমায়িত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |

[১] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৮৫ দ্বারা প্রথম তফসিলের পরিবর্তে নূতন প্রথম তফসিল প্রতিস্থাপিত।

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০২.০৪ | ০২০৪.১০.৯০<br>০২০৪.২১.৯০<br>০২০৪.২২.৯০<br>০২০৪.২৩.৯০<br>০২০৪.৩০.৯০<br>০২০৪.৪১.৯০<br>০২০৪.৪২.৯০<br>০২০৪.৪৩.৯০<br>০২০৪.৫০.৯০ | ভেড়া অথবা ছাগলের মাংস, তাজা, ঠান্ডা অথবা হিমায়িত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০২.০৫ | ০২০৫.০০.৯০ | ঘোড়া, গাধা, খচ্চর অথবা ঘোটকের মাংস, তাজা, ঠান্ডা অথবা হিমায়িত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০২.০৬ | ০২০৬.১০.৯০<br>০২০৬.২১.৯০<br>০২০৬.২২.৯০<br>০২০৬.২৯.৯০<br>০২০৬.৩০.৯০<br>০২০৬.৪১.৯০<br>০২০৬.৪৯.৯০<br>০২০৬.৮০.৯০<br>০২০৬.৯০.৯০ | গবাদি পশু, শুকর, ভেড়া, ছাগল, ঘোড়া, গাধা, খচ্চর অথবা ঘোটকের ভোজ্য নাড়িভুড়ি, তাজা, ঠান্ডা অথবা হিমায়িত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০২.০৭ | ০২০৭.১১.৯০<br>০২০৭.১২.৯০<br>০২০৭.১৩.৯০<br>০২০৭.১৪.৯০<br>০২০৭.২৪.৯০<br>০২০৭.২৫.৯০<br>০২০৭.২৬.৯০<br>০২০৭.২৭.৯০<br>০২০৭.৪১.৯০<br>০২০৭.৪২.৯০<br>০২০৭.৪৩.৯০<br>০২০৭.৪৪.৯০<br>০২০৭.৪৫.৯০<br>০২০৭.৫১.৯০<br>০২০৭.৫২.৯০<br>০২০৭.৫৩.৯০<br>০২০৭.৫৪.৯০<br>০২০৭.৫৫.৯০<br>০২০৭.৬০.৯০ | ০১.০৫ এর শ্রেণীভুক্ত হাঁস মুরগীর মাংস এবং ভোজ্য নাড়িভুড়ি, তাজা, ঠান্ডা অথবা হিমায়িত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০২.০৮ | ০২০৮.১০.৯০<br>০২০৮.৩০.৯০<br>০২০৮.৪০.৯০<br>০২০৮.৫০.৯০<br>০২০৮.৯০.৯০ | অন্যান্য মাংস ও ভোজ্য নাড়িভূড়ি, তাজা, ঠান্ডা অথবা হিমায়িত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০২.০৯ | ০২০৯.৯০.৯০ | শুকরের মেদবিহীন মাংস এবং গৃহপালিত পক্ষিসমূহের মেদ (গলানো নহে) তাজা, ঠান্ডা, হিমায়িত, লবণাক্ত, শুকনা বা ধূমায়িত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০২.১০ | ০২১০.১১.৯০<br>০২১০.১২.৯০<br>০২১০.১৯.৯০<br>০২১০.২০.৯০<br>০২১০.৯১.৯০<br>০২১০.৯২.৯০<br>০২১০.৯৩.৯০<br>০২১০.৯৯.৯০ | ভোজ্য মাংস ও নাড়িভূড়ি, লবনাক্ত, ধূমায়িত অথবা শুকনা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৩.০১ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | জীবন্ত মাছ (Ornamental Fish ব্যতীত) |
| ০৩.০২ | ০৩০২.১১.৯০<br>০৩০২.১৩.৯০<br>০৩০২.১৪.৯০<br>০৩০২.১৯.৯০<br>০৩০২.২১.৯০<br>০৩০২.২২.৯০<br>০৩০২.২৩.৯০<br>০৩০২.২৪.৯০<br>০৩০২.২৯.৯০<br>০৩০২.৩১.৯০<br>০৩০২.৩২.৯০<br>০৩০২.৩৩.৯০<br>০৩০২.৩৪.৯০<br>০৩০২.৩৫.৯০<br>০৩০২.৩৬.৯০<br>০৩০২.৩৯.৯০<br>০৩০২.৪১.৯০<br>০৩০২.৪২.৯০<br>০৩০২.৪৩.৯০<br>০৩০২.৪৪.৯০<br>০৩০২.৪৫.৯০<br>০৩০২.৪৬.৯০<br>০৩০২.৪৭.৯০<br>০৩০২.৫১.৯০ | ২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত তাজা অথবা ঠান্ডা মাছ (০৩.০৪ হেডিংভুক্ত কাঁটা ছাড়ানো মাছ এবং মাছের অন্যান্য মাংস ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| | ০৩০২.৫২.৯০ | |
| | ০৩০২.৫৩.৯০ | |
| | ০৩০২.৫৪.৯০ | |
| | ০৩০২.৫৫.৯০ | |
| | ০৩০২.৫৬.৯০ | |
| | ০৩০২.৫৯.৯০ | |
| | ০৩০২.৭১.৯০ | |
| | ০৩০২.৭২.৯০ | |
| | ০৩০২.৭৩.৯০ | |
| | ০৩০২.৭৪.৯০ | |
| | ০৩০২.৭৯.৯০ | |
| | ০৩০২.৮১.৯০ | |
| | ০৩০২.৮২.৯০ | |
| | ০৩০২.৮৩.৯০ | |
| | ০৩০২.৮৪.৯০ | |
| | ০৩০২.৮৫.৯০ | |
| | ০৩০২.৮৯.৯৯ | |
| | ০৩০২.৯০.৯০ | |
| ০৩.০৩ | ০৩০৩.১১.৯০ | ২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত হিমায়িত মাছ (০৩.০৪ হেডিংভুক্ত কাঁটা ছাড়ানো মাছ এবং মাছের অন্যান্য অংশ ব্যতীত) |
| | ০৩০৩.১২.৯০ | |
| | ০৩০৩.১৩.৯০ | |
| | ০৩০৩.১৪.৯০ | |
| | ০৩০৩.১৯.৯০ | |
| | ০৩০৩.২৩.৯০ | |
| | ০৩০৩.২৪.৯০ | |
| | ০৩০৩.২৫.৯০ | |
| | ০৩০৩.২৬.৯০ | |
| | ০৩০৩.২৯.৯০ | |
| | ০৩০৩.৩১.৯০ | |
| | ০৩০৩.৩২.৯০ | |
| | ০৩০৩.৩৩.৯০ | |
| | ০৩০৩.৩৪.৯০ | |
| | ০৩০৩.৩৯.৯০ | |
| | ০৩০৩.৪১.৯০ | |
| | ০৩০৩.৪২.৯০ | |
| | ০৩০৩.৪৩.৯০ | |
| | ০৩০৩.৪৪.৯০ | |
| | ০৩০৩.৪৫.৯০ | |
| | ০৩০৩.৪৬.৯০ | |
| | ০৩০৩.৪৯.৯০ | |
| | ০৩০৩.৫১.৯০ | |
| | ০৩০৩.৫৪.৯০ | |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| | ০৩০৩.৫৫.৯০ | |
| | ০৩০৩.৫৬.৯০ | |
| | ০৩০৩.৫৭.৯০ | |
| | ০৩০৩.৬৩.৯০ | |
| | ০৩০৩.৬৪.৯০ | |
| | ০৩০৩.৬৫.৯০ | |
| | ০৩০৩.৬৭.৯০ | |
| | ০৩০৩.৬৮.৯০ | |
| | ০৩০৩.৬৯.৯০ | |
| | ০৩০৩.৮১.৯০ | |
| | ০৩০৩.৮২.৯০ | |
| | ০৩০৩.৮৩.৯০ | |
| | ০৩০৩.৮৪.৯০ | |
| | ০৩০৩.৮৯.৯০ | |
| | ০৩০৩.৯০.৯০ | |
| ০৩.০৪ | ০৩০৪.৩১.৯০ | ২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত কাঁটা ছাড়ানো মাছ ও মাছের অন্যান্য মাংস, (কিমাকৃত হউক বা না হউক) তাজা, ঠান্ডা বা হিমায়িত |
| | ০৩০৪.৩২.৯০ | |
| | ০৩০৪.৩৩.৯০ | |
| | ০৩০৪.৩৯.৯০ | |
| | ০৩০৪.৪১.৯০ | |
| | ০৩০৪.৪২.৯০ | |
| | ০৩০৪.৪৩.৯০ | |
| | ০৩০৪.৪৪.৯০ | |
| | ০৩০৪.৪৫.৯০ | |
| | ০৩০৪.৪৬.৯০ | |
| | ০৩০৪.৪৯.৯০ | |
| | ০৩০৪.৫১.৯০ | |
| | ০৩০৪.৫২.৯০ | |
| | ০৩০৪.৫৩.৯০ | |
| | ০৩০৪.৫৪.৯০ | |
| | ০৩০৪.৫৫.৯০ | |
| | ০৩০৪.৫৯.৯০ | |
| | ০৩০৪.৬১.৯০ | |
| | ০৩০৪.৬২.৯০ | |
| | ০৩০৪.৬৩.৯০ | |
| | ০৩০৪.৬৯.৯০ | |
| | ০৩০৪.৭১.৯০ | |
| | ০৩০৪.৭২.৯০ | |
| | ০৩০৪.৭৩.৯০ | |
| | ০৩০৪.৭৪.৯০ | |
| | ০৩০৪.৭৫.৯০ | |
| | ০৩০৪.৭৯.৯০ | |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| | ০৩০৪.৮১.৯০ | |
| | ০৩০৪.৮২.৯০ | |
| | ০৩০৪.৮৩.৯০ | |
| | ০৩০৪.৮৪.৯০ | |
| | ০৩০৪.৮৫.৯০ | |
| | ০৩০৪.৮৬.৯০ | |
| | ০৩০৪.৮৭.৯০ | |
| | ০৩০৪.৮৯.৯০ | |
| | ০৩০৪.৯১.৯০ | |
| | ০৩০৪.৯২.৯০ | |
| | ০৩০৪.৯৩.৯০ | |
| | ০৩০৪.৯৪.৯০ | |
| | ০৩০৪.৯৫.৯০ | |
| | ০৩০৪.৯৯.৯০ | |
| ০৩.০৫ | ০৩০৫.১০.৯০<br>০৩০৫.২০.৯০<br>০৩০৫.৩১.৯০<br>০৩০৫.৩২.৯০<br>০৩০৫.৩৯.৯০<br>০৩০৫.৪১.৯০<br>০৩০৫.৪২.৯০<br>০৩০৫.৪৩.৯০<br>০৩০৫.৪৪.৯০<br>০৩০৫.৪৯.৯০<br>০৩০৫.৫১.৯০<br>০৩০৫.৫৯.৯০<br>০৩০৫.৬১.৯০<br>০৩০৫.৬২.৯০<br>০৩০৫.৬৩.৯০<br>০৩০৫.৬৪.৯০<br>০৩০৫.৬৯.৯০<br>০৩০৫.৭১.৯০<br>০৩০৫.৭২.৯০<br>০৩০৫.৭৯.৯০ | শুকনা, লবণাক্ত মাছ, ধুমায়নকালে রন্ধিত বা লবণ পানিতে সংরক্ষিত মাছ; ধুমায়িত হউক বা না হউক; মানুষের ভোগের যোগ্য মাছের গুড়া (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৩.০৭ | ০৩০৭.১১.৯০<br>০৩০৭.১৯.৯০<br>০৩০৭.২১.৯০<br>০৩০৭.২৯.৯০<br>০৩০৭.৩১.৯০<br>০৩০৭.৩৯.৯০<br>০৩০৭.৪১.৯০ | খোলকযুক্ত অথবা খোলক ছাড়ানো, জীবন্ত, তাজা, ঠান্ডা, হিমায়িত, শুকনা, লবণাক্ত বা লবণ পানিতে সংরক্ষিত শামুক জাতীয় প্রাণী; শামুক বা কাঁকড়া জাতীয় প্রাণী ব্যতীত অন্যান্য জলজ অমেরুদন্ডী প্রাণী জীবন্ত তাজা, ঠান্ডা, হিমায়িত, শুকনা, লবণাক্ত বা লোনা পানিতে সংরক্ষিত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| | ০৩০৭.৪৯.৯০ | |
| | ০৩০৭.৫১.৯০ | |
| | ০৩০৭.৫৯.৯০ | |
| | ০৩০৭.৬০.৯০ | |
| | ০৩০৭.৭১.৯০ | |
| | ০৩০৭.৭৯.৯০ | |
| | ০৩০৭.৮১.৯০ | |
| | ০৩০৭.৮৯.৯০ | |
| | ০৩০৭.৯১.৯০ | |
| | ০৩০৭.৯৯.৯০ | |
| ০৪.০১ | ০৪০১.১০.৯০<br>০৪০১.২০.৯০<br>০৪০১.৪০.৯০<br>০৪০১.৫০.৯০ | দুধ এবং ননী, ঘনীভূত নয় বা চিনি বা অন্য কোন মিষ্টি জাতীয় পদার্থ মিশ্রিত নহে (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৪.০৭ | ০৪০৭.১১.০০<br>০৪০৭.১৯.০০<br>০৪০৭.২১.০০<br>০৪০৭.২৯.০০<br>০৪০৭.৯০.০০ | খোলকসহ পাখির ডিম, তাজা, সংরক্ষিত বা রন্ধনকৃত |
| ০৪.০৯ | ০৪০৯.০০.৯০ | প্রাকৃতিক মধু (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৪.১০ | ০৪১০.০০.৯০ | অন্যত্র অন্তর্ভুক্ত বা বর্ণিত হয় নাই পশু হইতে উদ্ভূত এইরূপ ভোজ্য সামগ্রী (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৫.০১ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | অপ্রক্রিয়াজাত মানুষের চুল, ধৌত বা পালিশ করা হউক বা না হউক; মানুষের চুলের বর্জ্য |
| ০৫.০২ | " | শুকর, শুকর ছানা বা পুরুষ শুকরের লোম এবং চুল; ব্যাজ্যার এর লোম এবং ব্রাশ তৈয়ারীতে ব্যবহার উপযোগী অন্যান্য লোম; বা এইরূপ চুল বা লোমের অপ্রক্রিয়াজাত বর্জিত অংশ |
| ০৫.০৪ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | অন্যান্য পশুর (মাছ ব্যতীত) অন্ত্র, মূত্রাশয়, পাকস্থলী, সম্পূর্ণ অথবা উহার খন্ডিত অংশ (অপ্রক্রিয়াজাত) |
| ০৫.০৫ | " | পক্ষির চামড়া এবং অন্যান্য অংশ, পালক অথবা নরম পালক ও পালকের অংশ এবং নরম পালকসহ (পালকের ধার ছাটানো হউক বা না হউক), পরিষ্করণ, রোগ জীবানু শুন্যকরণ বা সংরক্ষণ উপযোগীকরণ ব্যতীত অন্য কোনভাবে প্রক্রিয়াজাত নহে; পালক বা পালকের অংশ বিশেষের গুড়া এবং বর্জ্য |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৫.০৭ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | হাতির দাঁত, কচ্ছপের খোলক, তিমির চোয়াল ও চোয়ালের চুল (whalebone hair), শিং, হরিণের শিং, পায়ের খুর, নখ, থাবা এবং পাখির ঠোঁট, অপ্রক্রিয়াজাত অথবা সাধারণভাবে তৈরী কিন্তু সঠিকভাবে কর্তিত নহে; এই জাতীয় পণ্যের গুড়ি এবং বর্জ্য |
| ০৫.০৮ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | প্রবাল এবং সমজাতীয় দ্রব্য, অপ্রক্রিয়াজাত বা সাধারণভাবে তৈরী কিন্তু অন্য কোনভাবে প্রক্রিয়াজাত নহে; শামুক, কাঁকড়া বা একিনোডার্ম এবং কাটলবোন, প্রক্রিয়াজাত অথবা সাধারণভাবে তৈরী কিন্তু সঠিকভাবে কর্তিত নহে; এইরূপ পণ্যের গুড়া ও বর্জিত অংশ |
| ০৫.১০ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | এ্যামবারগ্রীস, ক্যাসটোরিয়াম, সিভেট এবং কস্তুরী(মাস্ক); ক্যানথারাইড; (অপ্রক্রিয়াজাত) পিত্ত, শুকনা হউক বা না হউক; ভেষজ দ্রব্য প্রস্তুতে ব্যবহৃত, গ্রন্থি এবং অন্যান্য প্রাণীজ পণ্য, তাজা, ঠান্ডা, হিমায়িত অথবা সাময়িক ভাবে সংরক্ষিত |
| ০৫.১১ | " | অন্যত্র বর্ণিত বা অন্তর্ভুক্ত হয় নাই এইরূপ প্রাণীজাত পণ্য (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত); Customs Act এর First Schedule এর Chapter 1 অথবা 3 এ বর্ণিত মানুষের ভোগের অযোগ্য মৃত প্রাণী |
| ০৬.০১ | " | কন্দ, কন্দযুক্ত মূল, করস্‌ম, ক্রাউনস এবং বৃক্ষের স্থুল আনুভূমিকা কান্ড প্রবৃদ্ধিশীল বা ফুল যুক্ত; চিকোরি উদ্ভিদ এবং Customs Act এর First Schedule এর Heading No. 12.12 এর আওতাধীন মূলসমূহ ব্যতীত অন্যান্য মূল |
| ০৬.০২ | " | অন্যান্য জীবন্ত উদ্ভিদ (মূলসহ), কাটিং এবং টুকরা; মাশরুমের চারা |
| ০৭.০১ | ০৭০১.১০.৯০<br>০৭০১.৯০.১৯<br>০৭০১.৯০.২৯ | আলু, তাজা অথবা ঠান্ডা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৭.০২ | ০৭০২.০০.১৯<br>০৭০২.০০.২৯ | টমেটো, তাজা অথবা ঠান্ডা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৭.০৩ | ০৭০৩.১০.১৯<br>০৭০৩.১০.২৯<br>০৭০৩.২০.৯০<br>০৭০৩.৯০.৯০ | পেঁয়াজ, শ্যালট, রসুন, লিকস্‌ এবং অন্যান্য এই জাতীয় শাকসব্জি, তাজা অথবা ঠান্ডা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৭.০৪ | ০৭০৪.১০.৯০<br>০৭০৪.২০.৯০<br>০৭০৪.৯০.৯০ | বাঁধাকপি, ফুলকপি ও মাথাযুক্ত ব্রকলি, কোহিলাভি, কেইল এবং এই জাতীয় ভোজ্য ব্রাসিকাস, তাজা অথবা ঠান্ডা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৭.০৫ | ০৭০৫.১১.৯০<br>০৭০৫.১৯.৯০<br>০৭০৫.২১.৯০<br>০৭০৫.২৯.৯০ | লেটুস এবং চিকোরি, তাজা অথবা ঠান্ডা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৭.০৬ | ০৭০৬.১০.৯০<br>০৭০৬.৯০.৯০ | গাজর, শালগম, সালাদ বিটমুল, স্যালসিফাই, সেলেরিয়াক, মুলা এবং এই জাতীয় ভোজ্য মুল, তাজা অথবা ঠান্ডা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৭.০৭ | ০৭০৭.০০.৯০ | শসা এবং ক্ষীরা, তাজা অথবা ঠান্ডা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৭.০৮ | ০৭০৮.১০.৯০<br>০৭০৮.২০.৯০<br>০৭০৮.৯০.৯০ | শিম্বাকার শাকসজি, খোলসযুক্ত অথবা খোলস ছাড়ানো, তাজা অথবা ঠান্ডা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৭.০৯ | ০৭০৯.২০.৯০<br>০৭০৯.৩০.৯০<br>০৭০৯.৪০.৯০<br>০৭০৯.৫১.৯০<br>০৭০৯.৫৯.৯০<br>০৭০৯.৬০.১৯<br>০৭০৯.৬০.৯৯<br>০৭০৯.৭০.৯০<br>০৭০৯.৯১.৯০<br>০৭০৯.৯২.৯০<br>০৭০৯.৯৩.৯০<br>০৭০৯.৯৯.৯০ | অন্যান্য শাকসজি, তাজা অথবা ঠান্ডা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৭.১০ | ০৭১০.১০.৯০<br>০৭১০.২১.৯০<br>০৭১০.২২.৯০<br>০৭১০.২৯.৯০<br>০৭১০.৩০.৯০<br>০৭১০.৪০.৯০<br>০৭১০.৮০.৯০<br>০৭১০.৯০.৯০ | সব্জি (বাষ্পায়িত বা গরম পানিতে ফোটানোর মাধ্যমে রন্ধনকৃত হউক বা না হউক), হিমায়িত (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৭.১২ | ০৭১২.২০.৯০<br>০৭১২.৩১.৯০<br>০৭১২.৩২.৯০<br>০৭১২.৩৩.৯০<br>০৭১২.৩৯.৯০<br>০৭১২.৯০.১০<br>০৭১২.৯০.৯৯ | শুকনা শাকসবজি, সম্পূর্ণ, কর্তিত, ফালি, খন্ডিত বা গুড়া, কিন্তু উহার চাইতে অধিক প্রস্তুতকৃত নহে (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৭.১৩ | ০৭১৩.১০.৯০<br>০৭১৩.২০.৯০<br>০৭১৩.৩১.৯০<br>০৭১৩.৩২.৯০<br>০৭১৩.৩৩.৯০<br>০৭১৩.৩৪.৯০<br>০৭১৩.৩৫.৯০<br>০৭১৩.৩৯.৯০<br>০৭১৩.৪০.৯০<br>০৭১৩.৫০.৯০<br>০৭১৩.৬০.৯০<br>০৭১৩.৯০.৯০ | শুকনা শিম্বাকার শাকসব্জি খোলস বা খোসা ছাড়ানো অথবা দ্বিখন্ডিত হউক বা না হউক (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৭.১৪ | ০৭১৪.১০.৯০<br>০৭১৪.২০.৯০<br>০৭১৪.৩০.৯০<br>০৭১৪.৪০.৯০<br>০৭১৪.৫০.৯০<br>০৭১৪.৯০.১৯<br>০৭১৪.৯০.৯৯ | ম্যানিওক, অ্যারারুট, সালেপ, জেরুজালেম ডাঁটাগাছ (Artichokes), মিষ্টি আলু এবং সমজাতীয় মুল এবং কন্দ, উচ্চ শর্করা বা ইনসুলিন উপাদানযুক্ত, তাজা অথবা শুকনা, ফালি অথবা ক্ষুদ্র দলার আকৃতির হউক বা না হউক; সাগু তরুমজ্জা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৮.১৩ | ০৮১৩.১০.৯০<br>০৮১৩.২০.৯০<br>০৮১৩.৩০.৯০<br>০৮১৩.৪০.৯০<br>০৮১৩.৫০.১৯<br>০৮১৩.৫০.৯৯ | ০৮.০১ হইতে ০৮.০৬ শ্রেণীভূক্ত ফল ব্যতীত অন্যান্য শুকনা ফল, Customs Act এর First Schedule এর Chapter 8 এর অন্তর্ভুক্ত বাদাম অথবা শুকনা ফলসমূহের মিশ্রণ (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৯.০৪ | ০৯০৪.১১.৯০<br>০৯০৪.২১.৯০<br>০৯০৪.২২.৯০ | গোল মরিচ, চূর্ণ অথবা দলানো নহে (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৯.০৫ | ০৯০৫.১০.৯০<br>০৯০৫.২০.৯০ | ভ্যানিলা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৯.০৬ | ০৯০৬.১১.৯০<br>০৯০৬.১৯.৯০ | দারুচিনি এবং দারুচিনি গাছের ফুল, চূর্ণ বা দলানো নহে (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ০৯.০৭ | ০৯০৭.১০.৯০<br>০৯০৭.২০.৯০ | লবঙ্গ (সম্পূর্ণ ফল, লবঙ্গ বা কান্ড) (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৯.০৮ | ০৯০৮.১১.৯০<br>০৯০৮.১২.৯০<br>০৯০৮.২১.৯০<br>০৯০৮.২২.৯০<br>০৯০৮.৩১.৯০<br>০৯০৮.৩২.৯০ | জায়ফল, জৈত্রী, এলাচী (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৯.০৯ | ০৯০৯.২১.৯০<br>০৯০৯.২২.৯০<br>০৯০৯.৩১.৯০<br>০৯০৯.৩২.৯০<br>০৯০৯.৬১.৯০<br>০৯০৯.৬২.৯০ | মৌরী অথবা ব্যাডিয়ান, ফেনেল, ধনিয়া, জিরা, শা-জিরা বা জুনিপার (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ০৯.১০ | ০৯১০.১১.৯০<br>০৯১০.১২.৯০<br>০৯১০.২০.৯০<br>০৯১০.৩০.৯০<br>০৯১০.৯১.৯১<br>০৯১০.৯১.৯৯<br>০৯১০.৯৯.৯০ | আদা, জাফনার, হলুদ, থাইম, তেজপাতা, কারি এবং অন্যান্য মসলা (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১০.০১ | ১০০১.১১.৯০<br>১০০১.১৯.৯০<br>১০০১.৯১.৯০<br>১০০১.৯৯.৯০ | গম এবং মেসলিন (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১০.০২ | ১০০২.১০.১০<br>১০০২.১০.৯০<br>১০০২.৯০.৯০ | রাই |
| ১০.০৩ | ১০০৩.১০.১০<br>১০০৩.১০.৯০<br>১০০৩.৯০.৯০ | বার্লি |
| ১০.০৪ | ১০০৪.১০.১০<br>১০০৪.১০.৯০<br>১০০৪.৯০.৯০ | জই |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ১০.০৫ | ১০০৫.১০.১০<br>১০০৫.১০.৯০<br>১০০৫.৯০.১০<br>১০০৫.৯০.৯০ | ভুট্টা |
| ১০.০৬ | ১০০৬.১০.১০<br>১০০৬.১০.৯০ | ধান |
| ১০.০৭ | ১০০৭.১০.১০<br>১০০৭.১০.৯০<br>১০০৭.৯০.৯০ | সোরঘাম শস্য |
| ১০.০৮ | ১০০৮.১০.৯০<br>১০০৮.২১.৯০<br>১০০৮.২৯.৯০<br>১০০৮.৩০.৯০<br>১০০৮.৪০.৯০<br>১০০৮.৫০.৯০<br>১০০৮.৬০.৯০<br>১০০৮.৯০.৯০ | বাজরা, ভুট্টা, ক্যানারাই বীজ; অন্যান্য খাদ্যশস্য (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১২.০১ | ১২০১.১০.৯০<br>১২০১.৯০.৯০ | সয়াবিন, চূর্ণ অথবা অচূর্ণ (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১২.০২ | ১২০২.৩০.৯০<br>১২০২.৪১.৯০<br>১২০২.৪২.৯০ | চীনা বাদাম, খোলস বা খোলসবিহীন, ভাজা নয় অথবা অন্যভাবে রন্ধনকৃত নহে (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১২.০৪ | ১২০৪.০০.৯০ | তিসি, ভাঙ্গা হউক বা না হউক (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১২.০৫ | ১২০৫.১০.৯০<br>১২০৫.৯০.৯০ | স্বর্ষপ (Rape seed) অথবা কোলযা বীচ, চূর্ণ অথবা অচূর্ণ (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১২.০৬ | ১২০৬.০০.৯০ | সূর্যমুখী ফুলের বীজ, চূর্ণ অথবা অচূর্ণ (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১২.০৭ | ১২০৭.১০.৯০<br>১২০৭.২১.৯০<br>১২০৭.২৯.৯০<br>১২০৭.৩০.৯০<br>১২০৭.৪০.৯০<br>১২০৭.৫০.৯০<br>১২০৭.৬০.৯০<br>১২০৭.৭০.৯০<br>১২০৭.৯১.৯০<br>১২০৭.৯৯.৯০ | অন্যান্য তৈল বীজ এবং তৈল যুক্ত ফল, চূর্ণ অথবা অচূর্ণ (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ১২.০৯ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | বপনের জন্য ব্যবহৃত বীজ, ফল এবং সমজাতীয় বীজগুটি |
| ১২.১০ | ১২১০.১০.৯০ | তাজা অথবা শুকনা হপ কোণ, দলানো, গুড়া, ক্ষুদ্র বড়ির বা লুপুলিন আকারের নহে (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১২.১১ | ১২১১.২০.৯০<br>১২১১.৩০.৯০<br>১২১১.৪০.৯০<br>১২১১.৯০.১৯<br>১২১১.৯০.২৯<br>১২১১.৯০.৯৯ | বৃক্ষ অথবা বৃক্ষের অংশ (বীজ এবং ফলসহ), মুলতঃ সুগন্ধি তৈরী, ঔষধ তৈরী অথবা কীট-পতঙ্গ ও ছত্রাক বিনাশ অথবা সমজাতীয় কাজে ব্যবহৃত হয়, তাজা অথবা শুকনা, কর্তিত, চূর্ণ অথবা গুড়া হউক বা না হউক (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১২.১২ | ১২১২.২১.১৯<br>১২১২.২৯.১৯<br>১২১২.৯১.৯০<br>১২১২.৯২.৯০<br>১২১২.৯৩.৯০<br>১২১২.৯৪.৯০<br>১২১২.৯৯.৯০ | লেকোস্ট সীম,সামুদ্রিক আগাছা এবং অন্যান্য সমুদ্র শৈবাল, সুগার বীট এবং ইক্ষু, তাজা অথবা শুকনা, দলানো হউক বা না হউক; ফ্রুট স্টোন এবং কারনেল এবং অন্যান্য সব্জি জাতীয় পণ্যসহ (চিকোরিয়াম ইনটাইবাস স্যাটিভাম) ধরনের ভাজা নয় এইরূপ চিক্যারি মূল্যসমূহ প্রাথমিকভাবে মানুষের ভোগের জন্য ব্যবহৃত অন্যত্র বর্ণিত নহে অথবা অন্তর্ভুক্ত নয় (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১২.১৩ | ১২.১৩.০০.৯০ | খাদ্যশস্যের খড়কুটা এবং খোসা, কোনভাবে প্রক্রিয়াজাত নহে, কর্তিত দলিত, পিষ্ট অথবা ক্ষুদ্র বড়ির আকারে হউক বা না হউক (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১২.১৪ | ১২১৪.১০.৯০<br>১২১৪.৯০.৯০ | সুইডস, ম্যাংগোল্ডস, পশু খাদ্যের জন্য গাছের মূল, খড়, লুসেরন (আলফালফা), ক্লোভার, সেইনফয়েন, ফরেজ কেইল, লুপাইন, ভেট্চ ও অন্যান্য সমজাতীয় পশু খাদ্য, বড়ি আকারে হউক বা না হউক (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ১৩.০১ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | লাক্ষা; প্রাকৃতিক গাম, রজন, গাম-রজন এবং সুগন্ধ বৃক্ষ নির্যাস |
| ১৩.০২ | " | শাকসব্জির রস এবং নির্যাস, পেকটিক জাতীয় পদার্থসমূহ পেকটিনেট এবং পেকটেট; শাকসব্জি জাতীয় পণ্য হইতে প্রাপ্ত আগার-আগার এবং অন্যান্য বৃক্ষজ আঠা বিশেষ গুণাগুণ পরিবর্তিত হউক বা না হউক |
| ১৪.০১ | " | শাকসব্জি সামগ্রী প্রাথমিকভাবে বিনুনির জন্য ব্যবহৃত (যথা বাঁশ, বেত, বেণু-বাঁশ, নলখাগড়া, উইলো গাছের ডাল, রেফিয়া, পরিষ্কার, শুভ্র অথবা রং করা, খাদ্যশস্যের খড়কুটা এবং গাছের আঠালো ছাল) |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| ১৪.০৪ | ১৪০৪.২০.৯০<br>১৪০৪.৯০.১৯<br>১৪০৪.৯০.৯৯ | অন্যত্র বর্ণিত অথবা অন্তর্ভুক্ত নয় এইরূপ শাক-সব্জির তৈরী সামগ্রী (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ২৩.০১ | ২৩০১.১০.৯০<br>২৩০১.২০.১০<br>২৩০১.২০.৯০ | মাছ বা খোলকযুক্ত জলজ প্রাণী, শামুক বা অমেরুদণ্ডী জলজ উদ্ভিদ বা প্রাণীর মাংস বা নাড়িভুড়ির ময়দা শস্যচূর্ণ ময়দা, মানুষের ভোগের অযোগ্য: গলিত চর্বির গাদ (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) |
| ২৩.০৮ | ২৩০৮.০০.০০ | অন্যত্র বর্ণিত বা অন্তর্ভুক্ত হয় নাই এমন গবাদি পশুর খাদ্য হিসাবে ব্যবহৃত সব্জি সামগ্রী ও সব্জির বর্জিত অংশ, শাক-সব্জির অবশিষ্টাংশ ও উহার উপজাত, দলার আকারে হউক বা না হউক |
| ২৫.০৫ | ২৫০৫.১০.০০ | প্রাকৃতিক বালি, সকল প্রকার রং করা হউক বা না হউক; Customs Act এর First Schedule এর Chapter 26 এ শ্রেণীভুক্ত নহে এমন ধাতু আশ্রিত বালি |
| ৪০.০১ | ৪০০১.৩০.০০ | প্রাথমিক অবস্থায় অথবা প্লেট, শিট বা কাটা টুকরার অবস্থায় রক্ষিত, বালাটা, গাটাপার্চা, গাইয়ুল, চিকল এবং সমজাতীয় প্রাকৃতিক আঠা |
| ৪১.০১ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | গবাদি পশু বা অশ্বতুল্য পশুর কাঁচা চামড়া (তাজা অথবা লবণাক্ত, শুকনা, চূর্ণ দ্বারা পরিষ্কৃত বা অন্যভাবে সংরক্ষিত, কিন্তু পাকা করা নহে লিখা বা অনুরূপ কাজের উপযোগী নহে বা পরবর্তী পর্যায়ের জন্য প্রস্তুত এইরূপ নহে), লোম উঠানো অথবা কর্তিত হউক বা না হউক |
| ৪১.০২ | " | ভেড়া বা ভেড়ার বাচ্চার কাঁচা চামড়া (তাজা অথবা লবণাক্ত, শুকনা, চূর্ণ বা এসিড দ্বারা পরিষ্কৃত বা অন্যভাবে সংরক্ষিত, কিন্তু পাকা করা নহে লিখা বা অনুরূপ কাজের উপযোগী নহে বা পরবর্তী পর্যায়ের জন্য প্রস্তুত এইরূপ নহে), পশমযুক্ত অথবা কর্তিত হউক বা না হউক, সামঞ্জস্যপূর্ণ নামকরণ পদ্ধতির উপর ভিত্তি করিয়া Customs Act এর First Schedule এর Chapter 41 এর Note 1(c) হইতে যাহা বাদ দেওয়া হইয়াছে তাহা ব্যতীত |
| ৪১.০৩ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | অন্যান্য পশুর কাঁচা চামড়া (তাজা অথবা লবণাক্ত, শুকনা, চূর্ণ বা এসিড দ্বারা পরিষ্কৃত বা অন্যভাবে সংরক্ষিত, কিন্তু পাকা করা নহে লিখা বা অনুরূপ কাজের উপযোগী নহে বা পরবর্তী পর্যায়ের জন্য প্রস্তুত এইরূপ নহে), লোমযুক্ত অথবা কর্তিত হউক |

| শিরনামা সংখ্যা (Heading No) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| | | বা না হউক, সামঞ্জস্যপূর্ণ নামকরণ পদ্ধতির উপর ভিত্তি করিয়া Customs Act এর First Schedule এর Chapter 41 এর Note 1(b) or 1(c) হইতে যাহা বাদ দেওয়া হইয়াছে তাহা ব্যতীত |
| ৪৩.০১ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | পশুর পশমযুক্ত কাঁচা চামড়া (মাথা, লেজ, থাবা এবং অন্যান্য খণ্ডিত অংশ বা টুকরা, পশমী পোশাক তৈরীতে ব্যবহারের উপযুক্ত), ৪১.০১, ৪১.০২ অথবা ৪১.০৩ শিরনামভুক্ত কাঁচা চামড়াসমূহ ব্যতীত |
| ৪৪.০১ | ৪৪০১.১০.০০ | জ্বালী কাঠ, গুড়ি, বিলেট, ডাল, ফ্যাগাট বা অনুরূপ আকৃতি সম্পন্ন কাঠ |
| | ৪৪০১.৩১.০০<br>৪৪০১.৩৯.০০ | কাঠের ফালি বা কণা, কাঠের গুড়ি ও কাঠের বর্জ্য এবং বর্জিতাংশ, গুড়ি, ব্রিকেট, পেলেট বা অনুরূপ আকৃতিতে পিণ্ডিভূত হউক বা না হউক |
| ৪৪.০৩ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | অমসৃণ (rough) কাঠ, ছাল, ছাড়ান হউক বা না হউক অথবা চেরাই কাঠ অথবা সাধারণভাবে চারকোণাকৃতি |
| ৪৫.০১ | " | প্রাকৃতিক ছিপি, কাঁচা অথবা সাধারণভাবে প্রস্তুতকৃত; ব্যবহার অযোগ্য ছিপি চূর্ণ, কণিকাকার অথবা দলানো ছিপি |
| ৫০.০১ | " | রেশম গুটি পাকাইবার উপযোগী |
| ৫১.০১ | " | উল, পরিস্কৃত বা আঁচড়ানো (combed) নহে |
| ৫১.০২ | " | পশুর লোম, সুক্ষ্ম বা মোটা, পরিস্কৃত বা আঁচড়ানো নহে |
| ৫১.০৪ | " | উল, বা সুক্ষ্ম অথবা মোটা পশুর লোমের গারনেটকৃত স্টক |
| ৫২.০১ | " | তুলা, পরিষ্কার বা আঁচড়ানো ব্যতীত |
| ৫৩.০৩ | ৫৩০৩.১০.০০ | কাঁচা পাট ।] |

[১]দ্বিতীয় তফসিল

(ধারা ৩ দ্রষ্টব্য)

**মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ**

(অর্থ আইন, ২০১২ এর ধারা ৮৬ দ্বারা প্রতিস্থাপিত)

**১। জীবন ধারণের জন্য মৌলিক সেবা ঃ**

(ক) কৃষি জমি প্রস্তুতকরণ ও কর্ষণ ;

(খ) কৃষি জমিতে সেচ প্রদান ;

(গ) কৃষি জমিতে পোকামাকড় এবং বালাইনাশকারী কর্মকাণ্ড ;

(ঘ) কৃষি পণ্য সংরক্ষণ বা গুদামজাতকরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত) ;

(ঙ) খাদ্য শস্য শাক-সজি ইত্যাদির কর্তন বা বাছাই বা মোড়কজাতকরণ;

(চ) কৃষি বীজ সংরক্ষণ ও বিতরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত);

(ছ) পশু-পাখির মাংস সংরক্ষণ বা গুদামজাতকরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত) ;

(জ) মৎস্য, জলজপ্রাণী ও জলজসম্পদ আহরণ ;

(ঝ) মৎস্য, জলজপ্রাণী ও জলজসম্পদ সংরক্ষণ বা গুদামজাতকরণ (হিমাগার ও পণ্যাগার ব্যতীত)।

**২। সমাজ কল্যাণমূলক সেবা ঃ**

(ক) সরকার কর্তৃক প্রদত্ত চিকিৎসা ও স্বাস্থ্য সেবা;

(খ) বেসরকারী পর্যায়ে প্রদত্ত চিকিৎসা ও স্বাস্থ্য সেবা;

(গ) সরকার কর্তৃক প্রদত্ত শিক্ষা ও প্রশিক্ষণ;

(ঘ) পরিবেশ দূষণরোধকারী কার্যক্রম;

(ঙ) ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় এমন পুনর্বাসনমূলক কার্যক্রম;

(চ) ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় এমন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম;

(ছ) বয়স্ক নিবাস/পুনর্বাসন কেন্দ্র ও চাইল্ড কেয়ার প্রতিষ্ঠান;

(জ) সরকারের অর্থায়নে পরিচালিত গবেষণা কার্যক্রম (কনসালট্যান্সী ফার্ম ও সুপারভাইজারী ফার্ম ও জরিপ সংস্থা ব্যতীত)।

**৩। সংস্কৃতি সংশ্লিষ্ট সেবা ঃ**

(ক) রেডিও ও টেলিভিশন সম্প্রচার (ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও ও অডিও রেকর্ডিং সপ, বিজ্ঞাপনী সংস্থা, বিজ্ঞাপন প্রচারণা এবং উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী ব্যতীত);

(খ) পুস্তক, সংবাদপত্র, ম্যাগাজিন ও সরকারী গেজেট ছাপা ও প্রকাশনা (ছাপাখানা ও বাঁধাই সংস্থা ব্যতীত);

(গ) শিল্পকর্ম, সাংস্কৃতিক কর্মকাণ্ড, অপেশাদারী খেলাধুলা, অপেশাদারী ক্রীড়া প্রতিযোগিতা (খেলাধুলার আয়োজক, চলচ্চিত্র স্টুডিও, চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) ও চলচ্চিত্র পরিবেশক ব্যতীত);

(ঘ) লাইব্রেরী, সকল প্রকার যাদুঘর, আর্টগ্যালারী, চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন এর প্রবেশ মূল্য (ইজারাদার ব্যতীত);

---

[১] অর্থ আইন, ২০১২ (২০১২ সনের ২৬ নং আইন) এর ধারা ৮৬ দ্বারা দ্বিতীয় তফসিলের পরিবর্তে নূতন দ্বিতীয় তফসিল প্রতিস্থাপিত।

(ঙ) সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনকারী প্রতিষ্ঠান (কমিউনিটি সেন্টার, বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃকিত অনুষ্ঠানের আয়োজক, খেলাধুলার আয়োজক, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ব্যতীত);

(চ) শ্যুটিং ক্লাব, সকল প্রকার সামাজিক সাংস্কৃতিক ও খেলাধুলা বিষয়ক ক্লাব (ইজারাদার এবং হোটেল ও রেস্তোরাঁ, ডেকোরেটরস ও ক্যাটারার্স, কমিউনিটি সেন্টার, মিষ্টান্নভান্ডার, প্রেক্ষাগৃহ, বিউটি পার্লার, হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী, অডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও অডিও রেকর্ডিং সপ, যে সকল সামাজিক ক্লাবের সদস্য ফি ১০০০০ টাকার উর্ধ্বে, ঐ সকল ক্লাব ব্যতীত);

(ছ) কৃষি পণ্য বা উদ্যান বা খামার, পশু-পাখি, মৎস, জলজ প্রাণী ও জলজ সম্পদ, বনজ প্রাণী ও বনজ সম্পদ, শিল্প, সাহিত্য, প্রযুক্তি, প্রকৌশল ইত্যাদি বিষয়ক মেলা ও প্রদর্শনীর প্রবেশ ফি (ইজারাদার এবং হোটেল ও রেস্তোরাঁ, ডেকোরেটর ও ক্যাটারিং, কমিউনিটি সেন্টার, মিষ্টান্নভান্ডার, প্রেক্ষাগৃহ, বিউটি পার্লার, হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার, শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী এর সুবিধা প্রদান ব্যতীত)।

**৪। অর্থ ও আর্থিক বিষয় সংশ্লিষ্ট সেবা ঃ**

(ক) ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক আমানত (deposit) ও সঞ্চয় (savings) গ্রহণ;

(খ) জীবন বীমা পলিসি;

(গ) স্টক ও সিকিউরিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান।

**৫। পরিবহন সেবা ঃ**

